# ডক্টর মিত্ কুমুদ

শ্রীনবকুমার পত্রাই

# ডক্টর মিস্ কুমুদ

কমেডি )


শ্রীঅয়স্কান্ত বক্সী

শ্রী[illegible]


রঙমহল ঘূর্ণায়মান রঙ্গমঞ্চে

—প্রথম অভিনয়—

বুধ-বাসরে,

৫ই জুলাই ১৯৩৯

রাত্রি ৮ ঘটিকায়


গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স্

২০৩।১।১, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা

দাম : একটাকা

UJPL
G2067

গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্সের পক্ষে ভারতবর্ষ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে
শ্রীগোবিন্দপদ ভট্টাচার্য্য দ্বারা মুদ্রিত ও প্রকাশিত
২০৩।১।১, কর্ণওয়ালিস ষ্ট্রীট্, কলিকাতা

নাট্যকার—

শ্রীযুক্ত শচীন্দ্রনাথ সেনগুপ্ত

করকমলেষু—

[illegible]

# নিবেদন

শ্রদ্ধেয় নাট্যকার শ্রীযুক্ত শচীন্দ্রনাথ সেনগুপ্ত মহাশয়কেই সর্ব্বাগ্রে আমার শ্রদ্ধা নিবেদন করি—যাঁর ঐকান্তিক আগ্রহ ব্যতীত এই নাটক মঞ্চস্থ হওয়া সম্ভবপর হ'ত না।

তাঁর পরেই—আমার ঋণ তাঁর কাছে অপরিশোধ্য যিনি এই নাটককে মঞ্চস্থ হবার সুবিধা দান করেছেন। তিনি রঙমহলের সুযোগ্য প্রযোজক শ্রীযুক্ত প্রভাত সিংহ মহাশয়। অপরিসীম যত্ন ও ক্লেশে তিনি এই নাটকের প্রাণ প্রতিষ্ঠা করেছেন।

সুপ্রসিদ্ধ নট ও পরিচালক শ্রীযুক্ত দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় এই নাটকের পরিচালনা ভার গ্রহণ করে আমাকে কৃতজ্ঞতাপাশে বদ্ধ করেছেন।

নাটকের পাঁচটি গান রচনা করেছেন সুকবি শ্রীযুক্ত শৈলেন রায় ও অপর দুটি,—যথাক্রমে—"ধন্য রঙ্গ" ও "কতক লোকের কথায়" গান রচনা করেছেন প্রসিদ্ধ সুর-শিল্পী শ্রীযুক্ত তুলসী লাহিড়ী মহাশয়। সমস্ত গানগুলির সুর সংযোজনাও করেছেন তিনি। তাঁদের কাছে আমি কৃতজ্ঞ।

রঙমহলের কৃতিশিল্পীবন্ধুগণ এই নাটকের অভিনয়ে সহায়তা করে আমাকে ধন্য করেছেন। বিশেষ করে, শ্রীযুক্ত ভূমেন রায় ও শ্রীমতী শান্তি গুপ্তা যে পরিশ্রমে অল্প সময়ে এই নাটকের প্রধান দুটী ভূমিকায় রূপ সৃষ্টি করেছেন—তা সত্যই প্রশংসনীয়। সর্ব্বশেষে, আমার ঋণের ফিরিস্তি শেষ করি শ্রীযুক্ত রথীন্দ্র সেন মহাশয়কে ধন্যবাদ দিয়ে, যিনি বহুযত্নে এই নাটকের প্রুফ সংশোধন ক'রে দিয়েছেন। ইতি—

৫৪নং গ্রে ষ্ট্রীট

কলিকাতা

শ্রীঅয়স্কান্ত বক্সী

# ডক্টর মিস্ কুমুদ

## প্রথম দৃশ্য

### কারমাটার বিন্ধ্যাচল নিবাস।

ড্রইং রুম। একখানি নাতিবৃহৎ কক্ষ। পশ্চাতের দেওয়ালে সার্শী দেওয়া একটি বৃহৎ দরজা—দুই পার্শ্বে দুইটি সার্শী দেওয়া জানালা। দক্ষিণের দেওয়ালে ফুটলাইটের পার্শ্বেই একটি দরজা—দেওয়ালের প্রায় শেষ দিকে একটি বাঁকা সিঁড়ি দোতালায় উঠিয়া গিয়াছে। বামদিকের দেওয়ালের সম্মুখভাগে একটি দরজা। পশ্চাতের দেওয়ালের দরজার বাহিরে বারান্দা···তাহারও পশ্চাতে একটি উদ্যান দৃশ্য।···সন্ধ্যা।···বাহিরে দুর্য্যোগের লক্ষণ · বৃষ্টি পড়িতেছে। ঘরটি ঈষৎ অন্ধকার।...

উপরের সিঁড়ি হইতে দেখা যায় নামিতেছে বংশীর মা। তাহার পরণে থান ধুতি। বংশীর মা দ্রুত নামিয়া ঘরের মধ্যভাগে আসিতেই পশ্চাতের দরজা ঠেলিয়া প্রবেশ করে হ্যাট কোট রেইন কোটে দেহ আবৃত করিয়া···হস্তে সুটকেশ লইয়া সমীরণ। ···সেই নূতন অপরিচিত গৃহের অন্ধকার কক্ষে প্রবেশ করিয়া চারিদিকে চাহিতে চাহিতে অগ্রসর হইতেই সংঘর্ষ হয় ঘরের মধ্যভাগে বংশীর মার সহিত। হাত হইতে তাহার সুটকেশ পড়িয়া যায়···বংশীর মা লজ্জা ও বিস্ময়ে মাথায় ঘোমটা টানিয়া সরিয়া দাঁড়ায়।...

বংশীর মা। ওমা!

সমীরণ অপ্রস্তুত ভাবে ইতস্তত করিয়া প্রশ্ন করে

সমীরণ। বর্গীয় 'জ' আসেনি?

বংশীর মা। কে?

সমীরণ। বর্গীয় 'জ'—বর্গীয় 'জ'? ওই, মানে জীবন জীবন আর তার স্ত্রী ইলা দেবী আসেনি?

বংশীর মা। না।···আপনি?

সমীরণ। আমি হচ্ছি তাঁদের বন্ধু। আমাকে এখানে আসবার জন্যে নেমন্তন্ন করেছিল কিনা। তা বর্গীয় "জ"···

বংশীর মা। কে?

সমীরণ। ওই তিনি, সে যে লিখেছিল আজই এসে এখানে পৌঁছবে।

বংশীর মা। কৈ? তেনারাত কেউ এখনও আসেননি!

সমীরণ। ও! আর তাঁরা বুঝি আজ সকালেই গেছেন?

বংশীর মা। কে?

সমীরণ। ওই যে শূলিশম্ভু···নানা, ঐ হর—হ্যাঁ, হরশঙ্করবাবু আর তাঁর স্ত্রী করাল বদনী—

বংশীর মা। কারা?

সমীরণ। ঐ যে যাঁদের বাড়ী, তাঁদের ত আজ কলকাতায় যাবার কথা?

বংশীর মা। হৃদয়বল্লভবাবুর কথা বলছেন বুঝি?

সমীরণ। হ্যাঁ, হ্যাঁ, অবিকল। তাঁরা যাননি?

বংশীর-মা। ওমা! তেনারাত আসবেন। তা তেনারা কাল সকালে আসবেন।

সমীরণ। তবে যে বর্গীয় 'জ' লিখেছিল—রাখ রাখ—

রেইন কোট খুলিয়া পকেট হইতে ম্যাগাজিন বই প্রভৃতি বাহির করিয়া টেবিলে রাখিল ··অপর পকেট হইতে চিঠি বাহির করিয়া

সর্ব্বনাশ! শুনুন, চিঠিতে কি লিখেছে—

My dear দন্ত্য 'স'।—

"ভাই, বহুদিন তোমার কদাকার মুখখানা দেখিনি···বোধহয়—"

Dam't। তার পর শুনুন, "ডাক্তারের বিধানে আগামী শুক্রবার সকালে এক কেশ ওষুধসহ কারমাটার অভিমুখে রওনা হইতেছি। জান বোধহয়, আমার স্ত্রী আবিবাহ অম্লশূল, পিত্তশূল, যমশূল, মঘা, তেরোস্পর্শ প্রভৃতি রোগে ভুগিতেছে। আমার শ্বশুর সম্পর্কে আত্মীয় শ্রীযুক্ত শূলিশম্ভু কিম্বা হরশঙ্করবাবু ও তাঁর স্ত্রী শ্রীমতী বিন্ধ্যাচল বাসিনী দেব্যা কৃপাপরবশ বাড়ীখানি এক মাসের জন্য দিয়াছেন। তাঁরা ঐ দিন প্রাতে কলিকাতা অভিমুখে রওনা হইবেন।"

দেখছেন, ভণ্ডুলরাজ সবই ভুল করে বসে আছেন! চিঠিতে যিনি ছিলেন শূলিশম্ভু এখানে হলেন হৃদয়বল্লভ, তারপর আমার কথাটা যাওয়া-এর পরেও না জানি কি আছে ভাগ্যে। তা ডাক্তারবাবু আসেননি?

বংশীর-মা। ডাক্তার?

সমীরণ। হ্যাঁ, হ্যাঁ, ডাক্তার মৈত্র জীবনের সহপাঠী, সহকর্ম্মী—

বংশীর-মা। কৈ—তেনার কথাত কিছু লেখেননি।

সমীরণ। কিন্তু, আমায় যে লিখেছেন—

বংশীর-মা। তিনিও আসবেন বুঝি? তা, সবশুদ্ধ কজন আসবেন বলতে পারেন কি? তাই বুঝে খাবার জোগাড় রাখব।

সমীরণ। যতজন আসবেন তার ওপর কিছু ফাউ ধরে রাখলে মন্দ হয়না। তা চাকরটা—

বংশীর-মা। মালীটা বিকেল থেকে মরেছে!

সমীরণ। তবে ঝি!...

বংশীর মা মারমুখী হইয়া

বংশীর-মা। ঝি আবার কে? আমিত বামুনের মেয়ে।

সমীরণ। হা—হা—হা। ও—বামুন মা—বামুন মা। তা কিছু মনে মনে করবেন না।

বংশীর-মা। দেখ, বুঝেসুঝে কথা কও বলছি। আমি ভদ্দর লোকের মেয়ে।

সমীরণ। না না না! আমি কি তা অস্বীকার করছি? আপনার চেহারা ভদ্দর, আপনার কথাবার্ত্তা ভদ্দর, আপনার ঘোমটা ভদ্দর, আপনার যাবতীয় সব ভদ্দর—আপনার সাত পুরুষ ভদ্দর—

বংশীর-মা। ওমা! বলে কি গো! মোটে সাত পুরুষ!

সমীরণ। না না না, আপনি পুরুষানুক্রমে অর্থাৎ আপনি মহিলানুক্রমে ভদ্রা।

দ্বারে করাঘাত শব্দ শ্রুত হইল

আর ভয় নেই—ওই আমার বন্ধুবর এসে পড়েছেন।

সে ছুটিয়া বাহিরে গেল ও পরক্ষণেই টেলিগ্রাম হস্তে প্রবেশ করিল। টেলিগ্রাম পড়িল

"Reaching next morning—wife ill অর্থাৎ আজ আসিবনা; স্ত্রীর অসুখ। হায় রে! মরা—তেরোস্পর্শ আর সময় পেলেনা! এক কেশ ওষুধের মধ্যে ডাক্তার মৈত্রের সাম্নে এখানে এসে শয্যাশায়ী হলে কি অসুবিধাটা হ'ত!

বংশীর-মা। ওঁনারা ত কেউ এলেননা—এখন,—

সমীরণ। একজন পুরুষের সঙ্গে খালি বাড়ীতে ভদ্রলোকের মেয়ে কোনমতেই থাকতে পারেনা—থাকা উচিত নয়—থাকবেনা। আপনি যেতে পারেন।

বংশীর-মা। বাড়ী, ঘর, দোর—

সমীরণ। সে জন্যে ভাবনা নেই। আমি আছি—আত্মবৎ সর্ব্বভূতেষু। ······কিন্তু খাবার দাবার?

বংশীর-মা। জন চারেকের খাবার ঢাকা আছে হেঁসেলে।

প্রস্থানোদ্যত

সমীরণ। আচ্ছা। কিন্তু, বাইরে যে দুর্য্যোগ একটা ছাতা নিলে ভাল হ'ত। নইলে—

অতিশয় লজ্জায় ঘোমটা টানিয়া

বংশীর-মা। ওমা! মেয়ে মানুষ ছাতা নেবে কি গো!

প্রস্থান

সমীরণ। যাক্—এইবার জামা কাপড় বদলে নেওয়া যাক।

দর্শকগণের প্রতি

Excuse me gentlemen. A few minutes for a change. Cheer you !

প্রস্থান

সভয়ে চারিদিকে চাহিয়া প্রবেশ করিল কাণাকড়ি গাঁটকাটা। মুখে তার একমুখ দাড়ী—কপালে তিলক—এক পা খোঁড়া—এক চোখ কাণা

কাণাকড়ি। মালীটারে ত গাঁজ্যা খাওইয়ে বিকাল থিকেই কাবু করছি। বামুন ঠাকরুণরিও ত গ্যাখ্‌লাম সরলেন। কারেও ত দেখিনা! তবে কি হাওয়া খাওয়া বাবুরা অ্যালেন না? খবরডা কি তবে মিথ্যা?

দরজায় উঁকি মারিয়া

হ্ হ—তবেত আইছেন। ওইত সাহেববাবু আইছেন। তা ওখানে কি করতেছেন? ঘন ঘন হেঁসেলের দিকে যাতিছেন ক্যান? হ্হ হেঁসেলেই সব রাখতিছেন। আড়ালে থাকে দেখতি হ'ল উনি শোনে কনে-করেন কি,—

পার্শ্বের দরজা দিয়া দ্রুত চলিয়া গেল। সেইক্ষণে পশ্চাতের দরজা দিয়া প্রবেশ করিল কুমুদ—সঙ্গে গাড়োয়ান হাতে তাহার সুটকেশ ও হোল্ডঅল

কুমুদ। এই বাড়ীই কি? কৈ কেউত—

চারিদিকে চাহিয়া গাড়োয়ানকে কহিল

এহি কোঠি তুমারা ঠিক মালুম হ্যায়?

গাড়োয়ান। জি মেম সা'ব। বিল্‌কুল ঠিক হ্যায়। এহি পাগলা বাবাকা কোঠি হ্যায়। উ হাম লোক আচ্ছা তরপসে জান্‌তা হ্যায়।

কুমুদ। পাগ্‌লা ?

গাড়োয়ান। জি মেম সাব। হামি লোক উনিকে পাগ্‌লা বাবু বোল্‌তা।

কুমুদ। পাগ্‌লা! তুম্‌ ঠিক জানতা হ্যায় হৃদয়বল্লভ বাবুকা কোঠি হ্যায় ?

গাড়োয়ান। জি মেম সা'ব দিলবল্লভ বাবুকা কোঠি। হাম লোক জিস্‌কো পাগ্‌লাবাবা বোল্‌তা—আপলোক উন্‌কো দিলবল্লভবাবু বোল্‌তা হ্যায়!

কুমুদ। হুঁম্‌।

ভাড়া লইয়া গাড়োয়ান প্রস্থান করিল। কুমুদ চারিদিকে চাহিয়া ফিরিতে থাকে—সেইক্ষণে কিমানো পায়জামায় সজ্জিত হইয়া সমীরণ প্রবেশ করে

সমীরণ। Welome Mr Doctor !

পরক্ষণেই বিব্রত হইয়া

Good Heavens ! আপনি ?

কুমুদ। আমিও ঠিক ঐ প্রশ্নই করতে যাচ্ছিলাম। আপনি—

সমীরণ। আমি শ্রী সমীরণ বাগ্‌চি। বর্গীয় "জ" হচ্ছে—

কুমুদ। কে ?

সমীরণ। অর্থাৎ জীবন হচ্ছে আমার একজন বিশিষ্ট বন্ধু। তার স্ত্রী—

কুমুদ। আমার বিশিষ্ট বন্ধু। কোথায়—কি করছেন ?

সমীরণ। আজ্ঞে আমি আপাততঃ The Great Heterogenous Assurance Society'র ওখানে Accountantরূপে কার্য্য করছি।

কুমুদ। আমি জানতে চাই—তিনি কি করছেন ?

সমীরণ। ও! তিনি অর্থাৎ জীবনের স্ত্রী you mean ? হা হা হা-বাত শ্লেষ্মা, অম্লশূল, মঘা, তেরস্পর্শ, অমাবস্যা প্রভৃতি রোগে শয্যা-শায়িনী।

কুমুদ। তাঁকে একবার খবর দিন যে আমি এসেছি, বলুন ডাক্তার কুমুদ—

সমীরণ। Doctor! আপনি ডাক্তার ?

কুমুদ। হ্যাঁ, আমিই Doctor মৈত্র।

সমীরণ আপাদ মস্তক নিরীক্ষণ করিতে করিতে

সমীরণ। I see! তা হ'লে দেখছি আপনি বেটা ছেলে নন ?

কুমুদ। কি মনে হয় ?

সমীরণ। কিন্তু, নামটা যে কুমুদ—কুমুদ···

কুমুদ। বান্ধবী মৈত্র।

সমীরণ। I see, তবে যে বর্গীয় "জ" লিখলে—

কুমুদ। কে ?

সমীরণ। I mean জীবন—how awkward!

কুমুদ। হুম্! আমার patient ?

সমীরণ। please have patience, তিনি সম্প্রতি আপনার সঙ্গে দেখা করতে পারবেন না।

কুমুদ। হেতু?

সমীরণ। হেতু—তিনি এখানে নেই।

কুমুদ। তবে যে বল্লেন, অসুস্থ শয্যাশায়ী—

সমীরণ। শয্যাশায়ীত বটেই, তবে local শয্যায় নয়—তাঁর ব্যারাকপুর গৃহের শয্যায়।

কুমুদ। তা হ'লে জীবন বাবুও আসেন নি?

সমীরণ। উভয়েই না।

কুমুদ। এখন তবে কে এখানে আছে?

সমীরণ। ছিলাম আমি, বর্ত্তমানে এলেন আপনি—অতীতে ছিলেন মহিলা-নুক্রমে মহামান্যা ভদ্রা শ্রীযুক্তা বামুন ঠাকুরাণী, কিন্তু সম্প্রতি তিনি গতা হ'য়েছেন।

কুমুদ। অর্থাৎ এই তেপান্তরের মাঠের মাঝখানে এই নিশুতি রাত্রে খালি বাড়ীতে মরে পড়ে আছেন? কিসে মারা গেলেন? কোন সংক্রামক রোগ কি?

সমীরণ। সংক্রামক ত বটেই, কারণ সে ব্যাধি মহিলানুক্রমে সংক্রমণে বোধ করি দেরী হবে না। আপনি আশ্বস্তা হন—কেউ মরেনি।

কুমুদ। Funny!

সমীরণ। Extremely. গতা অর্থে প্রস্থান mean ক'রেছিলাম।

কুমুদ। ও। তিনি প্রস্থান করলেন কেন?

সমীরণ। মহিলানুক্রমে ভদ্রা রাত্রে পর পুরুষের সঙ্গে একাকী এই

নির্জ্জন গৃহে যাপন—কোনমতেই সমীচিন বলে মনে করতে পারলেন না।

কুমুদ। ব্যাপারটা দেখছি complicated! একবার সবটা খুলে বলুন দিকি?

সমীরণ। ব্যাপারটি ছিল সরল কিন্তু এখন হ’য়ে দাঁড়াচ্ছে জটীল।

কুমুদ। কেন?

সমীরণ। অর্থাৎ যিনি ছিলেন ডাক্তার বাবু আমার ধারণায়—বাস্তবে তিনি হয়ে দাঁড়ালেন ডাক্তার দেবী।

কুমুদ। How awfully awkward! এখন কি করা যায়?

সমীরণ। আসুন না। ওখানে ঐ গোল টেবিল বৈঠকে বসে সব ঠিক করে ফেলি।

কুমুদ সন্দিগ্ধভাবে তাহার আপাদমস্তক দেখিতে দেখিতে
কিছুদূর অগ্রসর হইতে

দেখুন, মিসেস মৈত্র!

কুমুদ। I Say Miss!

সমীরণ। Thank God!

কুমুদ। তার মানে? আপনার কি কিছু তাতে সুবিধা হ’ল?

সমীরণ। না মানে…এমন কিছুই না—তবে ধরুন আমার বলা উচিত ছিল, প্রথম সমস্যা দাঁড়াচ্ছে আপনি বেটা ছেলে নন—যা আমি ভেবে-ছিলাম। তার ওপর ধরুন প্রকৃতি আজ দুর্য্যোগময়ী। To quote বর্গীয় “জ”-ষ্টেশন এখান থেকে 3 quarter of an hour by Ekka,

about 1½ hour by foot and about three and half miles off

কুমুদ অস্থির ভাবে পদচারণা করিয়া

কুমুদ। What the hell—what the hell—what the hell—

সমীরণ। আপনি ব্যস্ত হবেন না। স্থির চিত্তে যদি একটু বিবেচনা করা যায় তবে হয়ত এর একটা উপায় নির্দ্ধারণ করা যেতে পারে। আসুন না—একটু বসা যাক।

সে উত্তেজিত ভাবে আসিয়া একখানি চেয়ারের হাতলের উপর বসে। আর একখানি হাতলে বসে সমীরণ

Excuse me !

সিগারেট ধরাইয়া

এখন দেখা যাচ্ছে আমি পুরুষ আপনি স্ত্রী—

কুমুদ। That is an axiomatic truth.

সমীরণ। Now then it is given by hypothesis যে আমরা উভয়ে এই বিজন প্রান্তরে প্রেরিত on a fool's errand. সামাজিক ভাবে অপরিচিত স্ত্রী পুরুষের এক বাড়ীতে রাত্রি যাপন নিষিদ্ধ। কারণ মনু বলছেন—

কুমুদ। (চঞ্চলভাবে উঠিয়া) Hang your মনু।

সমীরণ। আচ্ছা, চুলোয় যাক মনু আর তার সংহিতা। এখন কথা হচ্ছে, যদি আপনি এ অবস্থায় আমার সঙ্গে বাস করেন তবে মহিলানুক্রমে···

কুমুদ। Hang your মহিলানুক্রমে—

সমীরণ। চুলোয় যাক মহিলানুক্রমে। এখন দেখা যাচ্ছে এ অবস্থায় আপনার নির্ম্মল চরিত্রে কলঙ্ক আরোপিত হ'তে পারে। প্রথমতঃ ধরুন, কাল সকালেই আসছেন মহিলানুক্রমে ভদ্রা বামুন ঠাক্রুণ— অপবাদটা আসবে তাঁর কাছে থেকেই প্রথম আশা করা যেতে পারে।

কুমুদ। এখন কি করা যায়? বাহিরের দুর্য্যোগ এবং ষ্টেশনের দূরত্বটা হিসেব করলে—

সমীরণ। এখানে থাকাই বিধেয়। তারপর কাল প্রত্যুষে—

কুমুদ। যে যার সরে পড়া। আপনি যখন জীবন বাবুর বন্ধু তখন আশা করতে পারি আপনিও একজন ভদ্র লোক।

সমীরণ। মোটেই না।

সবিস্ময়ে স্তব্ধ হয়ে

কুমুদ। না?

সমীরণ। হ্যাঁ, কারণ দেখা যায় শুদ্ধ নৈতিকগুণের অধিকারী হ'লেই আজকাল লোক ভদ্র সংজ্ঞা পায় না—পায়, ধনের অধিকারী হ'লে। সেই হিসাবে বলছিলাম, আমি ভদ্রলোক নই। আপনি আমায় sportsman হিসাবে নিতে পারেন।

কুমুদ। এখন কথাটা হচ্ছে আপনাকে নিয়ে।

সমীরণ। আমার কথাই ত বলছি।...

কুমুদ। না, কথাটা দাঁড়াচ্ছে এই যে আপনি যেমন অপরিচিত আমার কাছে...তেমনি অপরিচিত আপনার নিজের কাছে।

সমীরণ। অর্থাৎ আমাকে আমি চিনি না!

কুমুদ। হ্যাঁ, আপনাকে আপনি চেনেন—আপনার হোটেলে, আপনার বাড়ীতে, আপিসে, ট্রামে, বাসে। কিন্তু, নির্জ্জন এমনি একটি গৃহে, এক অপরিচিতা তরুণীর সান্নিধ্যে, আপনি কি আপনাকে কখন চেনবার সুযোগ পেয়েছেন?

সমীরণ। না।···( সে অত্যন্ত ব্যস্ত ভাবে এ প্রসঙ্গ এড়াইতে ) তবে এই ভিজে কাপড় চোপড়ে বেশীক্ষণ থাকলে,—অসুখ—বোধ করি ডাক্তার বলে আপনাকেও রেহাই দেবে না। তারপর যদি আপনার পরিচর্য্যার ভার আমাকেই গ্রহণ করতে হয়—

কুমুদ। তা হ'লে বসন্তের প্রকোপ আশঙ্কা করেন নাকি?

সমীরণ। না। তবে হ্যাঁ,বসন্তের অতনু বীজানুগুলিকে ত চোখে দেখা যায় না!

কুমুদ। যাক্। Your name please?

সমীরণ। শ্রীসমীরণকুমার বাগচী।

কুমুদ ম্যাকিণ্টোস্ প্রভৃতি খুলিতে খুলিতে

কুমুদ। কিছু মনে করবেন না সমীরণবাবু, কতকগুলি অবান্তর প্রশ্নে আপনাকে বিব্রত করে তুলেছি।

সমীরণ। না না, সে ত স্বাভাবিক।

কুমুদ। পুরুষ সম্পর্কে মেয়েদের কাছে সত্যি এ অতি স্বাভাবিক সমীরণ বাবু।···আমার জীবিকা সংস্থানের ব্যপদেশে এই অভিজ্ঞতাই আমি সঞ্চয় করেছি যে পুরুষের তুলনায় নারী অতি দুর্ব্বল, অতি অসহায়। কি ভাবছেন?

সমীরণ। ভাবছি তাদের কথা, যারা পুরুষের তুলনায় নারীর সক্ষমতার দাবী করে।

কুমুদ। আমার কথা আমি বলতে পারি। রাস্তায়, ঘাটে, ট্রামে, বাসে প্রতিদিন এই অভিজ্ঞতাই সঞ্চয় করেছি যে আমরা কত অসহায়! মনে হয়, আপনারা অর্থাৎ পুরুষেরা কি ভীষণ, কি দুর্দ্দান্ত নারীর তুলনায়। তাইত মৌখিক স্বাধীনতা জাহির করলেও মনের কোণে আমাদের অবিশ্বাস যেন কিছুতেই ঘুচতে চায় না। একটা স্বাভাবিক ভীতি যেন আমরা কোনমতেই কাটিয়ে উঠতে পারি না।

সমীরণ। I rise to a point of order ( উঠিয়া দাঁড়ায় ) আমার সমস্ত পুরুষ ভ্রাতাগণের পক্ষ থেকে আমি এর প্রতিবাদ জ্ঞাপন করি। কতিপয় লোকের হিংস্র প্রবৃত্তির জন্যে, আপনি সমস্ত পুরুষ জাতটাকে দোষী সাব্যস্ত করতে পারেন না। একদিন একটা লোক—আপনার বাড়ীতে হয়ত সিঁদ কেটেছে, তার জন্যে আপনি জগৎ শুদ্ধ লোককে সিঁধেল চোর ভাবতে পারেন না। যাক্, ও সমস্যার জন্যে মহিলা সমিতি আছে, আছেন সনাতনীরা, তাঁরাই তার মীমাংসা করবেন। বর্ত্তমানে, ঐ সিক্ত কাপড় জামা গুলো পরিবর্ত্তন করা বিধেয়। হেঁসেলে খাবার আছে, একপ্লেট আমার জন্যে রেখে আহারের চেষ্টা দেখুন।·· হ্যাঁ, খাবারের ভারটা না হয় আপাততঃ আমি নিচ্ছি, আপনি ততক্ষণ ও গুলো বদলাবার চেষ্টা দেখুন।

সমীরণ বাহির হইয়া যায় মহা ব্যস্ততা সহকারে। কুমুদ স্থির নেত্রে তাহার চলমান দেহের দিকে চাহিয়া হাসিয়া উঠে। পরে পোষাক বদলাইবার এতটুকুও

আগ্রহ না দেখাইয়া সে ঘুরিয়া ফিরিয়া আসবাবপত্র, ছবি বই
প্রভৃতি দেখিয়া ফিরিতে থাকে।...গুনগুন
করিয়া গান গায়

গান

তৃষিত ও আঁখি ফিরে ফিরে
কেন চায় গো!
তৃষ্ণার জল নহি মোরা হায়
হায় গো!
কেন মিছে আহা দিবসে স্বপন
আকাশ কুসুম করিছ বপন
কেন মিছে গাওয়া কবিতা কূজন
হেরি অঞ্চল ছায় গো!
ভেবনা কো তুমি আসিয়া হৃদয় পথে—
হরিবে এ হিয়া হঠাৎ হাওয়ার রথে,
সহসা হেরিয়া এ বেণী বন্ধ
নয়ন থাকিতে হ'য়োনা অন্ধ
মিছে চলা ফেরা শয়নে স্বপনে
রমণীর পায় পায় গো।

গীতের শেষদিকে সে বইয়ের র‍্যাকের সম্মুখে দাঁড়ায়। এক একখানি বই টানিয়া দেখিতে থাকে—হঠাৎ একখানি বই লইয়া নাড়িয়া চাড়িয়া দেখে—তাহার মুখভাব ক্রমে পরিবর্ত্তিত হইতে থাকে—মুখের রেখাসমূহ কঠোর হয়। বইখানি লইয়া ঘরের মধ্যভাগে আসিয়া দাঁড়ায়। সেইক্ষণে

হাসিমুখে খাবার প্লেট চামচ প্রভৃতি লইয়া প্রবেশ করে
সমীরণ। টেবিলে সাজাইতে সাজাইতে

সমীরণ। খানা তৈয়ার মেমসাহেব! ওকি! আপনি এখনও যান নি?

কুমুদ। ( অসহ্য ক্রোধে কাঁপিতে কাঁপিতে ) আমি যাব—একেবারে যাব। এক মুহূর্ত্ত আর আমি এখানে থাকতে চাইনে। Sportsman! Sportsman! আপনি তবে সেই সমীরণ বাগচী যাঁর এই সব বই? যিনি তারুণ্যের উচ্ছ্বাসে এই সব hideous অশ্লীল কাহিনী লিপিবদ্ধ করেন? আপনিই তবে এই "নিভৃত নিকুঞ্জের" গ্রন্থকার? যিনি অবিচলিত অসঙ্কোচে নায়কের মুখ দিয়ে বলিয়েছেন,—

গোধূলির অন্ধকারে আবৃতা মেদিনী!
দিকে দিকে স্তব্ধ কোলাহল।
নিভৃতে নিকুঞ্জে এবে
শুধু তুমি আর আর আমি কেহ কোথা নাই।
কে দেখিবে কে জানিবে
দোঁহাকার মিলন বারতা?

Trash-A.-A.-A.-A.…

সে বইখানি তাহার গায় ছুঁড়িয়া মারে—সমীরণ বিব্রতভাবে তুলিয়া তাহা
তাঁহার দৃষ্টির অন্তরালে রাখিতে আপনার পকেটে ফেলে।
কুমুদ ব্যাগ তুলিয়া লইয়া যাইবার প্রয়াস পায়।

সমীরণ। ( বিব্রতভাবে ) না না, মানে আপনি একটা ভয়ানক মানে প্রচণ্ড ভুল করছেন। ও কাহিনী আমায় নিছক তারুণ্যের উচ্ছ্বাস

পুষ্ট কিম্বা উর্ব্বর কল্পনা প্রসূত নয়। ও যে আমাদের দেশের চিরন্তনী প্রেমের কাহিনী অর্থাৎ কিনা রাধা কৃষ্ণের প্রেমলীলা। তার পরেই দেখেছেন না নায়ক শ্রীকৃষ্ণ গাইছেন,—"পেয়েছি আজ একলা যখন ছাড়তে কি পারি।" হোলী উৎসবে শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে নিকুঞ্জে এনে বন্দী করেছেন শুদ্ধ নিছক পবিত্র ফাগ দেবেন বলে। চুম্বন নয়, আলিঙ্গন নয়, অশ্লীল কিছু তাঁর উদ্দেশ্য নয়।

আশ্বস্তা কুমুদ ধীরে ধীরে প্রসন্ন দৃষ্টিতে চাহে

কুমুদ। তাই বলুন। শুধু কৃষ্ণ লিখেছেন—আমি ভাবি কৃষ্ণ নামে কোন-লোক, যেমন কৃষ্ণলাল, কৃষ্ণচন্দ্র, কৃষ্ণবল্লভ, তা শ্রীকৃষ্ণ ত লিখতে হয়।

সমীরণ। আপনি নিশ্চিন্ত থাকুন—ওবই আর আমি second edition ছাপাবনা। এইবার দয়া করে পোযাকটা বদলে আসুন। আমি ততক্ষণ—

কুমুদ ধীরে ধীরে বাগ তুলিয়া লয়—সমীরণ ছুটিয়া যাইয়া তাহার সুটকেশ লইয়া পশ্চাতে চলিতে থাকে—
তাহাকে আগাইয়া দিয়া আসিয়া গ্রামফোনে একখানি music record দিয়া আপন মনে টেবিল সাজাইয়া…খাবার আনিতে থাকে। হঠাৎ নেপথ্যে কুমুদ ডাকে

কুমুদ। Boy!

সমীরণ। (শশব্যস্তে ফিরিয়া) জি মেমসাহেব

হলুদ-সিল্কের পায়জামা—ও সার্ট তাহার উপর কিমানো মাথায় অপরূপ ক্যাপ পরিহিতা হইয়া কুমুদ প্রবেশ করে। সমীরণ তৎপূর্ব্বে একখানি প্লেট কাপড়ে মুছিতেছিল…হঠাৎ সেখানি অন্যমনস্ক হইতে তাহার হাত হইতে পড়িয়া যায়

কুমুদ। খানা তৈয়ার ?

সমীরণ। জি হুজুর !

সে চেয়ার টানিয়া তাহাকে বসাইয়া সম্মুখভাগে আর একখানিতে বসে।…উভয়ে আহারে প্রবৃত্ত হয়

কাপড় চোপড়গুলো হেঁসেলে উনুনের পাশে দিলে শুকিয়ে যাবে। আর সুটকেশটা ?

কুমুদ। ঐ পাশের ঘরে রেখেছি আপনার সুটকেশের পাশেই।

খাইতে খাইতে হঠাৎ তাহার চোখে মুখে এক দুষ্টুমির হাসি ফুটিয়া উঠে। · সে কৌতুকে তাহার দিকে চাহিয়া

আপনাকে বল্‌তে ভুলে গেছি, আমার এক মেল ফ্রেণ্ড তাঁর নাম হচ্ছে Mr. Sandow. বোধহয় কাল সকালে কিম্বা বিকেলে আসবেন।

সমীরণ। Male friend ?

কুমুদ। হাঁ, মেল ফ্রেণ্ড। কেন, মেয়েদের কি কোন ফ্রেণ্ড থাকতে নেই ?

সমীরণ। থাকতে নেই কেন—তবে মেয়েদের পুরুষ বন্ধু থাকা

কতখানি সমীচীন সেইটাই অর্থাৎ—decent girls do not keep male friends. তাতে ধরুন লোকে—

কুমুদ। তিনি যে আমার সমব্যবসায়ী এক সঙ্গে পড়েছি—he is also a doctor. আচ্ছা, এই যে আপনার সঙ্গে আলাপ হ'ল—ভবিষ্যতে কি আপনাকে আমি friend বলে পরিচয় দেব না ?

সমীরণ। নিশ্চয়ই ; তবে এ case হ'ল স্বতন্ত্র—

কুমুদ হাসিয়া উঠে—সমীরণ হয় বিব্রত

কুমুদ। ওকি খান ?

সমীরণ। খাওয়া দাওয়া কি জানেন—

কুমুদ। জানি, সম্পূর্ণ appetiteএর ওপর নির্ভর করে।

সমীরণ। সম্প্রতি সেইটারই অভাব বোধ করছি।

কুমুদ। আমার সেই male friendটিই হন্তারক হলেন নাকি ?

সমীরণ। একপক্ষে ধরুন—

কুমুদ। তিনি শুধু ডাক্তারই নন, আবার athelete ও বটে। He is frightfully jealous too. মানে তিনি একজন পাঞ্জা চ্যাম্পিয়ান।

সমীরণ। এরূপ লোক কিন্তু ভয়ানক।

কুমুদ। এখন এই রকম ভয়ানক লোকই যে চাই সমীরণবাবু। একবার তিনি গড়ের মাঠে এক ঘুঁষিতে একটি গোরার চারটি দন্তোৎপাটন করেছিলেন। আমি ভাবছি আমাদের এ রাত্রি বাসের কথা—

সমীরণ। তিনি জানতেই পারবেন না। এই আমি চল্লাম, এখুনি গিয়ে বিছানায় পড়ে পড়ে একটা মতলব ফাঁদছি।

প্রস্থানোদ্যত

কুমুদ। ওকি! সবই যে পড়ে রইল—

সমীরণ। সে জন্যে আপনি ভাববেন না···Good night···(যাইতে যাইতে ফিরিয়া) ঐ ওপরে উঠেই ডান হাতে আপনার ঘর। Good night!

কুমুদ। Good night!

সমীরণ চলিয়া যায়—কুমুদ হাসিয়া লুটাইয়া পড়ে

যবনিকা।

## দ্বিতীয় দৃশ্য

**শয়ন প্রকোষ্ঠ। দ্বিতলের একখানি নাতিবৃহৎ ঘর। পার্শ্বে একখানি রেলিংবিশিষ্ট বারান্দা—বারান্দার দিকে ঘরের প্রবেশ দরজা। Knob ঘুরাইলে দরজা বন্ধ হয়। একখানি খাট—র‍্যাকে বই—দেওয়ালে ছবি—একখানি Invalid chair…**

সিগারেট হাতে দ্রুত সমীরণ বিরক্তভাবে প্রবেশ করে

Oh damn! damn! damn! গাধা! গিধ্বোর! পাজী! তার জন্যেইত বিন্ধ্যাচল—তার জন্যেই ত ডাক্তার কুমুদ—তার জন্যেই ত male friend. তার জন্যেই ত সব। ডাক্তার কুমুদ! নামের আগাগোড়া বেটা ছেলে! নাম শুনে কি আপনারাই পূর্ব্বে বুঝতে পেরেছিলেন যে ডাক্তার কুমুদ মৈত্র মেয়েমানুষ? আমি যদি বুঝতে পারতাম—I would have been the last person to come here! মেয়েমানুষ হলেও ক্ষতি ছিলনা যদি তিনি সস্ত্রীক আসতেন। আচ্ছা নাই এল, কুমুদও না হয় বান্ধবী হ'ল! কিন্তু, মেয়েমানুষের বেটাছেলে বন্ধু থাকবে কেন—আর তিনিই বা দন্তোৎপাটন করে বেড়াবেন কেন? মেয়েমানুষের বেটাছেলে বন্ধু থাকা উচিত নয়। পর্দ্দা system is the best system of সামাজিক অনুশাসন। উপস্থিত মহিলা মণ্ডলী হয়ত আমার বিধানে সবিশেষ রুষ্টা হচ্ছেন! কিন্তু, তাঁদের প্রণিধানের জন্য বোধ করি এইটুকু বল্লেই যথেষ্ট হবে যে প্রত্যেকেরই আত্মরক্ষার প্রয়োজন আছে। এ সমস্যা কোন

দিনই আমার মনে স্থান পায়নি—তবে উপস্থিত জনৈকা মহিলার জনৈক দন্তোৎপাটক বন্ধুর জন্যে এবং শুদ্ধ আত্মরক্ষার প্রয়োজন বোধেই এ মনোভাব পোষণ করতে বাধ্য হচ্ছি। আপনারা হয়ত বলবেন সুবিধাবাদী পুরুষ এইরূপে আত্মরক্ষায় সচেষ্ট হ'য়ে অবলা নারীর ঘাড়ে এই সব অবৈধ বিধান ন্যস্ত করেছে—আমি সে অভিযোগেরও সত্যতা অস্বীকার করব না। কিন্তু অনুরূপ অবস্থায় স্বার্থরক্ষায় প্রচেষ্টা সমস্ত পুরুষ মণ্ডলীকে আহ্বান করি—তাঁরা সমস্বরে আমার সঙ্গে বলুন—Three cheers for purdah !···Hip-Hip ···ওকি !

সেইক্ষণে সন্তর্পণে বারান্দায় প্রবেশ করে কুমুদ ধীরে ধীরে। কাণ পাতিয়া শুনিয়া হাসিয়া উঠে ও দরজায় চাবী আঁটিয়া দিয়া দ্রুত প্রস্থান করে

হুঁ! ডাক্তারী মতে এ ত তাঁরই পায়ের শব্দ। তিনি এত রাত্রে আমার দরজায় ?

Handle ঘুরাইয়া বন্ধ দেখিয়া

এ যে দেখি বন্ধ! তবে কি তিনি বন্ধ করে গেলেন? হুঁ! যা ভেবেছি তাই। পুরুষকে তিনি হিংস্র লোভাতুর জীব ছাড়া আর কিছুই ভাবতে পারেন না। এঁরাই চান স্বাতন্ত্র্য—এঁরাই চান ঘোমটা খুলতে—এঁরাই চান পর্দ্দা তুলতে! এখন কি করা যায়? একথা দ্বিতীয় কর্ণে প্রবেশ করতে দেরী হবে না। শুনবে বর্গীয় জ, শুনবে তার স্ত্রী, শুনবে তাঁর male friend—শুনবে সকলে! চাই কি আসছে

হপ্তায়ই কাগজে কাগজে বেরিয়ে যাবে—"নিভৃত নিকুঞ্জের" লেখকের নারীহস্তে তেপান্তরের মাঠে নিগ্রহ!

সহসা জামায় হাত পড়িতেই হাতে বই বাধে—তাহা তুলিয়া দেখিতেই তাহার সর্ব্বাঙ্গ জ্বলিয়া উঠে—সে দূরে নিক্ষেপ করিতে করিতে

……Dustbin—a rot—a কচু!

কিয়ৎক্ষণ পায়চারী করিয়া ক্লান্তভাবে সে হাই তুলে—পরে কিমানোখুলিয়া সে Invalid চেয়ারে শুইয়া পড়ে। হঠাৎ নেপথ্যে কুমুদের কণ্ঠ নিঃসৃত আর্ত্তনাদ ভাসিয়া আসে। সে ত্বরিতে উঠিয়া দরজায় ছুটে

কুমুদ। Help! Help!…Oh…

সে দরজা টানাটানি করিয়া…

সমীরণ। Help! বলেকি—আরে হ'ল কি। হায়রে! কি বিপদেই পড়লাম!

কুমুদ। Help! Help! Oh…

সমীরণ। আরে, কি হ'ল ছাই বলুন না খুলে—তা হ'লেও ত বুঝতে পারি।…দেখুন দিকি—আমায় ঘরে বন্ধ রেখে এখন—Help help. ও মশায় শুনছেন? ও ডাক্তার দেবী!…কি হ'ল?…

বাহিরে কাহার পদশব্দ শ্রুত হয়। সেই ক্ষণে বারান্দায় প্রবেশ করে… শ্রীযুক্তকাণাকড়ি গাঁটকাটা। পদশব্দে চমকিত হইয়া

কে? বাইরে কে?

কাণাকড়ি। আজ্ঞে, আমি কর্ত্তা।

সমীরণ। কর্ত্তাটা তুমি কার···সেইটে বলে ফেল ?

কাণাকড়ি। (জিভ কাটিয়া) আমি ক্যান কর্ত্তা হতি গেলাম—কর্ত্তা হ'লেন স্যান আপনি!···আমি কর্ত্তা আপনার নফর শ্রীকাণাকড়ি বৈরাগী।

সমীরণ। আপনি যে বৈষ্ণব চূড়ামণি—তা আপনার "তৃণাদপি সুনিচেন" ভাবেই বুঝতে পেরেছি।···তা দিদিমণিকে কি ভেক দিলে বাবাজী!

কাণাকড়ি। কি যে ক'ন কর্ত্তা! তিনি হলেন সতীলক্ষ্মী! চোখ ত নয় যেন জোনাকীর পোকা···অন্ধকারে জ্বল্তি লাগল। তাই দেখেই ত ঠাহর করলাম···যে ঘরে স্যান্ লোক আছে।···তিনি কুশলে আছেন, সেই খবরডা দিতি অ্যালাম। আপনি ত কুশলে আছেন কর্ত্তা ?

সমীরণ। এখন অধীনের ওপর মহাশয়ের কৃপাকটাক্ষের কারণ ?···

কাণাকড়ি। কারণ অতি মহৎ কর্ত্তা। বছর দুই হয় পাওখান ভাইঙ্গা যায়···বাঁ চোখডা সিঁধি ঢুকতি খুঁচা ল্যাগে কাণা হ'ল্য, সেই থিকেই বড়ই নাচারে পড়িছি। চায়ে চিন্তে আর চলে না। কুলকাতায় বড় পুলিশের উপদ্রব···ভালমানুষরি তারা নিশ্চিন্দি থাকতি দেয়না।—তাই এই পশ্চিম ধরিছি।···হাওয়া খাওয়া বাবুগরে মেজাজ ভাল।···

সমীরণ। তা ডকে কবার ওঠা হ'য়েছে বাপধন ?

কাণাকড়ি। একবারও না কর্ত্তা। মাইরি কর্ত্তা—আপনার দিব্যি, একবারও না। একটা কথা কব কর্ত্তা ?

সমীরণ। বলে ফেল আর ভণিতায় কাজ কি ?

কাণাকড়ি। (অতিশয় লজ্জায়) আজ্ঞে ডকে উঠি নাই বটে তবে অনেকেরে তুলিছি।

সমীরণ। হুঁ! বেটা ঘাগী সিঁধেল। তা তেনারে কি করেছ?

কাণাকড়ি। কার কথা কন হুজুর? বৌঠাকুরুণের?…

সমীরণ। তোমার পুরুষানুক্রমে বৌঠাকুরুণরে বেটারছেলে!

কাণাকড়ি। তিনি হুজুর আরামেই আছেন।…তিনি হাতপা পিছনে করে নজ্জায় মুখ ঢ্যাকে আছেন।…

সমীরণ। সে কি?

কাণাকড়ি। হক কথাই কর্ত্তা।…তবে চল্লাম—পেরণাম!…

প্রণাম জ্ঞাপন করিয়া প্রস্থান করিল। নিষ্ফল আক্রোশে সমীরণ
ঘরময় নৃত্য করিয়া ফিরে

সমীরণ। Damn it! Damn it! Damn it…

সেইক্ষণে বাহিরে ক্রন্দন শব্দ শ্রুত হয়। সমীরণ সচকিত হয়।
বারান্দায়—হাত মুখ চোখ বাঁধা কুমুদ টলিতে টলিতে
প্রবেশ করে।…পশ্চাত ফিরিয়া চাবি হাতে
দরজা খুঁজিতে থাকে।

সমীরণ। কে? ছাই, কথা বলুন না?

কুমুদ আন্দাজে তালা খুঁজিয়া চাবি ঘুরায়—সমীরণ হ্যাণ্ডেল ঘুরাইতে
দরজা খুলিয়া যায়—তাহাকে ধরিয়া ভিতরে আনে।

কেমন হ'ল? অবিশ্বাসের ফল হাতে হাতে পেলেন ত? (বাঁধন খুলিতে খুলিতে) আজ কাণাকড়ির আচরণ থেকে এই শিক্ষাই

লাভ করুন যে, তার অপরাধে জগৎশুদ্ধ লোকই সিঁধেল নয়। যদি Sportsmanএর কথায় এতটুকুও আপনার বিশ্বাস থাকত, তাহ'লে আজ এ দুর্ভোগ সইতে হ'ত না।···নিন—বসুন ঐ চেয়ার খানায়।

সে Invalid চেয়ারখানি আগাইয়া দেয়

কুমুদ। Oh Rot! আধ ঘণ্টারও ওপর জরদ্গবের মত বসে থেকে··· আর কারু বসবার লোভ থাকে না।···

সমীরণ। (অস্থির পদচারণায়) এখন যে কি ভাগ্যে আছে কে জানে। মহিলানুক্রমে ভদ্রা—

কুমুদ। Oh hang your মহিলানুক্রমে—

সমীরণ। বেশ, পুরুষানুক্রমে ভদ্রা বামুন ঠাকুরাণীর কাছ থেকে বাড়ীর ভারপ্রাপ্ত হ'য়েছিলাম।···কাণাকড়ি মহাশয়ের আগমনের পর—কি যে আছে আর কি যে নেই, সে শুধু তিনিই বলতে পারেন। এখন, কি ঘটেছিল?

কুমুদ। ঘরে শুতে গিয়ে মনে পড়ল—as per your instruction··· হেঁসেলে কাপড় জামাগুলো শুকুতে দেওয়া হয়নি। নীচে নেমে যেতেই—

সমীরণ। শ্রীযুক্ত কাণাকড়ি মহাশয়ের ঘাড়ে পতন ও হাত মুখ চোখ বন্ধন—কেমন?

কুমুদ। অবিকল।

সমীরণ। হুঁম্!···চোখ মুখ বাঁধা···এখন তাকে সনাক্ত করবার কি হবে?···

কুমুদ। Very easy! আমার বত্রিশ পাটি দাঁত তার হস্তে গভীর ভাবে অঙ্কিত হ'য়ে আছে।…

সমীরণ। I see. ও! (হঠাৎ উত্তেজিত বিচঞ্চল ভাবে) সুটকেশ—প্যান্ট্-জামা, শাড়ী, ব্লাউজ…ওয়াটারপ্রুফ,

বলিতে বলিতে সে উর্দ্ধশ্বাসে ছুটে

কুমুদ নিশ্চিন্ত মনে চেয়ারে এলাইয়া পড়িয়া গাহিয়া উঠে

গান

হারায়ে যা যায় বারে বারে
হারাক' না তারা
তুই শুধু হোস্‌নে হারা॥
(ওরা) শুক্‌নো পাতার দল যাক্ তারা ঝ'রে
তুই শুধু চেয়ে দেখ মনো বনে ওরে।
তোর শূন্য বনের শাখে—
এল যে এল ঐ কুসুমের সাড়া॥
যায় যদি Suit case নাই ক্ষতি নাই
হারানো ব্লাউজ-শাড়ী ফিরে নাহি চাই
তুই শুধু গান গেয়ে যারে
যাক্ চুরি যেতে চায় যারা।

সমীরণ। বেটার ছেলে একখানা রুমাল পর্য্যন্ত রেখে যায়নি…আপনার আমার জুতো জোড়া পর্য্যন্ত নয়।

কুমুদ। এ্যাঁ!

সমীরণ। Damn your এঁ্যা! (উত্তেজিতভাবে) এখন—এখন—যে কোন মুহূর্তে ডম্বরু নিনাদ হ'তে পারে…

কুমুদ। সে কি!

সমীরণ। ঐ যে যাঁর বাড়ী…যে কোন মুহূর্তে তিনি আসতে পারেন।…

কুমুদ। তিনি ত সবে সকালে গেছেন।

সমীরণ। আজ্ঞে যাননি…আসবেন। তারপর, ঐ দেখছেন?

র‍্যাকের দিকে অঙ্গুলী নির্দ্দেশ করে

কুমুদ। কি?

সমীরণ। ঐ মনুসংহিতা, চরক, মুগ্ধবোধ, পাণিনি…রুচি দেখে চরিত্র নিরুপণ করতে দেরী হয় না।…

কুমুদ। তিনি কি?

সমীরণ। তিনি যে একটি জীবন্ত Plague এটা ধরে নেওয়া যেতে পারে।

কুমুদ। তবে যে জীবনবাবু লিখলেন—

সমীরণ। তিনি অনেক কিছু লেখেন যা জানেন না…আর অনেক কিছু বলেন যা করেন না। সেটা—সেটা—সেটা একটি প্রকাণ্ড Round fool, square fool, flat fool and an april fool. এখন কথা হচ্ছে—

কুমুদ। কি?

সমীরণ। তাঁর যদি কিছু গিয়ে থাকে—তবে তিনি ছেড়ে কথা কইবেন না—নিশ্চয়ই।

কুমুদ। অর্থাৎ?

সমীরণ। অর্থাৎ তিনি সন্দেহ করে বসবেন আমাদের তুজনকে।

কুমুদ। কিন্তু আমরা ভদ্রলোক ত ?...

সমীরণ। অধিস্বামীর অবর্ত্তমানে অপরিচিত লোক বাড়ীতে আসবার পর...যদি চুরী হয় তবে ক্ষতিগ্রস্ত মালিকের বিচারে তিনি আর ভদ্র থাকেন না।

কুমুদ। তিনি কি ভাববেন আমরা চোর ?

সমীরণ। ভাববেন কি—চালান না দিলে বাঁচি।

কুমুদ। তবে এখন কি করা যায় ?

সমীরণ। কেউ এসে পড়বার আগেই চম্পট, কিন্তু—

কুমুদ। কিন্তু কি ?...

সমীরণ। আপনি চম্পট দিলে নিস্কৃতি পেলেও পেতে পারেন—আমার ত আর সে উপায় নেই !

কুমুদ। কেন ?

সমীরণ। মহিলানুক্রমে আমার সবিশেষ পরিচয় জ্ঞাত আছেন—মায় এই কদাকার বদনমণ্ডলের আকৃতিটি পর্য্যন্ত।

কুমুদ। আপনি ত কদাকার দেখতে নন !

সমীরণ। Oh shut up !

কুমুদ সহসা ঘরময় নৃত্য করিতে করিতে

কুমুদ। ও—ও—ও—ও—ও...গোপাল—গোপাল—গোপাল—

সমীরণ। সে আবার কে ?

সে ঊর্দ্ধশ্বাসে ছুটে—ক্ষণপরেই হাঁপাইতে হাঁপাইতে প্রবেশ করে

কুমুদ। আমার শোবার ঘরে বোধ করি গৃহিণীর—

সমীরণ। হ্যাঁ, শ্রীমতী বিন্ধ্যাচল বাসিনীর—

কুমুদ। ঐ হিমালয় পর্ব্বতের একটি বহু সাধের গোপাল প্রতিষ্ঠা ছিল—তার উপযোগী গায় গয়নাও—

সমীরণ। উধাও হ'য়েছেন ?

কুমুদ। হ্যাঁ !

সমীরণ। সর্ব্বনাশ !···

সে চেয়ারে এলাইয়া পড়ে

যবনিকা

## তৃতীয় দৃশ্য

পূর্ব্বদৃষ্ট ড্রয়িংরুম সমীরণ ঘরময় উন্মাদ
পদচারণা করিতে করিতে

সমীরণ। এখন কি করি? কি করি? এই অদ্ভুত পোষাকে রাস্তায় যাই কি ক'রে, সকালেই একে একে আসছেন…শূলিশম্ভূ, বিন্ধ্যাচল, …মিঃ স্যাণ্ডো…হায় রে! পাঞ্জা চ্যাম্পিয়ানের ঘুঁষির ধাক্কায় এখন যে কটি পৈত্রিক দাঁত হারাতে হবে—কে জানে! ওই—ওই—ওই বর্গীয় 'জ'রই যত কাণ্ড! একবার সামনে পাই সেই square fool, round fool, april fool টাকে—তবে এই—এই—এই—এক ঘুঁষিতে—

সে ঘুঁষি বাগাইয়া অগ্রসর হইতে যাইবে—সেইক্ষণে প্রবেশ করে মধুর হাসিতে মুখ ভরিয়া লীলায়িত ভঙ্গীতে কুমুদ। সে থম্‌কাইয়া নির্নিমেষে চাহিয়া থাকে। অবশেষে—

সমীরণ। Marvellous!

কুমুদ। What?

সমীরণ। You look charming!

কুমুদ। What?

সমীরণ। Are you a teacher in medicine?

কুমুদ। What?

সমীরণ। আপনি কি কোন medical school-এ মাষ্টারী করেন ?

কুমুদ। আগে করতাম। সেই অভ্যাসটি এখনও যায়নি।

সমীরণ। অর্থাৎ ?

কুমুদ। অর্থাৎ কারু উচ্ছৃঙ্খলতা দেখলে মাষ্টারি ভাবটা স্বতঃই ফিরে আসে।

সমীরণ। আমার দৌরাত্ম্যটা কোথায় দেখলেন ?

কুমুদ। চোখে।

সমীরণ। চোখে ?

কুমুদ। হাঁ, ঐ চোখে। আমি দেখতে পাচ্ছি একটা লোভাতুর দৃষ্টি সেখানে চঞ্চল পুলকে নৃত্য করছে।

সমীরণ। না না সত্যি, আমার মনে কি কোনরকম কিছু—

কুমুদ। অর্থাৎ আপনার মানসিক অনিচ্ছা সত্ত্বেও চোখ স্বতঃপ্রবৃত্ত হ'য়ে কাজ করছে—এই ত ? ডাক্তারী শাস্ত্রমতে এ অতি অভিনব সমস্যা। Unconscious reaction of the facial and labial muscles at the sight of a pretty woman.

সমীরণ। What ?

কুমুদ। অর্থাৎ সুন্দরী স্ত্রীলোক দর্শনে মুখাবয়ব ও অধরোষ্ঠের মাংসপেশীর প্রতি ক্রিয়া।

সমীরণ। ছি! ছি! ছি! মহিলানুক্রমে আপনি ভদ্রা—আপনাকে এরকম কোন বিব্রত করবার অভিপ্রায় সত্যই আমার ছিলনা।…

কুমুদ। আমাকে বিব্রত না করে নিজেই কেন বিব্রত হচ্ছেন সমীরণ বাবু! আমার মুখে বিব্রত হবার মত এতটুকুও রেখাপাত করেছে

কি? I thought I had my vasomotor under much better control.

সমীরণ। Your what?

কুমুদ। My vasomotor…I mean রক্ত নিয়ন্ত্রণ স্নায়ু। যা সাধারণতঃ মুখে বিবর্ণতা ও রক্তিমাভা আনে—In other words, I did not blush.

সমীরণ। Oh! I forgt that you were a doctor…

কুমুদ। আমাকে দেখে ওরকম অনেকেই ভুলে যান—You are no exception.

সমীরণ। Quite natural! আপনাকে কিন্তু ঠিক—

কুমুদ। ডাক্তারের মত দেখতে নয়? তবে কি ডাক্তারদের অন্য কোন বিশেষ মূর্ত্তি থাকে?

সমীরণ। না না—তা ঠিক নয়। তবে generally…তাঁরা হন একটু ক্লান্ত ভাবাপন্ন আর খিট্‌খিটে মেজাজের…আর তাঁদের মুখে একটা অসম্ভব রকম গাম্ভীর্য্যের ছায়া থাকে—A sort of haggard chap.

কুমুদ। On the contrary…আমি তরুণী, রূপসী—যুবতী? আমার সারা অঙ্গ বেয়ে ঝরে—ঢল-ঢল কাঁচা অঙ্গের লাবণী—কেমন?

সমীরণ। Exactly.

কুমুদ। কিন্তু আপনাকে জানাবার জন্যে এইটুকু বল্লেই বোধ করি যথেষ্ট হবে যে এই অঙ্গ লাবণ্যের ঠিক নীচেই…আমার মাংস পেশীগুলি লোহার মত দৃঢ় এবং শক্ত।

সমীরণ। Queer!

কুমুদ। কিন্তু আমাদের medical point of view থেকে এ অতি স্বাভাবিক। আমি আমার জীবনের প্রতিটি মুহূর্ত্তের সদ্ব্যবহার করি। যেমন জীবিকার্জ্জনের জন্যে খাটি, তেমনি আনন্দার্জ্জনের জন্যেও যথেষ্ট পরিমাণে হাসি-গাই। হা হুতাশ বা নৈরাশ্য আমার রীতিবিরুদ্ধ। আমার জীবনের প্রতিটি মুহূর্ত্তের ওপর আমি নৃত্য-ছন্দে পা ফেলে তালে তালে চলি।

সমীরণ। You are wonderful!

কুমুদ। And why should not I be? আমি আমার প্রতি অণুপরমাণুটি স্বোপার্জ্জিত অর্থে ভোগ করি। একটি কাণা কড়ি আমি কারো ধারিনা। এতটুকু পরাধীনতা—এতটুকু মনোরঞ্জনের তোষামোদ—আমাকে কখন কারো কাছে খাটো করেনি। Just feel my arms···

সে বাহু প্রসারণ করে তাহার দিকে। কিন্তু সমীরণ বিব্রত হইয়া পড়ে। তাহার সে সুগোল বাহুবল্লরী ধরিবার তাহার সাহস হয় না।

Coward!

সমীরণ। Wonderful! ঐ হাত, নাক, মুখ, চোখ, কেশ···

কুমুদ। You are blushing.

সমীরণ। Yes. আমার—your what motor?

কুমুদ। Vasomotor.

সমীরণ। আপনার মত আমার আয়ত্তাধীন নয়।

দীর্ঘশ্বাস ফেলিয়া সে চেয়ারে যাইয়া বসে

কুমুদ। কি হ'ল? মুশ্‌ড়ে পড়লেন যে?

সমীরণ। মুশ্‌ড়ে পড়েছি আপনার নারী চরিত্রের বিচিত্র আদর্শে।

কুমুদ। কেন—ভয় পেলেন নাকি?

সমীরণ। না—এই নারী স্বাধীন ভাবে জীবিকার্জ্জন করে করুক—তার সুডোল বাহুবল্লরী পুরুষের কুপ্রবৃত্তিকে দূরে রাখতে ভীমের শক্তি ধারণ করে করুক, কিন্তু—

কুমুদ। কিন্তু কি?

সমীরণ। কিন্তু তার মধ্যে দিয়ে আপনারা এমন একটা প্রবৃত্তিকে অস্বীকার করতে চাইছেন, যা নারীর জীবন লতাকে ফুলে ফলে মুঞ্জরিত করে—তার সৃষ্টিকে সার্থক করে।

কুমুদ। সেটা কি—ভালবাসা?

সহসা এ প্রশ্নে সে বিব্রতই হয় অধিক—তাই বিব্রতভাব কাটাইতে সে তাড়াতাড়ি কহিয়া উঠে

সমীরণ। হ্যাঁ—তা—দেখুন, আপনার চিত্তের দৃঢ়তা, আপনার উপার্জ্জন শক্তি ও সুডোল বাহুবল্লরীর জন্যে ষোল আনা তারিফ করতে রাজী আছি। আপনার vasomotor-এর অসাধরণ কার্য্যকরী ক্ষমতার জন্য আপনাকে অভিনন্দন জ্ঞাপন করি, কিন্তু সবার ওপর আপনার ভেতরে সেই নারী জীবনের পরমবস্তুটি অর্থাৎ মমতারই অভাব পরিলক্ষিত হচ্ছে।

কুমুদ। কারণ, আমার অপাঙ্গ মধুর দৃষ্টিতে—অফুরন্ত মধুর হাসিতে

আমি আপনার মত পুরুষের মনে লালসার আগুন জ্বালাই না বলে? কিন্তু, মেয়ে মানুষ স্নেহ, মায়া, মমতার অতীত নয়।

সমীরণ। তবে আপনিও নন?

কুমুদ। না। হাসিয়া উঠে

সমীরণ। ( স্বস্তিজ্ঞাপক ) আঃ—আঃ—

কুমুদ। ঐ আঃ—শব্দটিকে বন্ধ করতে হবে!

সমীরণ। কেন?

কুমুদ। ওসব আমাকে প্রত্যহ এত শুনতে হয় যে—ও আমার বিরক্তিরই সঞ্চার করে। আমাকে হাসপাতালে দৈনিক কুড়ি পঁচিশটা operation case attend করতে হয়…তাদের সকলের মুখেই ওই আঃ—নয় উঃ…

সমীরণ। দেখুন, আপনার ঐ মাষ্টারী ধম্‌কানিটা আপনার ছাত্রদের জন্যেই তুলে রাখুন। আমার যত ইচ্ছে আমি আঃ—উঃ করব।

কুমুদ। করুন—করুন—খুব করুন!

সমীরণ। তাহ'লেই কি আপনার operation knife বের করবেন নাকি?

কুমুদ। তাতেও ভয় দেখছি।…( হাসিয়া ) সে যাক, এখন কি করা যায়?

সমীরণ। কিছুই না। এইখানে থাকা যতক্ষণ না কেউ এসে পৌঁছায়।

কুমুদ। কিন্তু এখানেই বা এ পোষাকে থাকলে লোকে কি ভাববে?

সমীরণ। যাই ভাবুন। এই পোষাকে রাস্তায় বেরিয়ে খোট্টার দেশে সং-এর অবতারণা করতে পারিনা।

কুমুদ। এখন দেখতে হবে কাল প্রথমে আসছেন কে ?

সমীরণ। Sorry ! বলুন আজ, কারণ এখন পাঁচটা বেজে বিশ মিনিট। যে-ই আসুন দরজা খুলতে হবে কিন্তু আপনাকে।

কুমুদ। দরজা ত খোলাই আছে।

সমীরণ। না, সেটি আর থাকবেনা। (উঠিয়া দরজা বন্ধ করিয়া আসিয়া) গত সন্ধ্যায় আপনার আসবার পর থেকে ওটি উভয়ের অজ্ঞাতসারে উন্মুক্ত থাকায় বৈষ্ণব পুঙ্গব প্রবেশাধিকার লাভ করেছিলেন।...(হাই তুলিয়া) Excuse me ! ঘুমে আমার চোখ ঢুলে আসছে · ঘণ্টা দেড়েক এই সোফার ওপর একটু ক্লান্তি ভেঙ্গে নিচ্ছি।

সে সোফায় শুইল। কুমুদ উঠিয়া অর্গানে যাইতে যাইতে

কুমুদ। আমিও মমতা বোধ সম্পন্না আদর্শনারীর মত আবাহন গীতিতে নিদ্রাদেবীর বরণ আয়োজন করি।...

গান

ঘুমের কাজল চোখের মৃদু ছায় রে !
সোণার বরণ স্বপন খানি আয়রে
স্বপ্ন-লোকে কল্প লোকের ফুল
উঠুক ফুটে রাঙিয়ে রে তোর ভুল

নয়ন যে আজ স্বপন শুধু চায়রে
ধূলার বুকে এসগো চাঁদ তুমি
স্বপন ছায়ে চোখের কলি চুমি
ঘুমের হাওয়ায় পরাণ ভেসে যায় রে।

গীতের প্রায় শেষ দিকে দরজায় প্রবল করাঘাত শব্দ হইতে থাকে।
কুমুদ গান বন্ধ করিয়া পলায়ন তৎপর হয়। সমীরণ
সদ্যনিদ্রা ভঙ্গে উঠিয়া কিংকর্ত্তব্য বিমূঢ়ের
ন্যায় চাহিয়া থাকে

হৃদয় ( নেপথ্যে )। বংশীর-মা ! ও বংশীর-মা ! বংশীর-মা !

ভীষণ শব্দে ঘর ধ্বনিত প্রতিধ্বনিত হইতে থাকে

কুমুদ। ( বিব্রতভাবে ) সর্ব্বনাশ ! কি কি কি করা যায় ?
সমীরণ। চীৎকারের বহর দেখ—যেন একটা আস্ত ষাঁড়। তাইত কি করা যায় ? দরজাটা যে খুলতে হবে।

ঘুরিয়া চাহিতেই দেখে তৎপূর্ব্বেই কুমুদ পলায়ন করিয়াছে

আমাকে এই বাঘের মুখে ফেলে দিব্যি উনি পালালেন ? দুত্তোর ! আমি থাকতে নারী হ'য়ে উনিই বা কি ক'রে বাঘের সম্মুখীন হন !
হৃদয় ( নেপথ্যে ) মরেছে নাকি ? বংশীর-মা ! বংশীর-মা ! বংশীর-মা !
সমীরণ। বংশীর-মাটা কি মহিলানুক্রমে—তিনি ?

বাহির হইতে জানালার সার্শী ঠেলিতে তাহা খুলিয়া যায়
হৃদয়বল্লভ জানালায় মাথা গলাইয়া সমীরণকে
দেখিয়া অতিশয় বিস্ময়ে

হৃদয়। কে হে তুমি? কে—কে—কে তুমি?

সমীরণ অনড়

সমীরণ। আমারও ঐ প্রশ্ন তুমি কে?

হৃদয়। যত বড় মুখ নয় ততবড় কথা! জান, আমি সাতপুরুষে জমিদার!

সমীরণ। আমিও সাতপুরুষে কারো প্রজা নই।

হৃদয়। বলি, কে হে বাপু তুমি? আমারই বাড়ীতে বসে আমারই ওপর চোখ রাঙ্গাচ্ছ? বড় ধরা পড়ে গেছ না? তোমার শ্রাদ্ধ করছি—একবার ঢুকি।

একজন বর্ষীয়সী মহিলা সেইক্ষণে পার্শ্বে আসিয়া দেখা দেন

বিন্ধ্যাচল। ওগো! আঃ—কি করছ? দেখছনা উনি ভদ্রলোক?

হৃদয়। কোন পুরুষে ও ভদ্রলোক নয়। চোর—চোর—চোর!

বিন্ধ্যাচল। ওগো! আঃ—

সমীরণ। ডম্বরু নিনাদের যে ঘটা তাতে শূলিশম্ভু না হ'য়ে যায় না! এখন কি করা যায়?...আচ্ছা, ব্যোম্, ব্যোম্ বললে শুনেছি আশুতোষ তুষ্ট হন। সেই তুকটা একবার ছাড়ব নাকি? (আপন মনে) ব্যোম্! ব্যোম্! ব্যোম্!

হৃদয়। তুমি বলছিলে না গিন্নী—ও ভদ্রলোক! গাঁজায় দম দেবার ঘটাটা একবার দেখ!

বিন্ধ্যাচল। ওগো! আঃ—কি যে বল! দেখছ না, সকাল বেলা ভগবানের নাম জপ্‌ছে?

হৃদয়। আমি হ'লাম সাতপুরুষে জমিদার—ও ধাপ্পায় আমি ভুলি নে। ওহে, গাঁজায় দম দেওয়া হ'ল? পালাবার পথ ত বন্ধ, এইবার মানে মানে দরজাটি খুলে দাও?

বিন্ধ্যাচল। ওগো! আঃ—উনি হয়ত আমার জীবন ভায়ার কেউ—

হৃদয়। আমি হ'লাম সাতপুরুষে জমিদার—আমার চোখকে ফাঁকি দেওয়া সহজ নয়। বলি, খুলবে না ব্যবস্থা করতে হবে?

সমীরণ। সম্প্রতি আমি হচ্ছি এ বাড়ীর ইনচার্জ্জ। আপনার পরিচয়টা না পেলে কি ক'রে খুলি বলুন।

হৃদয়। একবার ঢুকি তখন থানায় গিয়ে হাজতের ইনচার্জ্জ হ'তে হবে।···

সমীরণ। মানুষ মাত্রেই কৃতকর্ম্মের ফলভোগ ক'রে থাকে—তার জন্যে আমি দুঃখিত হবনা।

হৃদয়। শুনছ গিন্নী—শুনছ—বেটা পাকা চোর! জেল হাজতে ভয় নেই।

সমীরণ। আপনি কি শূলিশম্ভু বাবু?

হৃদয়। (অসহ্য ক্রোধে) হাঁ—হাঁ···

সমীরণ। চিহ্ন?

হৃদয়। চিহ্ন!

সমীরণ। হ্যাঁ—হ্যাঁ—ত্রিশূল।···

হৃদয়। বলে কি গিন্নী—এ বেটা পাগল না কি ?

সমীরণ। আপনি কি তবে শূলিশম্ভু বাবু নন ?

হৃদয়। আমি হচ্ছি হৃদয়বল্লভ বাবু—এ বাড়ীর মালিক।

সমীরণ। ও! তাই বলুন। আমি ভাবি বুঝি স্যাণ্ডো—

হৃদয়। কে ?

সমীরণ। সে আছে—আছে—আছে, এক ঘুঁষিতে এক পাটী দাঁত উড়িয়ে দেয় ( বলিতে বলিতে দরজা খুলিয়া ) আসুন! আসুন! ( মহা ভক্তিভরে প্রণাম করিয়া ) আপনি ? আমি ভাবি—

হৃদয়। বড় যে লম্বা লম্বা কথা বলছিলে ? কে কার দাঁত উড়িয়ে দেয় একবার দেখি।

বিন্ধ্যাচল। ওগো—আঃ—( স্বামীকে ধরে )

হৃদয়। ছেড়ে দেও গিন্নী! ওকে একবার চিনিয়ে দি আমি কে ?

সমীরণ। আজ্ঞে, আপনাকে আর চিনি নে ? আপনি হ'লেন—

হৃদয়। সাতপুরুষে জমিদার। এখন বল দেখি বাপধন, বাড়ী ঢুকে কি করছিলে ?

সমীরণ। আপনাকে ত বলতেই হবে—আপনি হচ্ছেন—

হৃদয়। ( মহা খুসীতে হাসিয়া ) হা—হা—হা! সাতপুরুষে জমিদার!

সমীরণ। আপনার বোধহয় স্মরণ আছে—আপনি বর্গীয় "জ"কে—

হৃদয়। কে ?

সমীরণ। I mean জীবন—জীবনকে এক মাসের জন্য এ বাড়ী ভাড়া দিয়েছেন ?

হৃদয়। উহুঁ! ভাড়া ত আমি কাউকেই দিইনি।

বিন্ধ্যাচল। ওগো! আঃ—জীবন ভায়াকে এখানে তুমি আসতে বলনি?

হৃদয়। হ্যাঁ বলেছি।…কিন্তু তোমাকে ত—

সমীরণ। আপনি বলেন নি। কিন্তু, সে বলেছিল।

হৃদয়। তিনি কৈ?

সমীরণ। তিনি এখনও এসে পৌছতে পারেন নি…তবে টেলিগ্রাম করেছেন।

হৃদয়। হুঁ! তা এ রকম সং সাজবার কারণটা কি?…

সমীরণ। ইংরাজী মতে This is called night attire…

হৃদয়। অন্য কোন মতলব ভাঁজ! আমি হ'লাম সাতপুরুষে জমিদার… ইংরাজী বুক্‌নীতে আমাকে কাৎ করা যাবে না।

সমীরণ। মানে আমার শোওয়াটা অত্যন্ত অশোভন বলে বিলিতি মতে এটা পরিধান করেছি।—তারপর গতরাত্রে হঠাৎ একটি accident হওয়ায়—

হৃদয়। কি হওয়ায়?

সমীরণ। মানে একটি আকস্মিক দুর্ঘটনা ঘটায়—

হৃদয়। আমার বাড়ীতে দুর্ঘটনা?

সমীরণ। আজ্ঞে সে ভীষণ! গত মধ্যরাত্রে বৈষ্ণব পুঙ্গব শ্রীকাণাকড়ি গাঁটকাটা মহাশয় আখ্‌ড়া ভ্রমে এই গৃহে প্রবেশ করে অত্রস্থ সমুদয় জিনিষ স্থানান্তরিত করেছেন।…তাই, হৃতসর্ব্বস্ব হ'য়ে এই অবস্থায় বাস করছি।

হৃদয়। অর্থাৎ তুমি বলতে চাও যে এ বাড়ীতে চুরি হ'য়েছে?

সমীরণ। অবিকল।

বিন্ধ্যাচল। (চঞ্চল অবস্থায়) ওগো! আমার যে সর্ব্বস্ব রয়েছে গো! আমার গোপালমণি—

দ্রুত প্রস্থান

হৃদয়। যা ভেবেছি তাই।···হুঁ! হুঁ! আমি হ'লাম—

সমীরণ। সাতপুরুষে জমিদার—

হৃদয়। বুঝলে? ··

উচ্ছ্বসিতভাবে কাঁদিতে কাঁদিতে কুমুদকে লইয়া বিন্ধ্যের প্রবেশ

বিন্ধ্যাচল। ওগো! আমার সর্ব্বস্ব গেছে গো! আর এই দেখ আমার গোপালমণির ঘরে কে ঢুকে বসেছিল।

হৃদয়। এই দুইজন—এই দুইজন—বুঝলে? ও আমি আগেই জানি—বুঝলে—একটা ষড়যন্ত্র—একটা ষড়যন্ত্র—

বিন্ধ্যাচল। ওগো! আঃ—

হৃদয়। এটি হ'লেন কে? তোমার সহকর্ম্মিণী বোধকরি?···

সমীরণ। সহধর্ম্মিণীও বটে।

কুমুদ। What the hell you mean?

সমীরণ। Wife.

হৃদয়। স্ত্রী! তা স্ত্রী—

বিন্ধ্যাচল। ওমা! বৌ? এস—এস মা লক্ষ্মী!

বক্ষে ধারণ করেন

হৃদয়। মাথায় সিঁদুর কৈ?

সমীরণ। নেই।

হৃদয়। কেন ?…

সমীরণ। ওটা একটা কুসংস্কার বৈ ত নয় ? তার ওপর…এর ওপর… আমরা হচ্ছি ব্রাহ্ম কি না—

হৃদয়। না না, আমার বাড়ীতে ওসব ম্লেচ্ছাচার আমি কিছুতেই সহ্য করব না।

বিন্ধ্যাচল। ওগো! আঃ—

হৃদয়। ( সন্দিগ্ধ ভাবে ) তোমার…স্ত্রী ?

সমীরণ। সাতপুরুষানুক্রমে আমার কি একটি স্ত্রীও থাকতে নেই ?

হৃদয়। হুঁ! ওগো, একবার চল—সরেজমিনটা ভাল করে তদারক করে আসি—পুলিশকে আবার সব বলতে হবে কিনা ?

উভয়ের প্রস্থান

সমীরণ স্ত্রীপরিচয় দিবামাত্রই এমনি বিব্রত হইয়া পড়িয়াছিল যে কুমুদের চোখের দিকে চাহিবার সামর্থ্য ছিলনা। কুমুদ যতই তাহার সম্মুখীন হইবার প্রয়াস পাইতেছিল—সমীরণও ততই তাহার দৃষ্টি এড়াইবার চেষ্টা করিতেছিল

কুমুদ। ( রাগত ভাবে ) এ রকম যা'তা…অর্থাৎ আমি আপনার স্ত্রী একথা বলবার অর্থ কি ?

সমীরণ। অর্থ ছিল বলেই বলা হ'য়েছে। অর্থাৎ ওরকম অবস্থায় সাতপুরুষানুক্রমে—

কুমুদ। Damn *your* সাতপুরুষানুক্রমে !

সমীরণ। ও অবস্থায় আর এ ছাড়া উপায় ছিল কি বলুন ?

কুমুদ। তাই বলে ওই রকম যা তা? আপনি কি ক'রে কল্পনা করতে পারলেন?

সমীরণ। Necessity is the mother of invention.

কুমুদ। কিন্তু, আমি যে এ কোন মতেই সইতে পারছিনে!

সমীরণ। কতটুকুই বা, আর একটুখানি।...

কুমুদ। না না না, একটুও না। I can't stand you even as a temporay husband!

উভয়ের প্রবেশ

বিন্ধ্যাচল। ওগো! আঃ—শোননা!

হৃদয়। বুঝলে গিন্নী—আমি হ'লাম সাতপুরুষে জমিদার—চোর আর চুরি ধরতে আমার বিলম্ব হয় না।

বিন্ধ্যাচল। ওগো! আঃ—বেচারারা কি বিপদেই পড়েছে বলত?

হৃদয়। কত বড় আস্পর্দ্ধা! আমার বাড়ীতে চুরি! আমি হ'লাম সাতপুরুষে জমীদার—আমার ধমকে বাঘে গরুতে একঘাটে জল খায়! এর একটা বিহিত না করেই কি ছাড়ব ভেবেছ?

এমন সময় বংশীর মা আপন মনে বাটী প্রবেশ করে—সহসা জন সমাগম দেখিয়া জিভ কাটিয়া মাথায় ঘোমটা টানিয়া দেয়

বংশীর-মা। ওমা!

বিন্ধ্যাচল। এ সব কি কাণ্ড বংশীর-মা? এত বড় চুরিটা বাড়ীতে হ'য়ে গেল, আর তুমি কিনা নিশ্চিন্দি হ'য়ে—

বংশীর মা। ওমা! সে কি কেলেঙ্কারীর কথা! আমাদের তেমন ঘরে

জন্ম নয়। পেটের দুঃখে না হয় পরের দুয়োরে চাকরীই করতে এসেছি, তাই বলে

উত্তেজনায় ঘোমটা দূরে যায়

আমাদের অমন ছোট নজর নয়।

সমীরণ। না না না, মহিলানুক্রমে উনি বিশেষ ভদ্রা।

বংশীর মা। বলত বাবা—বলত। তুমিই বলত?

বিন্ধ্যাচল। কাল যে সর্ব্বস্ব চুরি হ'য়ে গেল—

বংশীর মা। ওমা! তাই নাকি? কখন? আমি বাপু কিচ্ছু জানিনে। আমায় বললে লোকটা যে জামাইবাবুর বন্ধু—আমি ভাবি ভাল, বন্ধু। ওনার ওপর সব ভার দিয়ে তবে বাড়ী ঘর ছেড়ে নিশ্চিন্দি হ'য়ে গেছি। আমি কি জানি উনি অমন চোর ছেঁচড়? আজকাল ভদ্দর ইতর চেনবার জো নেই গো! তাই ত বলি কাল রেতে উনি অমন চনমন্ করেন কিসের জন্যে? আমাকে বিদেয় করতে পারলে যেন উনি বাঁচেন। তা ইনি আবার কে?

হৃদয়বল্লভ। উনি যে ওঁর স্ত্রী কাল দেখনি?

বংশীর মা। ওমা! ওনারে আবার কখন দেখলাম? ইনিত কাল একা এলেন?

হৃদয়বল্লভ। বুঝলে গিন্নী ও আমি আগেই জানতাম—ষড়যন্ত্র!

সমীরণ। শুদ্ধ এক ঘণ্টার আগু পিছু। মানে কথা হ'ল—একসঙ্গেই রওনা হচ্ছিলাম—হঠাৎ ওঁর ভাই—ওই যে যার কথা বল্লাম নিঃস্যাণ্ডো—

হৃদয়বল্লভ। কে ?

সমীরণ। ওই যে যিনি এক ঘুঁষিতে বত্রিশ পাটি দাঁত উড়িয়ে দেন ওই তিনিই হচ্ছেন ওর ভাই কিনা! তাঁর স্ত্রীর হঠাৎ প্রসব বেদনা ওঠায় উনি আসতে পারলেন না। আমি আবার হ'লাম পুরুষানুক্রমে কেরাণী—Punctuality is my keyword—চলে এলাম। উনি সেই প্রসব হ'লে একঘণ্টা বাদে next trainএ রওনা হলেন।

এমন সময় হন্তদন্ত হইয়া সুটকেশ হাতে প্রবেশ করে জীবন, পরণে তার হ্যাটকোট

আরে! কে ও? এস, এস!

জীবন। বড় বিপদ—স্ত্রীর অসুখটা হঠাৎ relapse করলে, তাই আট্‌কা পড়ে গেলাম।

হৃদয় ও বিন্ধ্যাকে প্রণাম করিয়া

আপনারাও এসেছেন—ভালই হ'ল। এক সঙ্গে বেশ দিব্য আনন্দে কাটান যাবে। ইনি হচ্চেন আমার বাল্যবন্ধু শ্রী…

সমীরণ। দন্ত 'স', আর ইনি হচ্ছেন শ্রী বর্গীয় 'জ'।

হৃদয়বল্লভ। কে ?

সমীরণ। I mean আপনাদের জীবনভায়া—এঁরই জন্যে যত কাণ্ড।

জীবন বিমূঢ়বৎ সকলের দিকে চাহিতে থাকে

কুমুদ বিবর্ণ মুখে ধীরে ধীরে চক্ষু নিমীলিত করিয়া বিন্ধ্যাচলের গাত্রে ঢলিয়া পড়ে…সমীরণ ছুটিয়া যাইয়া তাহাকে একখানি সোফায় শোয়াইয়া দেয়

বিন্ধ্যাচল। ওমা। বউ যে মূর্চ্ছা গেল। তা বাবা মির্গির ব্যামো আছে বুঝি?

সমীরণ। মির্গি-মির্গি-মির্গি ঠিক নয়…তবে ঐ রকমই আর একটা যাকে চিকিৎসা শাস্ত্রে বলে…লোকফোবিয়া।

সকলে সবিস্ময়ে তাহার দিকে চাহে

হৃদয়বল্লভ। ওটা বুঝি বিলিতি ব্যামো?

সমীরণ। না না, বিলিতি নয়—বিলিতি নয়, একেবারে খাঁটি স্বদেশী—মানে All India Congress Committeeর লেবেল মারা—যাকে বলে—

হৃদয়বল্লভ। কি?

সমীরণ। মানে লোক সমাগমে স্নায়বিক দৌর্ব্বল্য বশতঃ পতন ও মূর্চ্ছা।

যবনিকা।

## চতুর্থ দৃশ্য

গাড়ী বারান্দার ছাদ। মধ্যে একখানি বাঁশের টেবিল—চারিদিকে খানকতক বাঁশের চেয়ার। চায়ের সরঞ্জাম লইয়া একটি ভৃত্যের প্রবেশ। সে চায়ের ট্রে টেবিলে রাখিয়া প্রস্থান করিলে—একখানি খবরের কাগজ ও সিগারেটের টিন হাতে জীবনের প্রবেশ। সে চা ঢালিয়া পান করিতে করিতে কাগজে মনোনিবেশ করিলে—প্রবেশ করে উত্তেজিতভাবে সমীরণ।

সমীরণ। A damned fool! A square fool! A round fool!

আড়চোখে তাহার ভাব লক্ষ্য করিয়া জীবন গলা পরিষ্কার করিয়া নড়িয়া চড়িয়া বসে

এই যে! এই যে! এই যে! এইখানে এসে বসে আছ? আর আমি এদিকে সারা বাড়ী খুঁজে বেড়াচ্ছি।

জীবন। আ···ও···আর···হু উ উ উ ম্! Good morning.

বার দুই কাশিল—একবার রুমালে নাক ঝাড়িল • ভয়ে ভয়ে দু' একবার সমীরণের দিকে চাহিল

সমীরণ। Good morning—sweet morning—bad morning! What a mess! What a dickens of an unholy mess!

জীবন। মেস্-মেস্! ও! তা মেসে কি হ'য়েছে? দিগেন আবার কে হে?

সমীরণ। তোমার মুণ্ডু আমার পিণ্ডী। আমি—আমি—আমি যে এদিকে যাই!

জীবন। কি হ'ল?

সমীরণ। ঐ যে, ঐ যে তোমার ডাক্তার—সে থাক্। এখন তোমায় ভাই একটা কাজ করতে হবে। ঐ ঐ ঐ ডাক্তার কুমুদ মৈত্রটি হচ্ছেন আমার স্ত্রী।

জীবন। (চেয়ার হইতে লাফাইয়া উঠিয়া) Congratulations old chap! এটাত আমি জানতামনা!

গানঃ

ধন্য রঙ্গ হে অনঙ্গ চির প্রণম্য হে
বন্ধন করি বন কুরঙ্গে করিলে ধন্য হে।
কুসুম শায়কে বিঁধিছ যে দুটী প্রাণ
প্রেমের প্রলেপ তাদের করিও দান
সার্থক কর এ মহা মিলন চির-বরেণ্য হে।

সমীরণ। এ কথা তুমি জান এবং সকলকে বলতে হবে।···

জীবন। The idea! No! No! No! তিনি যে তোমার স্ত্রী—এ কথা আমি কখন জানতামনা,—এ আমি হলপ্ করে বলতে পারি।···

সমীরণ। সে কি আর ভাই আমিই জানতাম! এখন অবস্থা যা দাঁড়িয়েছে তাতে হলপ করে বলতে হবে যে তুমি জান।

জীবন। মানে? বিয়েটা হ'ল তোমার—জানব কি আমি?

সমীরণ। অবিকল তাই। কথায় বলেনা—যার বিয়ে তার হুঁস্ নেই—পাড়াপড়শীর ঘুম নেই—এ ভাই ঠিক তাই।

জীবন। রাথ—রাথ কোথায় যেন একটা গোলমাল রয়েছে। Let me follow you line by line. Now old chap! কবে বিয়ে করলে?

সমীরণ। এই আজ সকালে। ধর...এক রকম বিয়ে করতে বাধ্য হ'য়েছি। A bit of a mix up.

জীবন। what?

সমীরণ। Keep off your bullying!

জীবন। মানে?

সমীরণ। শুদ্ধ ভাই লোকানুরঞ্জনে, মানে—একটা আগে সিগারেট দাও। কাল রাত্রি থেকে একটা সিগারেট খেতে পাইনি। ( সিগারেট ধরাইয়া গোটাকতক টান দিয়া ) এমন বিপদেও মানুষকে ফেলে?

জীবন। কে কাকে ফেললে?

সমীরণ। That devil you—আমাকে।

জীবন। A libel!

সমীরণ। কাল ত রাত্রে এখানে পৌছে দেখি তুমি নেই। এসে দেখি মহিলানুক্রমে ভদ্রা—

জীবন। সে আবার কে?

সমীরণ। Don't inturrupt me! তিনি হচ্ছেন বাড়ীর বামুন ঠাকুরাণী—অতি সজ্জন—অতি ভদ্র। তিনি তাঁর ভব্যতা রক্ষার্থে

প্রস্থান করলে—প্রবেশ করলেন Dr. Kumud···যিনি সে তাবৎ আমার মানসরাজ্যে বিচরণ করছিলেন শ্মশ্রু গুম্ফ বিশোভিত ডাক্তারবাবুরূপে—হঠাৎ তোমার ম্যাজিক বলে প্রকট হ'লেন—সুন্দরী তরুণী রূপসী যুবতীরূপে।

জীবন। হা-হা-হা! আরে উনি যে আমার স্ত্রীর বন্ধু।

সমীরণ। সে ত তুমি জান। আমি জানতাম তোমার বন্ধুরূপে।

জীবন। তার পর? তার পর?

সমীরণ। তার পরের অবস্থা আরও ভাল। গাঁটকাটা কাণা কড়ির কৃপায়···গত মধ্যরাত্র থেকে এই এক কাপড় সার।

জীবন। হা—হা—হা! ভারী মজা হ'য়েছে ত?

সমীরণ। Hold your tongue—hold your tongue!

জীবন। হা—হা—হা! ব্যাপারটি বেশ জটীল হ'য়ে দাঁড়িয়েছে বুঝতে পারছি। কিন্তু তাই বলে তুমি কুমুদকে বউ বলে পরিচয় দিতে গেলে কেন?···

সমীরণ। আমার অবস্থায় পড়লে তুমিও দিতে।

জীবন। তাই বলে স্ত্রী? কুমুদ কি ভাবলে বলত?

সমীরণ। যাই ভাবুন, কিন্তু মানবমাত্রেরই আত্মরক্ষার প্রয়োজন আছে। অবস্থাটা তখন এমনি দাঁড়িয়েছিল যে অবিলম্বে ঐ রকম একটা কিছু বলা প্রয়োজন হ'য়ে পড়েছিল। মানুষের জীবনে সময়ে সময়ে এমনি সঙ্কটাপন্ন অবস্থার সমাবেশ হয় যে তখন তার চিন্তা করবারও অবকাশ থাকেনা। আমি যদি পাঁচ মিনিট···শুদ্ধ পাঁচ মিনিট সময় পেতাম, তাহলে জিনিষটা অন্যভাবে ঘুরিয়ে নিতে পারতাম।

জীবন। তাই বলে একেবারে—

সমীরণ। এর চেয়ে মনোজ্ঞ পরিচয় ত ভাই আমার মাথায় এলনা। শুধু তাই নয়—এই পরিচয়টুকুর ওপর তখন নির্ভর করছিল তাঁর খ্যাতি-প্রতিপত্তি-চরিত্র। আধুনিক যুগে মানুষের মতিগতির এমনি অধোগতি হ'য়েছে যে তারা যেন ভাবতেই পারেনা—দুটি নর-নারী তাদের সম্ভ্রম বাঁচিয়ে একত্র বাস করতে পারে।

জীবন। আচ্ছা, ধর যদি মেয়ে টেয়ে কিম্বা অনাথা কেউ যেমন ট্রেনে রাস্তায় কুড়িয়ে পেয়েছে—

সমীরণ। Oh shut up!

জীবন। ধর, এখন যদি ব্যাপারটা খুলে বল—যেমন এই মাধ্যাকর্ষণ কিম্বা ভূয়োদর্শন বশতঃ—

সমীরণ। What the hell…মাধ্যাকর্ষণ ভূয়োদর্শন…এ সবের মানে কি?

জীবন। সব সময় সব কথার মানে জানবার তার প্রয়োজন হয়না। আচ্ছা, যদি বল sudden brain stormএ বলে ফেলেছিলে কিম্বা slip of tongue.

সমীরণ। Bright! কিন্তু, তার পরের অবস্থাটা?

জীবন। সেই পরের অবস্থার কথাটাই ত বলতে যাচ্ছি। এখন যদি অবস্থাটা এই থাকে তবে তার ফল ইলার ওপর কিভাবে অর্শাবে? সে হচ্ছে একেবারে কৃত্তিবাসের যুগের—

সমীরণ। সর্ব্বনাশ! এ কথাটা ত একেবারে ভুলেই গিয়েছিলাম।

জীবন। তিনি তোমার পত্নী হ'লে এ কথা কখন ভুলতে পারতেনা অবশ্য। ভুললেও তার রোগের হাসপাতাল ঠিক তোমায়

জাগিয়ে রাখত। এখন কথা হচ্ছে, ইলা যে কোন মুহূর্তে আসতে পারে।

পুলিশ ইনসপেক্টারের সহিত হৃদয়বল্লভের প্রবেশ

হৃদয়বল্লভ। এই যে ইনসপেকটারবাবু—যার কথা বলছিলাম আমার বাড়ীতে উড়ে এসে জুড়ে বসে আছেন। আমার একশ' ভরির গোপাল—জানেন, আমার স্ত্রীর অঙ্কের নড়ি—শিবরাত্রির সলতে। তাঁর শোকে ত সে সকাল থেকে শয্যাগ্রহণ করেছে—

বিন্ধ্যাচলের প্রবেশ

বিন্ধ্যাচল। ওগো! আঃ—চুপ করনা! একটু আস্তে আস্তে কথা বলনা?···

সম্মুখে ইনস্পেক্টারকে দেখিয়া মাথায় ঘোমটা টানিয়া স্বর নামাইলেন

ঘরে একটি রুগী ধুকছেনা? যাই, দেখি বার্লি চাপিয়ে এসেছি।

প্রস্থান

হৃদয়বল্লভ। আমি হচ্ছি সাতপুরুষে জমিদার আমি জানিনে কি? এই ইনি—ইনি হচ্ছেন মূল।

ইনস্পেক্টর। আপনার নাম?

সমীরণ। শ্রীসমীরণ কুমার বাগচী!

ইনস্পেক্টর। পেশা?

সমীরণ। Accountant—The great Heterogeneous Assurance Society of Bengal.

জীবন। উনি বিলেত থেকে পাশ করে এসেছেন।...

ইনস্‌পেক্টর। ও! তা হ'লে ত দেখছি উনি মহা সম্ভ্রান্ত ব্যক্তি! গত রাত্রে এ বাড়ীতে যে চুরি হ'য়ে গেছে—সে বিষয়ে কিছু জানেন?

সমীরণ। সম্যক। As for example—myself.…অর্থাৎ আমাকে দেখলেই আপনি উপলব্ধি করতে পারবেন।

ইনস্‌পেক্টর। কি-কি চুরি গেছে বলতে পারেন?

সমীরণ। হ্যাঁ—To begin with—ladies first—এই ধরুন একখানা জর্জ্জেট শাড়ী, তার পর ধরুন একটি ব্লাউজ—সায়া—ওভার কোট একটা—

হৃদয়বল্লভ। আমি হ'লাম সাতপুরুষে জমিদার—আমার জিনিবটা কিছুনা বটে? আপনি লিখুন—আপনি লিখুন—একশ' ভরীর গোপাল, তিন ভরীর রুলি, পাঁচ ভরীর গোট হার।

ইনস্‌পেক্টর। আপনার নাম?

জীবন। শ্রীজীবনময় চৌধুরী।

ইনস্‌পেক্টর। উনি বলছেন আপনার বন্ধু—এ কথা কি সত্য?

জীবন। অক্ষরে অক্ষরে। এই ধরুন আমি ওকে চিনি—ও যখন নিতান্ত শিশু। ওকি ওর মাকে কম কষ্ট দিয়েছে? ওর বাপ ত ওর আশা ছেড়েই দিয়েছিল।

হৃদয়বল্লভ। শুনুন ইনসপেক্টারবাবু—কি ছেলে! বাপ আশা ছেড়ে দেয় যে ছেলের—সে পারেনা কি? আমি হচ্ছি—

সমীরণ। সাতপুরুষে জমিদার।

জীবন। না না না, বাপ ওর আশা মানে ওর জীবনের আশা ছেড়ে

দিয়েছিল।...শেষ পর্য্যন্ত ও হয়ত জন্মাতইনা।...ক্রমাগত তিনদিন প্রসব বেদনার পর ও ভূমিষ্ঠ হয়।

ইনস্পেক্টর। I see! চলুন হৃদয়বাবু—বাড়ীটা একবার ঘুরে দেখে আসি—একটা রিপোর্ট তৈরী করতে হবে। আপনারা দিন দুই আছেন ত এখানে?

হৃদয়বল্লভ। বিলক্ষণ—

ইনস্পেক্টর। সনাক্ত করবার জন্য গুটিকতক লোককে আনতে পারি—

সমীরণ। সে বড় কঠিন হবে। মানে—

হৃদয়বল্লভ। আপনি কি ওদের ছেড়ে দিতে চান নাকি? আমি যে ওদের নামেই চুরির চার্জ্জ আনতে চাই।

ইনস্পেক্টর। (হাসিয়া) চলুন চলুন—একবার সবটা দেখে আসি।

হৃদয়বল্লভ। আমি হচ্ছি সাতপুরুষে জমিদার...একটা—

বিন্ধ্যার প্রবেশ

বিন্ধ্যাচল। ওগো! আঃ—কি যা তা বলছ? ঘরে একটা রুগী শুষছেনা?...

সকলের প্রস্থান

সমীরণ। Oh hell!

জীবন। এখন এদিকে যে ইলা প্রতি মুহূর্ত্তে এগিয়ে আসছেন।

সমীরণ। তিনি এতাবৎ পিছিয়ে পড়েছিলেন কেন?

জীবন। আসবার সময় হঠাৎ খবর এল তার এক দূর সম্পর্কের দাদা-

মশায়ের শ্বাস উপস্থিত···আর দেখে কে তিনি ত সেইখানেই ছুটলেন।

সমীরণ। এই যে বল্‌লে তার অসুখ relapse করেছে—

জীবন। সেত ভাই চব্বিশ ঘণ্টাই হাত বদ্‌লাচ্ছে। এই ধর না—দুবার appendicitis operation, একবার tonsil off, দুবার বেরি বেরি, অম্লশূল ত চিরসাথী—

সমীরণ। ব্যস্—ব্যস্—ব্যস্!

বিন্ধ্যাচলের প্রবেশ

বিন্ধ্যাচল। একবার বলতে এলাম—তোমার বৌএর অবস্থা ত ভাল ঠেকছেনা বাপু। কি জানি কেন? ওসব ঢের ঘেঁটেছি কিনা। আমার বোনপো'র একবার এই রকম—কি নাম বল্‌লে বাবা, রোগটার?

সমীরণ। লোকফোবিয়া।

বিন্ধ্যাচল। ঠিক ঐ ব্যামো—তারও হ'য়েছিল কিনা। এসব রোগের লক্ষণই এই যে বেঘোরে পড়ে থাকে—মাঝে মাঝে বিকারের ঘোরে ঘর থেকে বেরিয়ে যেতে চায়—খিট্‌খিটে ভাব যেন মারমুখী। তা মারাত্মক নয় বটে তবে ভোগায়। ভাগ্যিস আমি সময়ে এসে পড়েছিলাম?

সমীরণ। নইলে কি হ'ত বলুন ত?

জীবন। এ রকম অবস্থায় ডাক্তার ডাকা প্রয়োজন, কি বলেন?

সমীরণ। ডাক্তারের কোন প্রয়োজন নেই। ওরকম মাঝে মাঝে হয়,

আবার আপনিই সেরে যায়। তা একজন specialist হ'লে মন্দ হ'তনা।

জীবন। রোগটা ত heart সংক্রান্ত? তা হ'লে একজন heart specialistকেই telegram করে দি—কি বল?

প্রস্থানোদ্যত। সমীরণ বাধা দিয়া

সমীরণ। দাঁড়াও দাঁড়াও হে! একটা smoke দিয়ে যাও।

বিন্ধ্যাচল। সে যা হয় তোমরা কর বাপু! আমার যতদূর সাধ্য আমি করব। যাই দেখি, একটু সাবু করে দিগে।

প্রস্থান

সমীরণ। একটা মতলব মাথায় এল। একখানা কাগজ আর কলমটা নাও ত!

পকেট হইতে কাগজ কলম লইয়া

জীবন। বল।

সমীরণ। মেয়েদের পোষাকের একটা লিষ্ট তৈরী করে ফেলি। সেটি নিয়ে তুমি বাজারে বেরিয়ে পড়। আর আমি—একখানা চিঠি ওর ঐ সাবু বার্লির ফাঁকে ওকে দিয়ে আসি।

জীবন। A genius! আচ্ছা, প্রথমে ধর একখানা শাড়ী—কি শাড়ী?

সমীরণ। Anything, শাড়ী, ধুতি, গাউন—

পায়চারী করিয়া

একটা আস্তীনওয়ালা জামা Shakespear Collar or tennis?

জীবন। সে কি হে? মেয়ে যে?

সমীরণ। Idiot.···Latest Craze.

জীবন। Very well, একটা ক্রচ্।

সমীরণ। What?

জীবন। কাঁধে কাপড় আঁটবার জন্যে একটা ক্রচ্। আমায় অনেকদিন এঁটে দিতে হয়েছে কিনা—আমি জানি, Now a pair of হিলতোলা স্থ।

সমীরণ। স্থ কি হবে হে? উনি যে কৃত্তিবাসের যুগের।

জীবন। কৃত্তিবাসের যুগের আবার কে হে? উনি ত রীতিমত হাল ফ্যাসানের। তার ওপর আবার ডাক্তার।

সমীরণ। সম্প্রতি উনি হচ্ছেন সাতপুরুষানুক্রমে কেরাণীর অতি ভব্যা গৃহিণী। অর্থাৎ তোমার ইলার Duplicate, নইলে যে তোমার রুগ্না স্ত্রীর Heart failureএর আশঙ্কা করি।

জীবন। ওঁকে কি লিখব?

সমীরণ। সাবু বার্লি খেয়ে কোন রকমে দয়া করে এই বেলাটা কাটিয়ে দিন। বিকেলে first clearanceএ আপনাকে Cash করছি।

চিঠিখানি টেবিলে রাখিয়া জীবন উঠিয়া পড়ে

জীবন। Cheer you!

সমীরণ। Cheer you!

দুইজনে দুই দিকে প্রস্থান করে

## পঞ্চম দৃশ্য

পূর্ব্ব দৃষ্ট শয়ন প্রকোষ্ঠে কুমুদ একখানি Invalid চেয়ারে অসহায়ের মত পড়িয়া আছে—কপালে অডিকোলনের পটি। পার্শ্বে রক্ষিত একখানি টিপয়ের উপর বার্লি সাবুর বাটি—অপর একখানিতে অডিকোলন—Iodine পুল্টিশ প্রভৃতি ঔষধ—আর একখানিতে পাঁউরুটি—ভূমিতে পার্শ্বে কতকগুলি ম্যাগাজিন ও বই বিচ্ছিন্ন ভাবে পড়িয়া আছে। বিন্ধ্যাচলবাসিনী কপালে জলপটি বদলাইয়া হাওয়া করিতে করিতে

. . .

বিন্ধ্যাচল। পুল্টিশ করা কি যার তার কাজ? তাই ঝাঁ করে গিয়ে দেখিয়ে দিয়ে এলাম। তা বাপু, অমনি উঠে ঘরময় নেচে বেড়িয়েছ—দেখ দিকি মা, এখন মাথার কি যন্ত্রণাটা হচ্ছে?

কুমুদ। ( মরিয়া হইয়া ) আমি বলছি আমার যন্ত্রণা হয়নি।

বিন্ধ্যাচল। হ'য়েছে মা—হ'য়েছে, বুঝতে পারা যায়না। হ'ত আমার বোনপো—কান ধরে বসিয়ে রাখতাম। আমায় দেখতে এমনি ভিজে বেড়ালটি—কিন্তু রাগলে আমি কারুর নই।

কুমুদ। সে আমি হাড়ে হাড়ে বুঝছি।

বিন্ধ্যাচল। বুঝবে বইকি মা—বুঝবে বইকি! আরও থাকলে আরও বুঝবে।

কুমুদ। এর পরে আরও আছে নাকি?

বিন্ধ্যাচল। নেইত কি! এইত সবে আলাপ হ'ল—সহজে ছাড়ব ভেবেছ?

কুমুদ। বিপদটা কাটলে হয়। উঃ! ভ্যান্ ভ্যান্ আর প্যান্ প্যান্ করে আমার মাথাটা ধরিয়ে দিলে।

বিন্ধ্যাচল। দেখছ মা, এই বলছিলে ভাল হ'য়ে গেছ! পুল্টিশটা আসুক বুকে দিয়ে দি—এখুনি সব ঠাণ্ডা হ'য়ে যাবে। শোও মা—একটু স্থির হ'য়ে শোও। আমাদের বংশে মা, সকলের ঐ মাথার ব্যামো। আমার ত আবার সান্নিপাতিকের ধাত। এই সেবার উনি হাজার টাকা খরচ করে যমের হাত থেকে ফিরিয়ে আনলেন। বরাত জোর—তাই বেঁচে গেলাম। আমার ছোট বোন বিশালাক্ষী ত ছেলেটার শোকে আজীবন পাগল হ'য়েই রইল। ছোট ভাইটাকে ত এই সেবার উনি কত চেষ্টা করে রাঁচীর কলেজে ভর্ত্তি করে দিলেন। আমার ঠাকুর কি ওঁর মাথার জন্যে কম পয়সাটা খরচ করেছেন? সাধে কিনা উনি বলেন সাতপুরুষে জমিদার—ওঁদের দাপটে একদিন বাঘে গরুতে একঘাটে জল খেত। কেউ অস্বীকার করলে ত শুনবনা—নিজের চোখে দেখা।

কুমুদ। তাই কি আমাকেও পাগল না ক'রে ছাড়বেন না?

বিন্ধ্যাচল। পাগল কে কাকে করে মা? তুমি যে কাণ্ডটা করছ তাতে পাগল হ'তে বাকিটা কি আছে?

বারান্দায় সেইক্ষণে সমীরণ এদিকে ওদিকে চাহিয়া আইসে ও চাপা কণ্ঠে ডাকিতে থাকে

সমীরণ। শুনেছেন? বলি শুনেছেন? ও ডাক্তার দেবী—

বিন্ধ্যাচল। ওমা! বৌ মনিষ্যিরে অমন চুপি চুপি ডাকে কে?

কুমুদ সচকিত হয় তাহার মুখে হাসি ফুটে

সমীরণ। বলি, ও মশায়! শুনেছেন?

বিন্ধ্যাচল। ওমা! ডাক্তারই বা কে—মশায়ই বা কে?

বন্ধ্য পাখা রাখিয়া দরজা খুলিয়া
পলায়নোদ্যত-সমীরণকে দেখিয়া

ওমা! ছেলের কাণ্ড দেখ! তা পালাচ্ছ কেন বাবা? তোমার ঘর তুমি আসবে···কে কি বলবে? তা তোমার আক্কেলটাই বা কি-একবার শুনি ত বাপু! সকাল বেলা থেকে বৌটাকে নিয়ে যমে মানুষে টানাটানি আর তোমার দেখাটি নেই!

সমীরণ। না, সে জন্যে নয়—সে আপনি আছেন। আমরা ছেলে মানুষ বুঝিই বা কি আর জানিই বা কি! আপনার বোনপোর—

বিন্ধ্যাচল। বলত বাবা, বলত! আমার বোনপোকে নিয়ে কম ভুগেছি?

সমীরণ। সে কি আর জানিনে? তা এই চিঠিখানা—একবার ওঁকে—

বিন্ধ্যাচল। ছেলের কথা শোন! কেন, উনি তোমার কে হন?

সমীরণ। গৃহিণী—আদি ও অকৃত্রিম। যাই দেখি ইনস্পেক্টার—

কুমুদ মারমুখী হইয়া বিন্ধ্যাচলের সম্মুখে আসিয়া দাঁড়ায়

কুমুদ। ইনস্পেক্টার! কিসের জন্যে ইনস্পেক্টার আসে?

সমীরণ। চোর ধরতে।—তা—আ—আপনি চটছেন কেন?···

কুমুদ। তুমি—তুমি—তুমি কি চোর যে তোমার পেছনে ওঁরা পুলিশ লেলিয়ে দিয়েছেন?

সমীরণ অবাক হইয়া যায় তাহার কথা শুনিয়া। সমস্ত মুখে চোখে ফুটিয়া উঠে আনন্দাতিশয্যের চিহ্ন

A brute! A brute! A brute!

কুমুদের দুই চক্ষু বহিয়া অশ্রু ঝরিতে থাকে

সমীরণ। Is it possible! না না—বিকার—বিকার—বিকার!

বলিতে বলিতে প্রস্থান

কুমুদ আসিয়া ক্লান্ত অবসন্ন ভাবে চেয়ারে ঢলিয়া পড়ে

বিন্ধ্যাচল। দেখলে ত মা আবার একটা কাণ্ড বাধিয়ে বসলে। তুমি কি ক্ষেপলে মা? উনি সামান্য গোপালের জন্যে তোমার স্বামীকে ধরিয়ে দেবেন?

কুমুদ। (অসহ্য ক্রোধে) আপনি যান—বেরিয়ে যান ঘর থেকে!

বিন্ধ্যাচল। বিকারের ঘোরে কি যে বলছে···আর করছে, কিছুই ঠাহর করতে পারছে না। তুমি শোওমা, আমি মাথায় একটু অডিকোলন দিয়ে দি।

তিনি অডিকোলন দিয়া হাওয়া করিতে থাকেন
বারান্দায় প্রবেশ করেন সমীরণকে ধরিয়া হৃদয়

হৃদয়বল্লভ। পালাচ্ছ কোথায়? আমার চোখ এড়িয়ে যাওয়া বড় সহজ নয়। ইনস্‌পেকটার বলে বংশীর কথা—আমি বলি সাত পুরুষে জমিদার মানুষ চিনিনে আমি বটে!

বিন্ধ্য দরজা খুলিয়া প্রবেশ করে

বিন্ধ্যাচল। 'ওগো! আঃ—কি যা-তা বলছ? যাওত বাবা তুমি একটু বসগে, আমি ওঁর সঙ্গে বোঝাপড়া করে আসি। ভদ্র লোকের ছেলেকে যা নয় তাই বলা। এই ভর দুপুর বেলা রোগা বউটাকে নাকের জলে চোখের জলে করলে!…

হৃদয় ভীত সঙ্কুল নেত্রে তাহার দিকে চাহে বিন্ধ্য তাহার হাত
ধরিয়া টানিয়া লইয়া যায়

সমীরণ এদিকে ওদিকে চাহিয়া ঘরে ঢুকিয়া দেখে কুমুদ একখানি
বই "নিভৃত নিকুঞ্জ" উল্টা করিয়া চোখের সম্মুখে
ধরিয়া বসিয়া আছে

সমীরণ। চমৎকার বই, না?

কুমুদ। (জলিয়া উঠিয়া) বস্তি সাহিত্য! A trash! A Rot!… দেখছেন না উল্টো করে ধরে আছি?

সমীরণ। তা দেখিনি।

কুমুদ। তা হ'লে দেখুন।

সে ছুঁড়িয়া ফেলিয়া দিয়া উঠিয়া দাঁড়াইয়া মাটীতে লাথি মারিতে মারিতে

Fed up! Fed up! Fed up! আমি আর পারছিনা—নিঃ কি?

সমীরণ। বাগচী।

কুমুদ। How I hate you! How I loathe the sight of that woman!

সমীরণ। I would rather say—all these were your creations.

কুমুদ। I never prescribed, plasters, compresses, massages. Iodine, Sanatogen, Ovaltin, Milk, Sabu, Barley—all those—damn it! damn it! damn it!! (সে জানালা গলাইয়া সব ফেলিতে থাকে)।

সমীরণ। Damn it I say—আপনার পোষাক আনতে গেছে—এলেই···

কুমুদ। কে গেছে?

সমীরণ। বর্গীয় "জ"।

কুমুদ। who?

সমীরণ। I mean জীবনকে পাঠিয়েছি—সে এখুনি এসে পড়বে।

কুমুদ। আসবে সে ঠিক—আনবে কি না সেই বিষয়েই যা সন্দেহ।

সমীরণ। You mean he is—

কুমুদ। An idiot! তিনি যে মেয়েদের পোষাকের পরিবর্তে পুরুষের পরিচ্ছদ আনবেন না—সে বিষয়ে কিছু গ্যারাণ্টি দিতে পারেন?

সমীরণ। না।

কুমুদ। Then I would recommend you a cold compress. বহু গবেষণা করেছেন, এইবার সোজা বাথরুমে গিয়ে দাড়িটা কামিয়ে ফেলুন।

সমীরণ। দাড়িটা কি অপরাধ করলে?···

কুমুদ। It is an abode of germs—আর আমার temporary

husbandএর মুখেও আমি দাড়ি কোন মতেই সইতে পারব না। আপনি যান— আমি ততক্ষণ গা'টা ধুয়ে আসি।

বাথরুমের দিকে প্রস্থানোদ্যত

বিন্ধ্যাচলের প্রবেশ

বিন্ধ্যাচল। এই যে দুজনেই আছ। তাই ত বলি যার জিনিষ সে না দেখলে কি হয়? দেখ দিকি—মা লক্ষ্মীর মুখে কি রকম হাসি ফুটেছে! কথায় বলে—যার কর্ম্ম তারে সাজে অন্য লোকে লাঠি বাজে।

কুমুদ। Fed up!

বিন্ধ্যাচল। খিট খিটে ভাবটা এখনও কাটেনি দেখছি।

সমীরণ। ও কিছু না।···চিকিৎসা শাস্ত্রে বলছে, চিত্তোন্মাদনা রোগমুক্তির প্রধান লক্ষণ।

বিন্ধ্যাচল। ও কোন কাজের কথা নয়। মাথার উত্তাপ এখনও আছে অডিকোলন ব্যবহার করতেই হবে। শরীরের রস এখনও মরেনি—

সমীরণ। অতএব বার্লিই ব্যবস্থা রইল, কি বলেন?

কুমুদ। বার্লি যে করবে—সে খাবে।

বিন্ধ্যাচল। বৌ-এর আমার কথা শোন।

কুমুদ। হ্যাঁ, ঐ আমার শেষ কথা—এর জন্যে প্রয়োজন হয় ত বল-প্রয়োগেও দ্বিধা করব না।

বিন্ধ্যাচল। কি! হ'ত আমার বোনপো—কান ধরে খাওয়াতাম।···

কুমুদ। কি! (রুখিয়া)

সমীরণ। না না, দিদিমা, আপনি ওঁর সঙ্গে পারবেন না। আজকালকার মেয়ে ওঁদের সব Iron nerve···good circulation.

বিন্ধ্যাচল। তোমাদের দুটিতে মিলেছে ভাল। একজন একটু গরম হ'লে আর এক জনকে নরম হ'য়ে সয়ে নিতে হয়।

বার্লি প্রভৃতির বাটি দেখিয়া

ওমা! কখন খেলে? একটুও নেই দেখছি।···যাই দেখি দুধ বার্লির ব্যবস্থা করি।···

বাটিগুলি লইয়া প্রস্থান

কুমুদ। Fed up!···

প্রস্থান

বারান্দায় প্রবেশ করেন হৃদয়বল্লভ

হৃদয়বল্লভ। শুনছ হে—শুনছ ছোকরা!

সমীরণ বাহিরে আইসে

বলি, তোমার নামটা কি হে?

সমীরণ। কোনটা শুনবেন?

হৃদয়বল্লভ। তোমার আবার কটা নাম হে?

সমীরণ। নাম একটাই—তবে shortcut আর long cut

হৃদয়বল্লভ। সে আবার কি?

সমীরণ। এই ধরুন আমার নাম শ্রীসমীরণকুমার বাগ্চী। এত বড় নাম সকলে সব সময়ে বলতেও পারেনা আর মনেও থাকে না—তাই

আমরা নামের আদ্য অক্ষর ডাক নাম করে নিয়েছি—যেমন শ্রীদন্ত“স”। আপনি আমাকে দন্ত“স” বলেই ডাকবেন। It is purely my invention.

হৃদয়। বেশ বেশ! তা তোমায় সেই খবরটা বলতে এলাম, থানায় গিয়েছিলাম তা—

দ্রুত বিন্ধ্যাচলের প্রবেশ

বিন্ধ্যাচল। ওগো! আঃ আবার!

হৃদয়বল্লভ। ও! তা, আমি চল্লাম ভায়া!

উভয়ের প্রস্থান

সমীরণ দরজার সম্মুখে দাঁড়াইয়া ভাবিতে থাকে যাইবে কি থাকিবে,
এমন সময় পশ্চাতে প্রবেশ করে জীবন।
উভয়ে ঘরে প্রবেশ করে

জীবন। আচ্ছা ভাই, Arithmetic ভাল জানা আছে?

সমীরণ। আমি একজন বিলেত ফেরৎ accountant মনে থাকে যেন।

জীবন। তাও ত বটে! তাও ত বটে! একটা problem কষ দেখি? সাত চারের মধ্যে ক'বার যায়?

সমীরণ। মানে?

জীবন। মানে হচ্ছে এই যে সন্ধ্যার প্রাক্কালে বাড়ীতে লোক হয়ে যাচ্ছে, ধর সাত জন—

সমীরণ। আর একজন বেশী ধর হে! ওঁর ভাই, তিনিও আসছেন যে।

জীবন। কে?

সমীরণ। ঐ তোমার ডাক্তারের ভাই Mr Sandow আসতে পারেন যে কোন মুহূর্ত্তে!

জীবন। ও! তবে ধর আট। অথচ ঘর থাকছে চার মায় হেঁসেল, যদি রাত্রিতে সকলকেই থাকতে হয়, তবে কি বন্দোবস্ত হবে? আসবার সময় ষ্টেশনটা হ'য়ে এলাম—ছ'টার সময় একখানা গাড়ী আছে। আশঙ্কা করছি ইলা হয়ত সেই গাড়ীতে আসবে।

সমীরণ। সর্ব্বনাশ!

জীবন। আমি আর আমার স্ত্রী একঘরে, সাতপুরুষ ও তাঁর স্ত্রী নিজের ঘরে, তোমার ডাক্তারের ভাই মিঃ স্যাণ্ডো ড্রইংরুমে—বামুন ঠাকরুণ ধর হেঁসেলে—এখন তুমি তোমার স্ত্রী কোন্ ঘরে? Work out this problem?

সমীরণ। Don't be silly!

জীবন। Now that she belongs to you is a hypothetical truth. উনি যে তোমারস্ত্রী সে ত আমরা সবাই স্বীকার করে নিয়েছি।

সমীরণ। ইলা হয়ত স্বীকার করবেন না।

জীবন। That's a different proposition.

সমীরণ। Your's is an absurd problem. আট চারের মধ্যে মোটেই যায়না। আর রাত্রিবাসেরও প্রয়োজন হচ্ছেনা। এখন, তার কি ব্যবস্থা করেছ?

জীবন। ও! ভুলে গেছি! নীচে ফেলে এসেছি।

প্রস্থান

সেই ক্ষণে প্রবেশ করে সন্ত পরিচ্ছন্না কুমুদ

কুমুদ। How horrible you look !

সমীরণ। Oh the contrary—how exceedingly charming !

দরজায় করাঘাত

কুমুদ। ঐ আবার ! Fed up !

সমীরণ। অভিনয় ভঙ্গিতে Oh !···Oh my darling ! প্রিয়ে—প্রিয়তমে—

কুমুদ। What nonsense—

সমীরণ। মোটেই না। We are expecting Ela any moment. তাই একটু rehearsal দিয়ে নিচ্ছি।

করাঘাত

Come in.

হৃদয় বল্লভের প্রবেশ

হৃদয়। একবার এলাম বৌমার খবরটা নিতে। সেই সঙ্গে তোমার কাছেও মাপটা চেয়ে নিতে। কিছু মনে করোনা ভায়া ! সাতপুরুষে জমিদার—প্রজা ঠেঙ্গিয়ে ঠেঙ্গিয়ে এমনি বদ অভ্যাস হ'য়ে গেছে—

বিন্ধ্যাচলের দ্রুত প্রবেশ

বিন্ধ্যাচল। ওগো ! আঃ—মেয়ে জামাই ঘরে রয়েছে না ?

হৃদয় জিভ্ কাটিয়া স্ত্রীর সহিত প্রস্থান করেন

জীবনের পার্শ্বেল হাতে প্রবেশ

জীবন। ( ঘড়ি দেখিতে দেখিতে ) পৌনে ছ'টা! Not a moment to loose.

সমীরণ। ( কুমুদের হাতে পার্শ্বেল দিয়া ) এই নিন। আপনার কাপড় চোপড়। ও-ঘরে গিয়ে আপনি ততক্ষণ পরিবর্ত্তন করুন। হ্যাঁ, in case-এর কথা বলা যায় না।

জীবন। সে কি হে?

সমীরণ। মনে রাখবেন আপনি নব বিবাহিতা স্ত্রী, অতিশয় গেঁয়ো, মাথায় একহাত ঘোমটা নইলে মূর্চ্ছা যান।

কুমুদের প্রস্থান

অস্থির ভাবে পদচারণা করিয়া

সমীরণ। Train arrival—৬টা—local or standard?

জীবন। Railway time 5 P. M. our 6 P. M.…

সমীরণ। What?

জীবন। মানে আমাদের ৬টা।…

সমীরণ। ৬টা হ'ল কি ক'রে?

জীবন। অতি সোজা—Railway time পাঁচটা—add 30 to make it local—grace 30 for 3 miles.

সমীরণ। A Square fool! A Round fool! An April fool! ২৪ মিনিটে হয় লোকাল—not 30. রামলগনের একায়

সার্কাসের ঘোঁড়া—weather ভাল থাকলে তিনি ১৫ মিনিটে আসেন, অতএব She is due.

জীবন। Due ?

সমীরণ। Yes.

সেই ক্ষণে প্রবল ভাবে কে দরজায় আঘাত করিতে থাকে। দরজা খুলিতে প্রবেশ করে ইলা।

She looks fittest in the whole world.

জীবন। But suffers all the same. এস,এস ইলা—তা রাস্তায় কোন কষ্ট হয়নি ত ? আহা ! কি রোগাই দুদিনে হ'য়ে গেছ ! আজ কি আবার অম্বলের সেই বেদনাটা বেড়েছে ? সেই ঘাড়ের বেদনাটা কম পড়েছে কি ?

ইলা। ঘাড়ে ! কৈ ঘাড়ে ত আমার কিছুই হয়নি।

জীবন। সে দিন যে বললে ঘাড়ের বেদনাটায় উঠতে বসতে পারছ না।

ইলা। তাই নাকি ! ঘাড়ের বেদনায় ওঠা বসার অসুবিধা হয় তা জানতাম না। এ বোধ করি তোমার নতুন আবিষ্কার ?

জীবন। ও ! দেখ উদোর পিণ্ডী বুদোর ঘাড়ে চেপে গেছে। মনে পড়েছে, মনে পড়েছে ! ঘাড়ে ত নয় পিঠের সেই ফিক বেদনাটা। ঘাড়ের বেদনাত ছিল তারও আগের হপ্তায়।

ইলা। ইনিই বোধ করি তোমার সেই বন্ধু সমীরণবাবু যিনি বস্তি-সাহিত্য লেখেন ?

জীবন। হাঁ হাঁ হাঁ—বস্তি সম্বন্ধে···Anthoropology···সাইকোলজি,

ফাইলোলজি, মাকড়সালজি, চামচিকেলজি···সে অনেক লজি···তুমি বুঝবেনা···উনি গবেষণা করেন, শুধু তাই নয় উনি হচ্ছেন একজন বিলেত ফেরত Accountant···তারপর এই সম্প্রতি—

সমীরণ তাড়াতাড়ি বাধা দিয়া নমস্কার জ্ঞাপন করে

সমীরণ। নমস্কার! সত্যি আপনাকে বড় রোগা দেখাচ্ছে।

জীবন। বলত ভাই বলত, এরকম অবস্থায় হট্ করে চলে আসাটা কোন মতেই উচিত হয়নি। বেড়ে যেতে কতক্ষণ? দাঁড়িয়ে থাকা ঠিক নয়—ব'স ব'স—

সমীরণ অতি ব্যগ্রতায় চেয়ারখানি আগাইয়া দেয়

ইলা। কলকাতা থেকে বরাবর আমাকে হেঁটে আসতে হয়নি নিশ্চয়ই—তার জন্যে ক্লান্তি হবারও কথা নয়। এই ভরসন্ধ্যা বেলা দুই বন্ধুতে দরজা এঁটে কি করছ?

জীবন। কিছুই না···কতদিন পরে বন্ধুর সঙ্গে দেখা তাই একটু নিরিবিলি বসে···তার রোমাঞ্চকর প্রেমের কাহিনী শুনছিলাম। মিস্—

সমীরণ। You mean মিসেস্—

জীবন। Of course I mean মিসেস মৈত্র—

সমীরণ। To be accurate মিসেস্ বাগচী—

ইলা। মিসেস্ বাগচী আবার কে?···

জীবন। ও ত অতি সোজা মানে—সরল বাংলায় মিঃ বাগচীর স্ত্রী মিসেস বাগচী!

সমীরণ। অর্থাৎ আমার স্ত্রী।

ইলা। আপনি আবার বিয়ে করলেন কবে? এই যে, ও সেদিন বললে—

জীবন। Accident. জন্ম মৃত্যু বিবাহ…বিধাতা পুরুষই বলতে পারেন না—আমরা ত হলাম আবার নশ্বর মানুষ!

ইলা। বেশ! বিয়ে করলেন—একটা খবর পর্য্যন্ত দিলেন না?

জীবন। বাঃ! খবর দিয়েছিল বৈ কি! তোমার মনে নেই বোধ হয়। ও হো হো! তোমার ত তখন অসুখ, সেই কানের কন্‌কনানিটা বাড়ল? কানে কি তোমার তখন কিছু ঢুক্‌ছিল?

ইলা। আমি ত কিছুই বুঝতে পারছি না।…

জীবন। সত্যি, ব্যাপারটা এমনি রহস্যময় যে কেউ বুঝে উঠতে পারছে না।

ইলা। কিন্তু—

জীবন। ও কিন্তুর কিছু নেই। একবার যখন ভুল করেছে তখন কি ভাবছ বারে বারেই ও ভুল করবে? ভাই, তোমায় বলা রইল—এবার যখন বিয়ে করবে তখন তোমার বৌদিকে আগে সশরীরে নেমন্তন্ন করে যাবে।

সমীরণ। নিশ্চয়—নিশ্চয়!

ইলা। আমি ত কিছুই বুঝতে পারছি না। কানের কন্‌কনানি আবার কবে হ'ল?

। হ'য়েছিল…তোমার মনে নেই। যখন ব্যথা ধরে তখন কি আর তুমি তোমাতে থাক…অঘোর অচৈতন্য—তখন কি যে কোথায় হচ্ছে…তা কি আর তোমার হুঁস্ থাকে?

ইলা। এ সব যা তা বলবার কারণ ত কিছু খুঁজে পাচ্ছি না।

জীবন। Mental psychologyতে বলে, সব সময় কারণ সব কিছুর খুঁজে পাওয়া যায় না। আর পেলেও তা নির্ণয় করে ওঠা কঠিন।

তার ওপর তুমি রুগ্ন—সে অবস্থায় Sex psychologyতে বলছে—

ইলা। আজ আমার চেয়ে সুস্থতর ব্যক্তি—

জীবন। you mean নারী—

ইলা। গোটা ভারতবর্ষে দ্বিতীয় নেই। কি ঘটেছে আমায় বলতে পার?...

জীবন। হুঁ! সে অনেক কথা—সে সব বলবার এ স্থানও নয় সময়ও নয়। কত বড় বিপদ তোমার বলত ভাই—

ইলা। বিপদ? কার?...

জীবন। ও! তা তুমি জান না? বলত—বলত?

সমীরণ। আমার স্ত্রী সম্প্রতি ভীষণ এক সংক্রামক ব্যাধি থেকে উঠলেন কি না—

জীবন। উঠলেন বললে ভুল বলা হয় ভাই—এখনও ওঠেন নি, কি বল?

সমীরণ। এখনও ওঠেন নি—এমন সময়—এই মিনিট পনের হ'ল...ওঁর মাতার মারাত্মক অসুখের সংবাদ বহন করে এক টেলিগ্রাম এল—

ইলা। তা হ'লে ত বড়ই দুঃখের বিষয় সমীরণবাবু, কোথায় বেড়াতে এলেন তা নয় এই বিপদের ওপর বিপদ! তা তাঁর কি অসুখ করেছে?

জীবন। সে এক ভারি কঠিন—সংক্রামক—

সমীরণ। একেবারে অভিনব ব্যায়রাম—

ইলা। ওগো! আমি ত ব্যাধির ওপর ব্যাধি সারা-জীবনই ভুগছি—আমার ত সব রোগই দেখছ, তাকি তোমারও জানা নেই?

সমীরণ। সে রোগ ত আপনার তালিকায় পাবার নয়···তাই ত বলছিলাম অভিনব অর্থাৎ latest indent—মানে তাজা বিলেত চালানি।

ইলা। ও বাবা! সে আবার কি?···

সমীরণ। বড় বড় ডাক্তারেরা অনেক গবেষণা করে তার নাম রেখেছেন লোকফোবিয়া।

ইলা। (জীবনের প্রতি) ওগো! বলনা—আমার কি হয়নি?···

জীবন। না না না, তুমি পাগল হ'লে নাকি? সে হ'লে কেউ বাঁচে? আর সে আবার যেমনি মারাত্মক তেমনি ছোঁয়াচে। তোমার আবার রোগের ধাত, ধরতে কতক্ষণ! চল চল—এখানে না থাকাই ভাল।

তাহাকে লইয়া যাইবার প্রয়াস পায়। সেইক্ষণে
নেপথ্যে কুমুদ অধীর বিরক্তিপূর্ণ কণ্ঠে

কুমুদ। Fed up! Fed up with waiting!

ইলা চম্‌কাইয়া চাহে। জীবন ও সমীরণ উভয়ে
উভয়ের দিকে তাকায়

সমীরণ। ওই, ওই যে আমার ব্যথাতুর প্রিয়ার সাড়া পেয়েছি। আহা! আমার প্রেয়সীর অশ্রুসিক্ত করুণ মুখখানি মনে পড়ছে · আর কবি গুরুর সেই "বঙ্গবধূর" অমর দুটি লাইন স্বতঃই আবৃত্তি করতে ইচ্ছে হচ্ছে—

"বঙ্গের বধূ বুকভরা মধু
জল ল'য়ে যায় ঘরে।

এক হাত ঘোমটায় মুখ ঢাকিয়া ফুঁপাইয়া কাঁদিতে কাঁদিতে
হেলিয়া দুলিয়া ধীরে ধীরে প্রবেশ করে কুমুদ

ইলা। ইনি বুঝি আপনার স্ত্রী?

সমীরণ। আঃ—চল না ছাই কেঁদোখ'ন পরে। এমন বিপদেও কেউ পড়ে? আহা! আর কেঁদনা, কেঁদনা!···

তাড়াতাড়ি তাহাকে লইয়া যাইবার প্রয়াস পায়।

ইলা। একলা বৌ মানুষ—

সমীরণ। না না, সে জন্যে আপনি ভাববেন না। ওই যে ওঁর ভাই এক ঘুঁষিতে এক পাটি দাঁত উড়িয়ে দেয়—সেই যে মিঃ স্যাণ্ডো—

ইলা। কে?

সমীরণ। আপনি চেনেন না বোধ হয়—তিনি ওঁর ভাই কিনা—ষ্টেশনে অপেক্ষা করছেন। ( কুমুদকে বাহির করিয়া দিয়া দরজা বন্ধ করিয়া ) পাঞ্জা চ্যাম্পিয়ান—কুস্তির ওস্তাদ—হাইজ্যাম্পের হনুমান,—দন্তোৎপাটনের ডেন্টিষ্ট-ঘুঁষির Oxford Blue.

যবনিকা।

## ষষ্ঠ দৃশ্য

পূর্ব্ব-দৃষ্ট ড্রয়িংরুম—সমীরণ একখানি বড় আয়নার সম্মুখে দাঁড়াইয়া দাড়ি কামাইবার প্রাথমিক আয়োজনে মুখে সাবান বুলাইতেছিল। হৃদয়বল্লভ বাবু প্রবেশ করিলেন। সমীরণ সঙ্কুচিত হইয়া উঠিল।

হৃদয়। এই যে ভায়া!

সমীরণ আপন মনে সাবান বুলাইতে থাকে।
তাঁহার কথায় ভ্রূক্ষেপও করে না।

জান ভায়া, আমি হচ্ছি সাতপুরুষে—বলি শুনছ হে?···ওহে—

হঠাৎ চমক ভাঙ্গিয়া

সমীরণ। আমায় বলছেন?

হৃদয়। নইলে আর কে আছে যে—

সমীরণ। তা নামত একটা—

হৃদয়। ও হো হো! আমি হ'লাম সাতপুরুষে—কতদিকে মাথা রাখতে হয় বলত? ইনস্‌পেকটার বলছিল যে জিনিষ যখন পাওয়া গেল—তখন চোরের আশা ছেড়ে দিন। বিটের কনেষ্টবল দেখে মাল ফেলে অন্ধকারে গা ঢাকা দিয়েছে—তাকে ধরা এখন শক্ত।···

সমীরণ। সে ত শক্ত হবেই !

হৃদয়। শক্ত কি হে? আমি হ'লাম সাতপুরুষে জমিদার—আমাদের কাছে শক্ত কিছুই না। না হে না—সিঁধেল চোরদের ভারি আস্পর্দ্ধা হ'য়েছে। ওদের একটাকে চালান দিলেই সব ঢিট হ'য়ে যাবে।

সমীরণ। কিন্তু, একজন নিরপরাধকে—

হৃদয়। সাতপুরুষে জমিদারী চাল তুমি কি বুঝবে—

সমীরণ। দেখুন, সাতপুরুষে আমিও একটা বড় কম নই। কলম পেষাটা বড় চারটিখানেক কথা নয়—

হৃদয়। তুমি কি কর?

সমীরণ। জাত ব্যবসা—কেরাণীগিরি।

হৃদয়। ওহো হো! হা-হা-হা—গোমস্তা?···কোন সেরেস্তার?

সমীরণ। দেখুন, গায়ে আঁচড় দিয়ে কথা বলবেন না বলছি। সাহেবরা সম্মান করে যাকে বাবু বলে—আপনি তাকে গোমস্তা বলে অপমান করছেন? জানবেন আমাদের union আছে—সেখানে খবরটা পৌছলে বড় ভাল হবে না।

হৃদয়। আমিও সাতপুরুষে জমিদার—কি হবে শুনি?

সমীরণ। আপনার কথার প্রতিবাদ করে তখুনি তারা resolution পাশ করবে!

হৃদয়। ও! মোকদ্দমা দেখাও আমায় তুমি? সাতপুরুষে আমরা মামলাবাজী করে খাই—বাদী প্রতিবাদী আমাকে শেখাও? তার আগে এক নম্বর আমি রুজু করব—

অতি ব্যস্তভাবে স্বামীকে ধমক দিতে দিতে
বিন্ধ্যাচলের প্রবেশ

বিন্ধ্যাচল। ওগো! আঃ—কি যা তা সব বলছ? জান, ওঁর মন মেজাজ ভাল নেই। কত বড় বিপদটা ওঁর গেল বলত?

হৃদয়। ও!···তা···

বিন্ধ্যাচল। ওগো! আঃ—এস!

টানিয়া লইয়া প্রস্থান

বেগে জীবনের প্রবেশ

জীবন। কি যা তা সব বলছিলে? উনি হ'লেন সাতপুরুষে আমার শ্বশুর···তারপর শ্রীমতী ইলা এখানে উপস্থিত—

সমীরণ। ও কিছু না—কিছু না। বুড়োটা আমায় দেখলেই বড় ভ্যান্ ভ্যান্ করে—তাই একটু mock fight করলাম! সে যাক ভাই, দেখে শুনে ত আমার বড় ভয় হচ্ছে—

। কেন হে?

। বুড়ো দেখছি যে রকম মরিয়া তাতে চোর না ধরে আর জলগ্রহণ করছে না।

জীবন। চোর ধরা পড়ল ত তোমার কি?

সমীরণ। ধরা পড়লে তার পরের অবস্থাটি কি হবে?

জীবন। জেল।

সমীরণ। তার পূর্ব্বে?

জীবন। বিচার।

সমীরণ। শুধু তাই নয় হে—কাঠগড়ায় উঠে ধর্ম্মসাক্ষী করে স্বীকার পেতে হবে আমরা স্বামী-স্ত্রী।···

জীবন। তাতে কি?

সমীরণ। সত্যি সত্যি ত আর আমরা স্বামী-স্ত্রী নই।

জীবন। I see, the fallacy lies in যে ধর্ম্মসাক্ষী করে বললে স্বামী-স্ত্রী হ'য়ে যাচ্ছ।

সমীরণ। তাতেও ক্ষতি নেই—আমিও বিয়ে করিনি—স্ত্রীর প্রয়োজন—উনিও বিয়ে করেননি, ওঁরও একজন স্বামীর প্রয়োজন।

জীবন। তবে?

সমীরণ। এখন কথা হচ্ছে—in the meantimeএর।

জীবন। সে আবার কি?

সমীরণ। In the meantime যদি উনি তাকে বিয়ে করে বসেন?

জীবন। সে কে?

সমীরণ। ঐ যে স্যাণ্ডো···যে···

জীবন। ও!···তা তুমি ত সেদিন বললে, তিনি তাঁর ভাই।

সমীরণ। ভাই আর কে নয়!···স্বামী স্ত্রীকে ভাই বলে ডাকেনা? Fraternity—Equality অর্থে সবাই সবার ভাই।···

জীবন। ও! হা হা হা! আচ্ছা, সে ত গেল তোমার কথা—

সমীরণ। আর কার কথা আছে?

জীবন। কেন আমার!

সমীরণ। তোমার আবার কি হ'ল হে?

জীবন। শুনবে না কি? তবে প্রকাশ করে বলব নাকি?

## গান

কতক লোকের কথায় কতক নেশার ঝোঁকে
শেষে বিয়ে ক'রে দাদা গেছি ঠ'কে ।
কইতে নারি দাদা সইতে নারি
সিন্ধুবাদের বোঝা বইতে নারি
শুধু, সর্ষে ফুল, ধোঁয়া দেখি যে চোখে ।

সমীরণ । Shut up !

জীবন । Shut up নয় ভায়া পরে বুঝবে ।

যৌবনের মৌবনেতে ফুলবাগানর খবর নিয়ে
হঠাৎ সেদিন মৌমাছিরা শুনিয়ে গেল গুন্ গুনিয়ে
ও কিছু নয়, এমনটা হয়, বিয়ে কর বল্লে লোকে
যেন সাপের চোখে সাঁতার-পানি
বইল সেদিন ব্যাঙের শোকে ।
শুভদিনে শুভক্ষণে বিয়ে ক'রে আন্‌লাম ক'নে
লক্ষ্মী যেন উদয় হলেন এসে মনের কমল বনে ।
অনুরোধে পড়ে সে দিন গিল্‌লাম ঢেঁকি—দেখ্‌লে লোকে,
ছিল ঢেঁকি হ'লো কুমীর, ঘর করি আজ বরাত ঠুকে ।
কিছুতেই তার মন সরে না
যতই আনি পেট ভরে না
উঠতে বসতে শতেক খোয়ার
সে খবর তো কেউ করে না ।
এরা যেন চখা-চখী হাসি মুখে বলে লোকে
মনে মনে জানি আমি
আমায় ধরেছে কাল ছিনে জোঁকে ।

জীবন। ঐ ইলা। ইলাকে এর চেয়ে সুস্থাবস্থায় আমি বিবাহিত জীবনে দেখিনি। এইটেই হচ্ছে সবচেয়ে মারাত্মক symptom. To be frank with you—জানত ভাই, কলেজ ছাড়বার পর বাবার অগাধ পয়সা হাতে এসে পড়ে। সেই সময় একটু পান দোষ আর বারদোর দেখা দেয়। সেই থেকে ভাই ইলার ঐ অসুখের সৃষ্টি। অশ্লেষা-মঘা প্রভৃতি উপদ্রবে ত আমার সর্ব্বদোষ কোথায় গেল দুদিনে—কিন্তু ইলার ঐ বাতিকটি আর গেলনা। সেই থেকে উঠতে বসতে প্রাণান্ত রে ভায়া—উঠতে বসতে প্রাণান্ত। কাল থেকে সেই যে সুরু হ'য়েছে তোমার স্ত্রী সম্বন্ধে—এ পর্য্যন্ত হাজারো কৈফিয়ৎ দিয়েছি। সমস্ত রাত্তিরের মধ্যে যদি দুটি চক্ষের পাতা এক করে থাকি।

সমীরণ। আমার স্ত্রী সম্পর্কে তোমার ওপর সন্দেহের কারণটা কি ?

জীবন। Queer জীব ঐ মেয়ে মানুষগুলো ভাই! কার সম্পর্কে যে ওঁদের সন্দেহ নেই—সেইটেই কেবল জানি না। ওঁরা নিজেকে ছাড়া··· আর যে কোন নারী সম্পর্কেই সন্দেহ পোষণ করেন। কালকের ব্যাপারে তাঁর প্রশ্নটা সম্প্রতি দাঁড়িয়েছে এই যে পরস্ত্রীর সঙ্গে ঘরে দরজা বন্ধ করবার কারণটা কি ?

সমীরণ। তুমি বললে না কেন—তার সঙ্গে তার স্বামীও ছিল।

জীবন। সে কি আর বলিনি রে ভায়া—সব এক হাত try নিয়েছি। এখন কথাটা দাঁড়াচ্ছে এই যে, অন্যের স্ত্রীর সঙ্গে স্বামীর সাম্‌নেও কেউ দরজা বন্ধ করেনা। তারপর রে ভাই, একটা মিথ্যে, দুটো মিথ্যে—রাশি রাশি মিথ্যে—ধামা ধামা মিথ্যে—তারপর সব মিথ্যে এমন

তালগোল পাকিয়ে গেল যে শেষে কোন্‌টা কি কিছুই ঠাহর করতে পারলাম না। এখন তোমায় একটা অনুরোধ করব ভাই ?

সমীরণ। কি ?

জীবন। সব মিথ্যার অবসান হয় যদি তুমি তাকে বিয়ে করে ফেল।

সমীরণ। How scintillating! তাঁকে বিয়ে করা আর তাঁর হাসপাতালে operation টেবিলে শোওয়া এক। তোমার অনেক বোকামি সহ্য করেছি—this is the damndest of the lot.

জীবন। That's all I can suggest.

সমীরণ। Thank you very much.

জীবন। So sweet of you—

সমীরণ। Oh, Shut up!

এমন সময় হাসি মুখে ইলা প্রবেশ করে

ইলা। এই যে মাণিকজোর এইখানে।

জীবন। হা হা হা! একটু ওকে সান্ত্বনা দিচ্ছিলাম—ওর মন বড় খারাপ। উপর্য্যুপরি ভাগ্য বিপর্য্যয়ে দন্ত "স" কি আর দন্ত "স"তে আছে—

ইলা। একেবারে তালব্য "শ" পাকিয়ে গেছে।

জীবন। Exactly—হা—হা—হা!

ইলা। কাল সন্ধ্যায়, এ বাড়ীতে পদার্পণ করে থেকে—আমি বুঝতেই পারছিনা কোথায় এলাম। এটা পাগলা গারদ, না আর কিছু ? ব্যাপারটি কি পরিষ্কার ক'রে আমায় কেউ বলতে পার ?…

জীবন। অতি সোজা—একেবারে জলবৎ তরলং—

সমীরণ অর্দ্ধ কামানো অবস্থায় কামাইবার যন্ত্রপাতি
লইয়া সরিয়া পড়িবার উপক্রম করে

ইলা। ওকি! কোথায় চললেন—এখনও যে কামান হয়নি?

সমীরণ। ওটা, বাথরুমে সেরে নেবখ'ন্। এখানে সব আপনারা বসবেন—আর অন্যের স্ত্রীর সঙ্গে, এমন কি স্বামীর সাম্‌নেও এক ঘরে থাকা বিধেয় নয়…

দ্রুত প্রস্থান

ইলা। অদ্ভুত! এ সব ব্যাপার কি বলতে পার?

জীবন। কোন্ ব্যাপার? আচ্ছা, কোন্‌টা তুমি শুনতে চাও? প্রথমতঃ আরম্ভ করা যাক—গোপাল ঠাকুরের কথা। হ্যাঁ, অস্তি গোদাবরী তীরে বৃহৎ শাল্মলী তরুঃ। তস্য কোটরে এক বৃহৎ ব্যাঘ্র নিবসতঃ—

হৃদয়বল্লভের প্রবেশ

হৃদয়বল্লভ। এই যে, তোমরা সব এইখানে আছ। চল—চল ওখানে বসা যাক।…

গোল টেবিলের সম্মুখে আসিয়া একদিকে বসিল
হৃদয়—অপরদিকে ইলা ও জীবন

গিন্নীকে এইখানেই চা পাঠাতে বলেছি। আচ্ছা বাবাজী, বৌমা যে চলে গেল তার জিনিষ পত্তর যে সব থানায় জমা রইল?

জীবন। সে আপনাদের দন্ত্য"স" ভায়া আছেন, আর তিনিও কম

নন, manage করে ঠিক নিয়ে যাবেন এখন। শিক্ষিতা তরুণী, সহরে মেয়ে, ওঁদের কিছু আটকায় না।

ইলা। সেকি! এই যে কাল তোমরা বল্লে—গেঁয়ো ভূত সাত চড়ে রা' সরেনা!

জীবন। গেঁয়ো মানে কি জান—গেঁয়ো মানে গাঁয়ে থাকলেই গেঁয়ো হয়না—সহরে থাকলেও গেঁয়ো হয়, যেমন ধরনা কেন তুমি।

ইলা। সাত জন্মে আমি কখন গাঁ দেখিনি—আমি গেঁয়ো?

গেঁয়ো না? আচ্ছা, তুমি মাথায় ঘোম্টা দাও?

ইলা। হ্যাঁ, দি।

জীবন তুমি মাথায় সিঁদূর দেওয়াটা কুসংস্কার বলতে পার?

ইলা। না।

জীবন হাতের শাঁখা জোড়াটা ভেঙে ফেলতে পার?

ইলা। ছি ছি! ওকি অকল্যাণে কথা! ওসব কথা কি মুখে আনে?

জীবন। তবে—তবে তুমি গেঁয়ো নও কিসে? গেঁয়ো কিছু গাছে ফলেনা—আরে এস—এস ভায়া···তারপর—

সমীরণের প্রবেশ। সে হৃদয়বল্লভের পার্শ্বে চেয়ার টানিয়া বসে।

হৃদয়। বৌমাকে পাঠিয়ে দিয়ে মন খারাপ করে বসে আছ বুঝি? তা যাই বল, এরকম সন্দেহজনক ভাবে···আমি সাতপুরুষে জমিদার, আমার বাড়ী থেকে না বলে ক'য়ে—

বিন্ধ্যাচলের এক বাটী রসগোল্লা হাতে প্রবেশ

বিন্ধ্যাচল। ওগো! আঃ—একটু থাম না। (টেবিলে রাখিয়া) নাও বাবা, দুটো দুটো সবাই তুলে নাও।

## ষষ্ঠ দৃশ্য

বংশীর মা আসিয়া চায়ের সরঞ্জাম রাখিয়া গেল

বিন্ধ্যাচল একখানি চেয়ার দূরে টানিয়া বসিল

বিন্ধ্যাচল। এমনি করেই বৌমাকে পাঠিয়ে দিলে যে, একটু ভাল করে ওকে খাওয়াতে দাওয়াতে পারলাম না।

সমীরণ। ওরকম অবস্থায়—আর আপনি যা ওঁকে খাইয়েছেন—ওর চেয়ে ভাল, বোধ করি উনি বিগত দশ বৎসরের মধ্যে খাননি। এতটুকু গুরুপাক কিছু পেটে পড়লে কি আর রক্ষা আছে? সাবু বার্লি ছাড়া কিছু খাওয়া ডাক্তারের নিষেধ। ব্যারামটা কি কম?

বিন্ধ্যাচল। জানি বাবা, জানি। আমার বোনপো'র—সে যাক, কতদিন বিয়ে করেছ?

জীবন। ও বিয়ে!

সে সভয়ে ইলার দিকে চাহে। কৌতূহলি ইলা সমীরণের দিকে চাহে।
জীবন নিরুপায় হইয়া পা ছুঁড়িয়া সমীরণকে ইঙ্গিত করিতে চেষ্টা
পায়। কিন্তু, ভ্রমক্রমে আঘাতগুলি হৃদয়ের পায়েই
লাগিতে থাকে। তিনি রাগতকণ্ঠে

হৃদয়বল্লভ। আরে লাথি মারে কে? আমি হ'লাম সাতপুরুষে জমিদার—আমার গায়ে লাথি!

জীবন শশব্যস্তে উঠিয়া

জীবন। মশা! টেবিলের নীচে কি মশা! কি বল্লেন—পাঁচটা পাঁচ—কি বলেন পাঁচটা···(প্রণাম করিতে করিতে) এই এক—দুই—তিন—চার—পাঁচ।

সমীরণ। তা এই ধরুন—চৈত্র, বৈশাখ, জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ। দেখতে দেখতে পাঁচ মাস হ'য়ে গেল।

ইলা। চৈত্র মাসে বিয়ে করেছেন?

সমীরণ। চৈত্র মাসই হচ্ছে আমাদের অতি শুভমাস। অর্থাৎ আমাদের—মানে ব্রাহ্মদের—

ইলা। কোথায় বিয়ে করলেন?

জীবন। ঐ যে কাল রাত্তিরে তোমায় সব বল্লাম। এরই মধ্যে সব ভুলে গেলে? সেই কাল আবার কানের কন্‌কণানিটা বেড়ে উঠল—তাই বুঝি শুনতে পাওনি? সেই যে বল্লাম—

মালপত্র সহ ইনস্‌পেক্টারের প্রবেশ

ইনস্‌পেক্টার। নমস্কার হৃদয়বল্লভবাবু!—আপনাদের সব জিনিষ পাওয়া গিয়েছে। মিস্ মৈত্রের ব্যাগটি ষ্টেশনে পাঠিয়ে দেওয়া হয়েছে—

জীবন। You mean মিসেস্ মৈত্র।

সমীরণ। To be accurate মিসেস বাগ্‌চী।

ইনস্‌পেক্টার। আমি স্বয়ংই গেলাম। কারণ, এসব ক্ষেত্রে একটু identification দরকার হয়। মিস মৈত্র—

জীবন। You mean মিসেস—

সমীরণ। To be accurate বাগ্‌চী—

ইনস্‌পেক্টার। তারপর দুটো চারটে প্রশ্ন করতেই সব বেরিয়ে পড়ল। মনে হ'ল মা লক্ষ্মীর একটু মতান্তর হ'য়েছে ওঁনার সঙ্গে—ওঁর পরিচয়ে ত

পরিচিতা হ'তে কিছুতেই চান না—পঁচিশ বচ্ছর Court inspectorই করেছি—জেরায় টিঁকবে কেন ?

হৃদয়বল্লভ। হা-হা-হা! প্রথম প্রণয়ে ওরকম অহরহ হয়—কি বল গিন্নী ?

বিন্ধ্যাচল। ( নিম্নস্বরে ) ওগো! আঃ—

ইনস্‌পেক্টার। ওসব কিছু নয়—ওসব কিছু নয়—যান ভাই, বৌদিকে নিয়ে আসুন।

একজন পুলিশ কনেষ্টবলের সহিত কাণাকড়ির প্রবেশ

কনেষ্টবল। আসামী পাকাড় গিয়া বাবুজী।

কাণাকড়ি। আইজ্ঞা—

হৃদয়বল্লভ। আসামী ?

কাণাকড়ি। না হুজুর, আমি বাঙ্গালী।

হৃদয়বল্লভ। উহুঁ! সাতপুরুষে জমিদার আমি আসামী চিনিনা বটে!

কাণাকড়ি। আইজ্ঞা, আমার কোন পুরষি আসামী লয় কর্ত্তা।

ইনস্‌পেক্টার। নাহে না, এই চুরির অপরাধে তুমি আসামী।

কাণাকড়ি। আমার বাড়ী কর্ত্তা বরিশাল জিলার অন্তর্গত বিল্‌কাঙলা গেরামে।

ইনস্‌পেক্টার তা ত হ'ল, এখন বাবাজীর কি করে থাকা হয় ?

কাণাকড়ি। থাকি কর্ত্তা ? থাকি,—শুইয়া, বইস্যা—দাঁড়াইয়া।

ইনস্‌পেক্টার নাহে না, কি করে তোমার চলে ?

কাণাকড়ি। কোনদিন বা চাইয়া চিন্তা—কোনদিন বা না খাইয়া মহাপ্রভুর দয়ায়।

ইনস্‌পেক্টার। গত রাত্রে বাবাজী কোথায় দয়া করেছিলেন ?

কাণাকড়ি। ঐ ইষ্টিশানে কর্ত্তা! পেটে ভিজা গামছা পেচাইয়া শুইয়া ছিলাম।

ইনস্‌পেক্টার। বাবাজীর নামটা কি ?

কাণাকড়ি। আইজ্ঞা, অধীনের নাম শ্রীকাণাকড়ি বৈরাগী।

সমীরণ চঞ্চলতা প্রকাশ করে

ইনস্‌পেক্টার। বাঃ, দিব্য নাম! তোমার বাপ দেখছি একজন দার্শনিক ছিলেন!

কাণাকড়ি। যা কইছেন কর্ত্তা! বাবা আমার পরম সতীলক্ষ্মী ছিলেন।

ইনস্‌পেক্টার। ইস্‌কো থানামে লে যাও—পিছে দেখা যায়েগা।

কাণাকড়ি। পেরণাম হই কর্ত্তারা!

কনেষ্টবলের সহিত কাণাকড়ির প্রস্থান

হৃদয়বল্লভ। ঐত নাম তোমার চোরের, কি বলহে ছোক্‌রা ?

সমীরণ। আজ্ঞে না। কোন পুরুষে ওনাম তার নয়।

হৃদয়বল্লভ। সাতপুরুষে জমিদার, চোর চিনিনা আমি বটে! ঐ ঐ ঐ চোর।

ইনস্‌পেক্টর। কিন্তু, চালান দেওয়া বড় কঠিন হবে—প্রমাণের বড়ই অভাব।

হৃদয়বল্লভ। আমার বাড়ী থেকে বৌমানুষ রাগারাগি করে গিয়ে ষ্টেশনে বসে থাকবে ? এস ত ইনস্‌পেকটার, এক কাপ চা খেয়ে বৌমাকে নিয়ে আসি।

ইনস্‌পেক্টার। এ ত পরম আনন্দের কথা। তা, আমার আবার একটা

enquiry আছে—মাইল তিনেক দূরে—এখুনি না বেরুতে পারলে আবার বেলা হ'য়ে যাবে। আমি আবার আসব'খন।

প্রস্থান

হৃদয়। গিন্নী—এস ত, চাদর জামা দেবে। একবার ষ্টেশনটা ঘুরে আসি।...

হৃদয় ও বিন্ধ্যের প্রস্থান

ইলা। এসব ত কিছুই আমি বুঝতে পারছিনে।

জীবন। ওসব বোঝবার চেষ্টা করেও কাজ নেই। অসুখ শরীর—ভেবেচিন্তে কি আবার একটা রোগ বাধিয়ে বসবে? না না—যার চিন্তা সেই করুক—তোমার আমার কি বল ত?

ইলা। চুপ কর! ব্যাপারটা বুঝতে দাও। মিস মৈত্রও যে মিসেস বাগ্‌চী ও সে?

জীবন। অবিকল! যেমন তুমি মিস্ রায়ও যে, এখন আমার স্ত্রী সম্পর্কে মিসেস্ চৌধুরী ও সে। এ কিন্তু ভারি মজার—বিয়ের পর মিস্‌রা সব হ'য়ে যান মিসেস্।

ইলা। কুমু অর্থাৎ মিস্ মৈত্র—

জীবন। You mean ডাক্তার মৈত্র—

ইলা। হাঁ, কুমুর কাল আসবার কথা ছিল। এখন পর্য্যন্ত এসেও পৌছলনা, একটা টেলিগ্রামও করলে না!...

জীবন। সে জন্যে তোমার ভাবনা নেই—আমি এখুনি টেলিগ্রাম করে তার খবর নিয়ে নিচ্ছি। যাওত ভাই দস্ত"স" সুটকেশটা নিয়ে ওপরে।

চট্‌করে জামা কাপড় বদলে একখানা টেলিগ্রাম করে দাও ত ডাক্তার মৈত্রকে। যাও, যাও, আর দেরী ক'রনা—কতবড়—

বলিতে বলিতে তাহাকে ঠেলিয়া বাহির করিয়া দিবার প্রয়াস পাইতেই হাতে ব্যাগ লইয়া প্রবেশ করে কুমুদ

কুমুদ। নমস্কার জীবনবাবু! নমস্কার—

সমীরণের দিকে চাহে

জীবন। মিঃ বাগচী।

কুমুদ। নমস্কার মিঃ বাগচী!

সমীরণ বিবর্ণ মুখে প্রতি নমস্কার জ্ঞাপন করে

ইলা। তারপর, তোমার কি ব্যাপার বল ত কুমু? কাল আসবার কথা—

কুমুদ। যা দুর্য্যোগ! তার ওপর Hospitalএ special night-duty—

নেপথ্যে হৃদয়বল্লভ। না না—গিন্নী—আমি ওকে যেমন করে পারি ফিরিয়ে আনব-ই। আমি ফিরিয়ে আনতে পারব না? আমি হ'লাম—

সমীরণ। ওই রে! সাতপুরুষের জমিদার আসছেন! সর্ব্বনাশ!

হৃদয়ের প্রবেশ

হৃদয়বল্লভ। আরে! মেঘ না চাইতেই জল! গিন্নী—গিন্নী—দেখবে এস! তারপর বৌমা—

ইলা। বৌ?

ষষ্ঠ দৃশ্য

বিন্ধ্যাচলের প্রবেশ

বিন্ধ্যাচল। এস এস বৌমা—

সমীরণ আর দাঁড়াইতে পারেনা—সে ধীরে ধীরে নিমিলিত
চক্ষে জীবনের বক্ষে ঢলিয়া পড়ে

জীবন। জল—জল—ডাক্তার—ডাক্তার !

কুমুদ পার্শ্বে আসিয়া পাল্‌স পরীক্ষা করিতে থাকে

যবনিকা

## সপ্তম দৃশ্য

গাড়ী বারান্দার ছাদ। ইলা শয়ন প্রকোষ্ঠের দিকে অগ্রসর হয়—পশ্চাৎ হইতে জীবন আসিয়া হস্তধারণ করিয়া কহে

জীবন। শোন, কোথায় যাচ্ছ?

ইলা। একবার দেখে আসি।

জীবন। কাকে?

ইলা। কুমুকে।

জীবন। কেন?

ইলা। একবার জিজ্ঞাসা করতে হবে না—কুমু কেন বিয়ের কথাটা গোপন করেছে?

জীবন। কার বিয়ে?

ইলা। কেন, কুমু কুমু—ডাক্তার কুমুদের।

জীবন। ও! You mean মিসেস মৈত্র?

ইলা। মিসেস মৈত্র আবার কে?

জীবন। না না না, to be accurate মিসেস বাগ্‌চী।

ইলা। মিসেস মৈত্রও যে, মিসেস বাগ্‌চীও সে?

জীবন। অবিকল!

ইলা। আমি কিছুই বুঝতে পারছি না। মিঃ বাগ্‌চীর স্ত্রী যে মিসেস্ মৈত্র হয়—এ কথা ত আমার জানা ছিল না।

জীবন। ও হো হো হো, সেটা বুঝি তোমার জানা ছিল না? তবে শুনে রাখ, আমরা বাড়ী শুদ্ধ লোক তা স্বীকার করে নিয়েছি।

ইলা। তোমরা পাগল হ'য়েছ বলে ত, আমি পাগল হ'তে পারি না!

জীবন। পাগল? কে পাগল?

ইলা। এখানকার সকলেই। আমি আসা অবধি বুঝতেই পারছি না যে এখানে কার মস্তিষ্ক সুস্থ। এমন ব্যাপক ভাবে পাগ্‌লামী বাড়ী শুদ্ধ লোকের মধ্যে ছড়িয়ে পড়তে পারে—এক পাগ্‌লা গারদ ছাড়া আর কোথাও সম্ভব, আমার জানা ছিল না।

জীবন। ও! বুঝতে পেরেছি, ঐ বিয়ের কথাটা বলছ বুঝি?

ইলা। হ্যাঁ—হ্যাঁ, মিঃ বাগ্‌চীর স্ত্রী যদি মিসেস মৈত্র হয়, তবে পাগ্‌লামী আর কিসে যে হয় তা' আমার জানা নেই।

জীবন। না না না, আমার বলা উচিত ছিল মিসেস মৈত্র and মিঃ বাগচী!

ইলা। সেইটেই আমি জানতে চাই—মিঃ বাগচীর স্ত্রীটি এখানে কে? আর মিসেস মৈত্র অর্থাৎ কুমুর কবে বিয়ে হ'ল? বিয়ের কথাটা সে গোপনই বা করেছে কেন?

জীবন। সাধে কি শাস্ত্রে বলেছে, নারীর পেটে কথা থাকবে না! আচ্ছা, সে যখন বিয়ের কথাটা গোপন করেছে, তখন অবশ্যই কোন রহস্য আছে।

ইলা। সেই রহস্যটাই আমি উদ্‌ঘাটন করতে চাই।

জীবন। সে বড় কঠিন হবে।

ইলা। কেন?

জীবন। মানে হ'ল, একবার যখন সে রহস্যের অন্ধকারে গা ঢাকা দিয়েছে, তখন আর কি তাকে খুঁজে বার করা যাবে? আমাদের গরজটাই বা কি? সে যখন বলতে চায় না—তখন আমাদেরই বা তা খুঁচিয়ে বার করবার দরকারটা কি?

ইলা। দরকার নেই? সে আমার বন্ধু—তার বিবাহের সংবাদটা আমার কাছে গোপন করবে কেন?

জীবন। Very easy. আচ্ছা, আমি তোমায় বুঝিয়ে দিচ্ছি। কোন্‌টা শুনবে?

ইলা। কোন্‌টা আবার?

জীবন। তা হ'লে সেইটে অর্থাৎ যেটা তোমার চিরকাল শুনতে ভাল লাগে? তবে শোন!

গীত

সখি রে, তুমি হে গলার ফাঁসি
সখি হে, তুমি হে গলার ফাঁসি।
এই ফাঁস পরে, আমি করি হাঁস ফাঁস
ফাঁসি যেতে তবু ভালবাসি।
তোমার, বেণীর নাগিনী গলাতে জড়ায়ে
ফাঁসি যেতে আমি ভালবাসি।

ইলা। (বাধা দিয়া) চুপ কর, এখন আর গান ভাল লাগে না!

জীবন। লাগে না? লাগে কিনা দেখ—

গীত

আহা, বাঘা তেঁতুলের দাপটে কাহিল
বুনো এ ওলের হিয়া,
পাঁজর কাটিয়া ঝাঁজর করেছ
তবু বলি মরমিয়া—
তবু বলি আমি মরমিয়া
আমি তবু বলি
নিতি নিতি হয় এই চলা চলি
মরমিয়া তবু বলি—
প্রেম করে করে হাড় হ'ল কালী
হৃদয় হ'ল না খালি,
চোখের আড়াল করনা বলিয়া
হয়েছি চোখের বালি।

ইলা। তুমি চুপ করবে না আমি এখান থেকে যাব ?

জীবন। যেতে চাও যদি আমি বাধা দেব না।

ইলা। হ্যাঁ, আমি যাব। নিশ্চয় যাব···তাকে জিজ্ঞাসা করব, কেন সে বিয়ের কথাটা গোপন করেছে।

জীবন। হুঁ! Delirium set in করলে! আমি তখনই জানি, এ রোগ যেমন মারাত্মক তেমনি ছোঁয়াচে। তোমার আবার রোগের ধাত—ঠিক ধরেছে! লোকফোবিয়া—

ইলা। না, আমার কিচ্ছু হয় নি আমায় ছেড়ে দাও।

জীবন। ছেড়ে দিতে আমার আপত্তি নেই, তুমি যাও। কিন্তু, একটা কথার উত্তর দিয়ে যাও।

ইলা। কি—বল ?

জীবন। বস আগে স্থির হয়ে—বলছি। হ্যাঁ, তোমার যখন বিয়ে হয়, তখন কি তুমি ওকে খবর পাঠিয়েছিলে ? ওর সঙ্গে পরিচয় তোমার আজকের নয়। তোমার বাবা যখন ডেপুটি ওর বাবা তখন সিভিল-সার্জ্জেন—একই জেলায় একই বিভাগে—কেমন ?

ইলা। হ্যাঁ, তাই কি ?

জীবন। পরিচয় ত তোমার আজকের নয়। তবে, কেন তুমি তোমার বিয়ের খবরটা পাঠাও নি ?

ইলা। আমি ত আর স্বাধীন ছিলাম না যে ওর মত ইচ্ছে করলেই খবর দিতে পারতাম। আমি তখন ছোট, সবে স্কুল ছেড়েছি, বিয়ের আগের দিন পর্য্যন্ত আমিই জানতে পারি নি—কবে আমার বিয়ে।

জীবন। তবে—তবে, ও-ই বা তার বিয়ের সংবাদ তোমায় দেবে কেন ? ওর কি বলতে চাও—এতটুকুও রাগ নেই ? সেই জন্যেই ত ও তোমাকে বিয়ের খবরটা না দিয়ে, তার প্রতিশোধ নিলে। ওই যে দন্ত'স' বিয়ে করলে—তোমাকে আমাকে খবরটা পর্য্যন্ত দিলে না ! আমার বিয়ের সময়—ও তখন বিলেতে। আমি সেই বিলেতে ওকে বিয়ের নেমন্তন্ন পাঠাই। আর, ওর আক্কেলটা দেখ দিকি ! একটা খবর পর্য্যন্ত দিলে না ! একবার ভাল হ'ক Rascalটা—ওর মুখ আর কখন দেখব ভেবেছ ? কত বড় Idiot ! পাষণ্ড ! আমাকে না হয় না বললে, কিন্তু, তাই বলে ladyর অপমান ? মহিলানুক্রমে যে বিশেষ ভদ্রা তুমি—তোমাকে পর্য্যন্ত একটা নেমন্তন্ন করলে না !

চল চল, আজই আমরা এখান থেকে চলে যাই। থাকুক ও ওর রোগ আর ডাক্তার নিয়ে।

হৃদয়বল্লভের প্রবেশ। পরণে তার কোট ধুতি চাদর—হাতে লাঠি

হৃদয়বল্লভ। একবার খবরটা জানতে এলাম। উনি এখন কেমন আছেন ?

জীবন। কার কথা বলছেন ?

হৃদয়বল্লভ। এখানে আর কার রোগ আছে ? কার কথা বলব ?

জীবন। কেন, আপনাদের ইলার ?

হৃদয়বল্লভ। তার আবার কি হ'ল ?

জীবন। ঐ রোগ—সংক্রামক ব্যাধি কিনা !

হৃদয়বল্লভ। ও !

জীবন। ওর আবার রোগের ধাত। এই ধরুন না কেন—ফিক্ বেদনা, বুকে, পিঠে, পায়ে ত অনবরতই shunting করে বেড়াচ্ছে।

হৃদয়বল্লভ। সাত পুরুষে জমিদার—আমার বাড়ীতে আমার নাত্নীর ঐ রোগ ! গিন্নী—

বিন্ধ্যাচলের প্রবেশ

বিন্ধ্যাচল। ওগো আঃ ! ঘরের ভেতর একটা রুগীর চিকিৎসা চলছে না ?

হৃদয়বল্লভ। ও হো হো হো ! তাও ত বটে—তাও ত বটে ! ঐ ছোক্রা —ছোকরা···কি নাম হে ছোক্রার ?

জীবন। শ্রী দত্ত'স'।

হৃদয়বল্লভ। হ্যাঁ—হ্যাঁ। একবার চোরের কথাটা—

শয়ন প্রকোষ্ঠের দিকে অগ্রসর হইতেই বিন্ধ্যাচল বাধা দেয়

বিন্ধ্যাচল। ওগো আঃ!

হৃদয়বল্লভ। ও! কেন?

বিন্ধ্যাচল। ঘরে মেয়ে জামাই রয়েছে না?

ইলা। মেয়ে-জামাই!

জীবন। হ্যাঁ—মেয়ে-জামাই।

ইলা। মেয়ে-জামাই আবার কে? ঘরে ত রয়েছে কুমু আর সমীরণবাবু।

জীবন। তারাই ত রয়েছে।

ইলা। কিন্তু, ওদের মধ্যে মেয়েই বা কে—জামাই বা কে?

হৃদয়বল্লভ। ঐ যে ভায়ার বন্ধু। সাত পুরুষের আবার নামটা ভুলে গেলাম। রাখ, রাখ, হিসেব করে নি। য, র, ল, ব, শ, ষ—

জীবন। তার পরেই শ্রীদন্ত'স'।

হৃদয়বল্লভ। হ্যাঁ, হ্যাঁ!

ইলা। জামাইটি তিনি কার?

জীবন। বিয়ে যখন করেছেন, তখন জামাই তিনি নিশ্চয়ই একজনের।

ইলা। ভাঁড়ামি রাখ—ব্যাপারটা বুঝতে দাও।

হৃদয়বল্লভ। কেন হে, তোমার বন্ধু ত বিয়ে করেছেন ঐ ডাক্তারকে?

জীবন। কখন না।

হৃদয়বল্লভ। না?

জীবন। হ্যাঁ।

বিন্ধ্যাচল। ওমা, সে কি কথা! ওরা তবে স্বামী স্ত্রী নয়? এই যে কাল বললে—

হৃদয়বল্লভ। সাত পুরুষে জমিদার—আমার বাড়ীতে অনাসৃষ্টি!

জীবন। না না না, অনাসৃষ্টি নয়—অনাসৃষ্টি নয়! বিয়ে ত একটা হ'য়েছেই—তবে—

হৃদয়বল্লভ। আমি সাতপুরুষে জমিদার, আমার বাড়ীতে—তবে?

জীবন। তবে মানে কি জানেন? তবে মানে হচ্ছে—বিয়ে ত একটা হয়েছেই তবে সেটা গন্ধর্ব্ব মতে।

হৃদয়বল্লভ। তবে যে সকালে বললে—ব্রাহ্ম মতে? বুঝলে গিন্নী—এ হ'ল ভূতুরে কাণ্ড। আমি হ'লাম সাতপুরুষে জমিদার, আমার বাড়ীতে বেহ্মদত্যি—গন্ধর্ব্ব? এই লাঠির চোটে ঐ ভূত পেত্নীকে দেশছাড়া করব না! আমি হ'লাম সাতপুরুষে জমিদার—আমার দাপটে বাঘে গরুতে এক ঘাটে জল খায়—আমি পারি নে কি?

বিন্ধ্যাচল। ওগো আঃ!

হৃদয়বল্লভ। ছেড়ে দেও গিন্নী—ছেড়ে দেও। আমি হ'লাম সাতপুরুষে জমিদার—রাগলে আমি গুরুর দোহাই মানি নে।

ইলা। কুমু তবে সমীরণ বাবুর স্ত্রী নয়?

জীবন। কখন না।

হৃদয়বল্লভ। তবে যে বললে গন্ধর্ব্ব মতে?

জীবন। সে মতে ত বটেই তবে, আমার মতে নয়।

হৃদয়বল্লভ। তোমার মতে নয় অর্থাৎ বিয়ে-টিয়ে সব মিথ্যে?

জীবন। অবিকল।

হৃদয়বল্লভ। অবিকল! আমি সাতপুরুষে জমিদার আমার বাড়ীতে এই সব যা-তা?

বিন্ধ্যাচল। ওগো আঃ!

হৃদয়বল্লভ। না না, গিন্নী ছেড়ে দেও! স্বামী স্ত্রী সেজে থাকা, ঘনঘন অসুখ আর বার্লি আর ঐ দোর এঁটে থাকা, এ সবের মানে কি?

জীবন। To quote দন্ত 'স' বলা যেতে পারে—শুদ্ধ লোকানুরঞ্জনে!

হৃদয়বল্লভ। মানে?

জীবন। মানে হ'ল তখন অবস্থাটা এমনি দাঁড়িয়েছিল—আর আপনি হ'লেন—

হৃদয়বল্লভ। সাতপুরুষে জমিদার।

জীবন। আপনার ধমকে বাঘে গরুতে এক ঘাটে জল খায়—ওরা ত আবার একজন অবলা আর একজন—

ইলা। তাই বলে এই স্বামী স্ত্রীর অভিনয়? কুমু কি ক'রে এইসব করতে পারলে?

হৃদয়বল্লভ। সাতপুরুষে জমিদার—

জীবন। কতবড় আপনার ধমক বলুন ত? যে ধমকে বাঘে গরুতে একঘাটে জল খায়—তা ওরা খাবে আর আশ্চর্য্য কি!

হৃদয়বল্লভ। বুঝলে? কিন্তু, তাই বলে আমার বাড়ীতে এইসব অনাসৃষ্টি! স্বামী-স্ত্রী সেজে থাকা!

জীবন। কখনই চলবেনা। ওদের সত্যি সত্যি স্বামী-স্ত্রী হ'য়ে যেতে হবে।

হৃদয়বল্লভ। হ্যাঁ হ্যাঁ, সাতপুরুষে জমীদার—আমি সহজে ছাড়ব ভেবেছ ?

বিন্ধ্যাচল। ওগো আঃ !

হৃদয়বল্লভ। বুঝলে গিন্নী—বুঝলে ? ও আমি আগেই জানতাম, এ একটা ষড়যন্ত্র। সব সাজান—সব সাজান। ওসব কাণাকড়ি-টড়ি ধাপ্পা।

বিন্ধ্যাচল। ওগো আঃ ! বেচারা এখন ভুগছেনা ?

হৃদয়বল্লভ। না না না, ওসব মিথ্যে—মিথ্যে—মিথ্যে।

বিন্ধ্যাচল। ওগো আঃ।

হৃদয়বল্লভ মাথার উপর লাঠি তুলিয়া ঘরময় নৃত্য করিয়া ফিরিতে
থাকে পশ্চাতে বিন্ধ্যাচল স্বামীকে বাধা দিবার
বৃথা প্রয়াস পায়

হৃদয়বল্লভ। ছেড়ে দাও—ছেড়ে দাও গিন্নী! ছেড়ে দাও—ওকে একবার দেখিয়ে দি—আমি কে !

বিন্ধ্যাচল। ওগো আঃ।

## অষ্টম দৃশ্য

পূর্ব্ব দৃষ্ট শয়ন প্রকোষ্ঠ। একখানি Invalid চেয়ারে সমীরণ শায়িত। পার্শ্বে একখানি টিপয়ের উপর ডাক্তারী যাবতীয় যন্ত্রাদি সজ্জিত। পার্শ্ববর্ত্তী একখানি চেয়ারে কুমুদ উপবিষ্টা—গলায় তাহার একটি ষ্টেথিসকোপ ঝুলিতেছে। সমীরণ ধীরে ধীরে নয়ন উন্মিলন করিয়া

সমীরণ। আমি কোথায়? আমি কোথায়?

কুমুদ। জ্ঞান হ'য়েছে দেখছি। (উচ্চৈঃস্বরে) বালি! বালি!

কুমুদের কণ্ঠে সচকিত হইয়া একলম্ফে চেয়ারে উঠিয়া বসিয়া

সমীরণ। এঁ্যা! আ-আপনি—!

কুমুদ। Your doctor.

সমীরণ আমি কি তবে আপনার চিকিৎসাধীনে?

কুমুদ। Exactly.

সমীরণ স্বস্তির নিশ্বাস ফেলিয়া

সমীরণ। আঃ! সার্থক আমার স্বপ্ন।

কুমুদ। Were you dreaming ?

সমীরণ। এইমাত্র স্বপ্নে আমি আমার চোখের সামনে আপনাকেই দেখছিলাম—

কুমুদ। চোখ খুললেও দেখতে পেতেন।···স্বপ্নটা আর কিছুই নয় একটা অনুভূতির reflection মাত্র।

## অষ্টম দৃশ্য

বেগে বার্লির বাটী হস্তে বিন্ধ্যাচলের প্রবেশ

বিন্ধ্যাচল। আমি আগেই জানতাম। এসব রোগে বার্লি চাই-ই চাই। ডাক্তারই হও আর যাই হও, রোগসেবার তুমি জান কি? আমার বোনপো…

কুমুদ। ভাবছিলাম পেটে কি গলবে?

বিন্ধ্যাচল। রোগসেবা আর আমায় শিখিওনা বৌ। আমি জানিনে কি! ঝিনুকও এনেছি।

সমীরণ উঠিবার প্রয়াস পাইয়া

সমীরণ। বার্লি! ঝিনুক! এরা বলে কি?

কুমুদ। ঘোরতর বিকার—

বিন্ধ্যাচল। আমি জানিনে আর কি বৌ? এ রোগের ঐ লক্ষণ, অনেক ঘেঁটেছি কিনা! সারাটা জীবন—

সমীরণ। আপনিও কি ক্ষেপ্‌লেন?

কুমুদ। Delirium set in করল।

বিন্ধ্যা। আমি জানিনে আর কি বৌ? এসব রোগে এইত দোষ!… নাও বাবা খেয়ে নাও—

সমীরণ। দেখুন—আপনারা একটা প্রকাণ্ড ভুল করছেন।

বিন্ধ্যাচল শুনেনা জোর করিয়া খাওয়াইবার প্রয়াস পায়

ও দিদিমা—আমার পুরুষানুক্রমে দিদিমা—শুনছেন?

বিন্ধ্যাচল। রোগী—পাগল—আর ছেলে, এদের কথা শুনলে কি

আর চলে ভাই।...নাও, লক্ষ্মী ছেলের মত ঢক্ ঢক্ করে খেয়ে ফেল।

তিনি খাওয়াইতে থাকেন

সমীরণ। এরা পাগল না ক'রে ছাড়বে না দেখছি!

কুমুদ। স্মরণ রাখবেন, দিদিমার বংশে সান্নিপাতিকের বাতিক খুব প্রবল। ওঁর ছোট বোন—ছোট ভাই, এখনও রাঁচীর পাগলা গারদে—

সমীরণ। তা ত হ'ল। বলি, আপনারও কি কেউ সেখানে আছেন?

কুমুদ। আমি ডাক্তার। symptom অনুসারে আমাদের কাজ করতে হয়।

সমীরণ। তাই বলে জল্ জ্যান্ত ভাল মানুষটিকে বার্লি খাওয়াতেও কি symptom বলছে?

কুমুদ। দেখুন, ডাক্তারী শাস্ত্রে বলে যে অনেক রোগে রোগীর ব্যারামের কোন অনুভূতিই থাকে না,—যেমন উন্মাদ রোগ। তারা কখন স্বীকার করতে চায়না যে তারা অসুস্থ। প্রতিনিয়ত তারা কেবল প্রমাণ করতে সচেষ্ট হয় যে তারা সুস্থ—সবল এবং নীরোগ।

বিন্ধ্যাচল। ওমা! ভুলে গেছি—আমি যে উনুনে দুধ চাপিয়ে এসেছি।

প্রস্থান

সমীরণ। অনুভূতি আমার পূর্ণমাত্রায় আছে—অভাব যা আপনার সহানুভূতির।

কুমুদ। তবে আপনি নীরোগ—এই কথাই বলতে চান? তা হ'লে—

উঠিয়া জিনিষপত্র গুছাইবার চেষ্টা পায়

সমীরণ। কোথায় যান? না না, আপনাকে যে আমার বিশেষ প্রয়োজন!

কুমুদ। (ঘুরিয়া চাহিয়া) রোগ নেই অথচ ডাক্তারের প্রয়োজন!

সমীরণ। না না, রোগত একটা আছেই,—তবে ঐ বার্লিটা—

কুমুদ। রোগ এবং ডাক্তার থাকলেই—বার্লিরও প্রয়োজন হবেই।...

সমীরণ। তবে হ'ক।

সে চেয়ারে এলাইয়া পড়ে।

কুমুদ বসিয়া—

কুমুদ। হাতখানা একবার দেখি?

হাত টানিয়া লইয়া পাল্‌স দেখিতে দেখিতে

একটু malarial complication আছে—

সমীরণ। তাহ'লে, Quinineও ব্যবস্থা করতে চান নাকি?

কুমুদ। এখনও sure নই—তবে প্রয়োজন হ'লে দিতে হবে। তৎপূর্ব্বে consultation প্রয়োজন—

সমীরণ। সর্ব্বনাশ! সে কি ঐ মহিলানুক্রমে রাঁচীবাসিনীর সঙ্গে?

কুমুদ। No. Medical jurisprudence এর সঙ্গে।

এক দৃষ্টে তাহার মুখের দিকে চাহিয়া থাকিয়া

হুম্‌!

কুমুদ। ( গম্ভীর ভাবে ) We'll have a thorough examination. What are your symptoms ?

সমীরণ। ( মহা-উৎসাহে উঠিয়া বসিয়া ) এক নম্বর—আমার—আমার—আমার মনে হয় কি জানেন ?

কুমুদ। Yes—yes—go on.

সমীরণ। সমস্ত জগৎটা আমার চক্ষে স্বপ্নের মত প্রতিভাত হয়। আমরা যেন কোন স্বপ্ন রাজ্যে বাস করছি—

কুমুদ। আমরা ?

সমীরণ। না না,—আমি।

কুমুদ। Go on !

সমীরণ। আকাশে বাতাসে চারদিকে যেন আনন্দের হাট বসে গেছে। সেই আনন্দ সাগর মন্থন করে—আনন্দ স্রোতে ভেসে চলেছে দুটি জীব—

কুমুদ। দুটি জীব ?

সমীরণ। ( অসহ্য উত্তাপে ) Don't interrupt me please ! আমি আর বলব না যান।

কুমুদ। আপনিই ঠকবেন।

সমীরণ। না না,—বলছি।···

এক দৃষ্টে ক্ষণকাল সর্ব্বাঙ্গ লক্ষ্য করিয়া

you look so charming with your—

কুমুদ। What ?

সমীরণ। Simply marvellous—

কুমুদ। Irrelevance! Delirium set in করলে!

সমীরণ। দেখুন, আমি রোগী—আমার যা খুসী বলব।

কুমুদ। As a doctor—I can't allow that.

সমীরণ। মানে আমি বলতে চাই যে আপনাকে আমি কত কষ্টই না দিলাম! এ রোগটা যদি না হ'ত—

কুমুদ। আমাকেও attend ক'রতে হ'তনা।

সমীরণ। না না, রোগটা ত হ'তই এবং আছে,—আমি বলতে চাই যে, কত কষ্টই না আপনার হচ্ছে!

কুমুদ। I am used to it. Hospitalএ আমি ষোল ঘণ্টা পর্য্যন্ত duty দিয়েছি।

সমীরণ। কি নিষ্ঠুর! কি নিষ্ঠুর তারা! উঃ!

কুমুদ। ওকি! আপনার চোখ ছল ছল করছে—ঠোঁট নড়ছে—সর্ব্বাঙ্গ কাঁপছে—

সমীরণ। উঃ! উঃ!

কুমুদ। হাত দেখি—হাত দেখি? না না ডান হাতখানা—পাল্‌স দেখতে চাই।

পাল্‌স পরীক্ষা করিয়া

অদ্ভুত! Pulse indicate ক'রছে একশ দশ, অথচ temperature নেই। মাথাঘোরা আছে?

সমীরণ। ভয়ানক।

কুমুদ। কান বোঁ বোঁ ?

সমীরণ। হুঁ, যেন বসন্তের প্রস্ফুটিত ফুল কুড়িকে বেষ্টন করে অধীর ভ্রমর গুঞ্জন করে ফিরছে।

কুমুদ। চোখে ঝাপসা দেখেন ?

সমীরণ। হুঁ! আমার সমস্ত মানস দৃষ্টিকে আচ্ছন্ন করে আছে এক স্বপ্ন কুহেলী। মন-জ্যোছনার আলোক পাতে প্রস্ফুটিত অসংখ্য অগণিত কুমুদ—

কুমুদ। কুমুদ ?

সমীরণ। হ্যাঁ, কুমুদ কুমুদ—অসংখ্য অগণিত, আমার চিত্ত সরোবরে মলয়স্পর্শে হেলছে, দুলছে, খেলছে। সেই কুমুদ লাবণ্যলুব্ধ আমার নয়নভৃঙ্গ নিয়ত পুলক নৃত্যে তাকে আবেষ্টন করে ফিরছে।

কুমুদ। Now, your heart please ? খুলে ফেলুন—খুলে ফেলুন ?

ষ্টেথিসকোপ কানে লাগাইতে লাগাইতে

সমীরণ। খুলেই ত আমি বলছি ?

কুমুদ। বললে হবেনা, পরীক্ষা করে দেখতে হবে। I mean বুকের জামাটা খুলে ফেলুন !

সমীরণ। না, না—জামা—

কুমুদ। আপত্তি কি ?

সমীরণ। মানে ladyর সামনে bare body—

কুমুদ। আমি ডাক্তার।

সমীরণ। ডাক্তার কি lady নয় ?

কুমুদ। None of your silly talk! দেখুন, আমার অভিজ্ঞতা এই যে, অনেক সময় পুরুষেরা বুক দেখাতে আপত্তি করে এইজন্যে, যে হয় তাদের গেঞ্জিটা সাধারণতঃ থাকে নেহাৎ ময়লা নয় শতছিন্ন।

সমীরণ। আমি এই আসবার আগে half a dozen নতুন গেঞ্জি কিনে এনেছি।

কুমুদ। I am not interested in your laundry list. What I want is your heart.

সমীরণ। কিন্তু, সেইখানেই যে সব গোলমাল হ'য়ে আছে।

কুমুদ। Complications in the heart? তবে ত দেখছি serious—

সমীরণ। অত্যন্ত।

কুমুদ। কতদিন থেকে আপনি এই গোলমালটা লক্ষ্য কর্ছেন?

সমীরণ আজ কি বার?

কুমুদ। রবিবার।

সমীরণ। কটা?

কুমুদ। Funny! নটা।

সমীরণ। শুক্রবার রাত্রি ঠিক ঐ সময় থেকে—

কুমুদ। অর্থাৎ আমার সঙ্গে সাক্ষাৎ হবার পরমুহূর্ত্ত থেকে?

সমীরণ। An odd coincidence!

কুমুদ। হুঁম্! প্রথমটা কি হ'ল?

সমীরণ। বুকের স্পন্দন মুহূর্ত্তে স্তব্ধ হ'য়ে গেল।

কুমুদ। Silly! হ'তে পারে না।…

সমীরণ। Honour bright !

কুমুদ। আপনার অবগতির জন্যে বোধকরি এইটুকু বল্লেই যথেষ্ট হবে যে, হৃদযন্ত্রের ক্রিয়া স্তব্ধ হবার পর, মানুষে আর এ লোকে থাকে না, যায় পরলোকে। তারপর ?

সমীরণ। তারপর—তারপর বুকের অন্তস্থলে সেই থেকে কি যে প্রবল কম্পন অনুভব করছি ! মনে হয়, পৃথীবিতে এতটুকু হাওয়া নেই আলো নেই···নিশ্বাস যেন বন্ধ হ'য়ে আসে···কখন যেন heart fail করবে !

কুমুদ। হুঁম্ ! অজীর্ণতা।

সমীরণ। What ?

কুমুদ। অজীর্ণতা। পেটের বায়ু ঊর্দ্ধমুখী হ'লেই···heartএ palpitation set in করে। Go on !

সমীরণ। হাত পা সব কাঁপে—মাথা ধরে—চোখের সামনে যেন সরষে ফুল দেখি—

কুমুদ। Weakness. ঘুম কি রকম হয় ?

সমীরণ। মোটেই না। মনে হয় সারারাত যেন কণ্টক শয্যায় শুয়ে আছি। ভোরের জগৎ যখন কাকের কাকলীতে জেগে ওঠে—আমি উঠে গালে হাত দিয়ে ভাবি কত কথা ! ভাবি—কেমন ক'রে আমরা বাঁধব ঘর—কেমন ক'রে—

কুমুদ। Oh shut up !

সমীরণ হঠাৎ চম্‌কাইয়া উঠিয়া থামিয়া যায়—
কুমুদ তাহার মুখ ভাবে হাসিয়া উঠে।

কুমুদ। ছেলেবেলায় কোন রকম রোগে ভুগেছিলেন?

সমীরণ। মোটেই না। ছেলেবেলায় সকলে আমায় বৃকোদর বলে ডাকত। কারণ, আমার দেহে যেমন ছিল ভীমের মত শক্তি, তেমনি উদরে ছিল প্রচণ্ড খাদ্যাসক্তি।

কুমুদ। হাম?

সমীরণ। না।

কুমুদ। গাল ফোলা?

সমীরণ। না।

কুমুদ। দুধ তোলা?

সমীরণ। না—না—না। এই সব অবান্তর প্রশ্ন—

কুমুদ। কিন্তু medical standpoint থেকে এ যে কতবড় প্রয়োজনীয়—

সমীরণ। Damn your standpoint!

কুমুদ। বিকারের ঘোরতর লক্ষণ দেখা যাচ্ছে। আবার কি বার্লির ব্যবস্থা করতে হবে?

সমীরণ। না না, আপনি যত খুসী পরীক্ষা করুন।

সে চেয়ারে এলাইয়া পড়ে কুমুদ ষ্টেথিসকোপ বুকে
লাগাইয়া পরীক্ষা করিতে থাকে

কুমুদ। হুঁম্! Chronic case অর্থাৎ পুরোনো রোগ—চিকিৎসাভাবে জটীল হ'য়ে দাঁড়িয়েছে।

পরীক্ষা চলিতে থাকে

কুমুদ। একবার পাশ ফিরুন ত ?

সমীরণ চম্‌কাইয়া তাহার মুখের দিকে চাহে

একবার পিঠটা পরীক্ষা করতে হবে।...

সমীরণ। বুক পিঠ—এ সবের অর্থ কি ?...আমার রোগ যেখানে, সেখানে সে দিব্য আরামে শিকড় গেড়ে বসে আছে—আর আপনি কেবল আমার দেহটাকে নিয়ে—

কুমুদ। শুনেছি, আত্মার সদ্‌গতি করেন পুরোহিতেরা। ডাক্তারের যা কিছু কাজ ঐ নশ্বর দেহটাকে নিয়েই যে সমীরণবাবু!

উঠিয়া ঘরময় পদচারণ করিয়া

সমীরণ। দেহ—দেহ—দেহ ! আমার সমস্ত অন্তরাত্মা—

কুমুদ। Oh shut up !

সমীরণ। স্মরণ রাখবেন, আমি আপনার class-এর ছাত্র নই—আর তার নিয়ম কানুনও আমার জন্যে নয়। আমার যা খুসী আমি বলব।

কুমুদ। আমারও ধৈর্য্যের সীমা আছে জানবেন।

সমীরণ। সে আছেও জানি এবং আপনাকে শুনতেও হবে সত্যি ;

সে তাহার সম্মুখে উত্তেজিত ভাবে আসিয়া দাঁড়ায়

কুমুদ। জোর করে ?

সমীরণ। হ্যাঁ, জোর করে।

কুমুদ শশব্যস্তে Hypoderm:c Syringe তুলিয়া লয়
এবং তুলা দিয়া পরিষ্কার করিতে থাকে

( সভয়ে ) ওটা কি হবে ?

কুমুদ। উত্তেজনা প্রশমক একটা morphia injection দেওয়া প্রয়োজন। কত? বোধকরি 2 centimeter দিলেই হবে—কি বলেন ?

দরজা ঠেলিয়া হৃদয় বলিতে বলিতে প্রবেশ করে

হৃদয়বল্লভ। ওহে—

সমীরণ ত্বরিতে চেয়ারে চক্ষু বুজিয়া শুইয়া পড়ে

বেরোও—এ সব আমার বাড়ীতে চলবেনা। বউ, বার্লি, চোর,

সমীরণ হুলিয়া উঠিয়া

সমীরণ। চোর! চোর! চোর! আপনি চোর, গিন্নী চোর—এ বাড়ীর সবাই চোর।

হৃদয়বল্লভ। (নৃত্য করিয়া) কি! যত বড় মুখ নয় ততবড় কথা! আমি হ'লাম সাতপুরুষে জমিদার—

বেগে বিন্ধ্যের প্রবেশ

বিন্ধ্যাচল। ওগো আঃ! দেখছ না বিকারের ঘোরে প্রলাপ বকছে!

হৃদয়বল্লভ। ও! তা হ'লে ত ভারী খারাপ ব্যামো?

কুমুদ। শুধু খারাপ নয় সংক্রামকও বটে।

হৃদয়বল্লভ। এ্যাঁ! ও গিন্নী! ডাক্তার বলে কি?

বিন্ধ্যাচল। ওগো! আঃ—

কুমুদ। এ রোগ প্রথমতঃ হয় স্ত্রীর—তার পর স্বামীর—তার পর যে বাড়ীতে থাকে সেই বাড়ীর কর্ত্তার।

হৃদয়বল্লভ। তবে কি হবে গিন্নী?

কুমুদ। আর কেবল ঘন ঘন বার্লি! কি বলেন? (বিন্ধ্যের প্রতি)

বিন্ধ্যাচল। জানিনে আর কি বৌ!

হৃদয়বল্লভ। সাতপুরুষে জমিদার—আমি খাব বার্লি?·· ওসব প্যাঁচ্ চলবেনা ডাক্তার—ওসব প্যাঁচ্ চলবেনা—

বিন্ধ্যাচল। ওগো! আঃ—

স্বামীকে টানিয়া লইয়া প্রস্থান

কুমুদ নিজের যন্ত্রাদি গুছাইয়া তুলিতে তুলিতে

কুমুদ। I have finished with my examination.

সমীরণ। (অতিমাত্র বিস্ময়ে) এর মধ্যেই হ'য়ে গেল?

কুমুদ। আপনার ঠিকানাটা?

আশান্বিত উজ্জ্বল দৃষ্টিতে অগ্রসর হইয়া

সমীরণ। ঠিকানা?···ঠিকানা?

কুমুদ। হ্যাঁ—হ্যাঁ—ঠিকানা।

সমীরণ। How wonderul!

কুমুদ। What?

সমীরণ। না না, I mean চিঠি। তা হ'লে সত্যি লিখবেন?

সে নিরুদ্ধ নিশ্বাসে ঝুঁকিয়া পড়িয়া প্রত্যুত্তরের
অপেক্ষা করিতে থাকে

কুমুদ। No.

সমীরণ। What?

কুমুদ। চিঠি লিখব না,—তবে আমার বিলটা কোন ঠিকানায় পাঠাব—তাই শুধু জানতে চাই।

সমীরণ। অসহ্য! অসহ্য! অসহ্য!

পরে তাহার সম্মুখীন হইয়া

আপনি কি! আপনি কি! আপনি কি! আপনি কি ভুলেও একবার ভাবতে চাননা যে, জগৎটা শুদ্ধ আপনার ঐ চিকিৎসা শাস্ত্র আর ধনবিজ্ঞানের ইঙ্গিতেই চলেনা।

তার গলা কাঁপিতে থাকে—চক্ষু হয় উচ্ছলিত

মানুষ অনুভূতি ছাড়া বাঁচতে পারেনা। আপনি চান আপনার নারীর সত্বাকে অস্বীকার করতে—আপনার স্বাভাবিক প্রবৃত্তিকে ঐ বাহ্যাড়ম্বর দিয়ে ঢাকতে।

জীবনের প্রবেশ

জীবন। এই যে দুজনেই আছ। বেশ, ভালই হ'ল। একটা কথা বলব?

কুমুদ। বলুন—বলুন !

জীবন। বলছিলাম—

কুমুদ। বলে ফেলুন নির্ভয়ে—আমরাও প্রস্তুত।

জীবন। ভাই—

সমীরণ। ভণিতার প্রয়োজন কি—বলে ফেল !

জীবন। ভাই, বুড়ো যে রকম রেগেছে, তাতে—

সমীরণ। কি—কি—কি ?

জীবন। তোমাদের অবিবাহিত জীবনকে আর বিবাহিত জীবন বলে চালান চলছে না।

সমীরণ। Idiot ! কেন ?

জীবন। Idiotই বল আর যাই বল, বুড়ো জানতে পেরেছে যে তোমাদের এ সমস্ত অভিনয়। ইলা ত একেবারে জিনিষপত্র বাঁধা-ছাঁদা সুরু করেছে। বোধ করি, next trainএ—

সমীরণ। কিন্তু, জানতে পারলে কি ক'রে ?

জীবন। সে আর বল কেন ভাই। যে রকম দুজনে মারমুখী হ'য়ে উঠল—মিথ্যে, মিথ্যে, মিথ্যে—শেষে সব মিথ্যের সংমিশ্রণে এমন এক সত্য প্রকট হ'য়ে উঠল—

সমীরণ। অর্থাৎ অসাবধান মুহূর্ত্তে তোমার মুখ থেকে বেরিয়ে পড়ল ?

জীবন। Precisely ! সেই থেকে বুড়ো প্রতিজ্ঞা করেছে, তোমাদের দুজনের বিয়ে না দিয়ে আর ছাড়ছে না।

সমীরণ। তবে ?

সে করুণ দৃষ্টিতে চাহে কুমুদের দিকে

জীবন। তাইত বলছিলাম, একটা কিছু কর। আমি আসছি ভাই।

প্রস্থান

সেইক্ষণে দেখা যায় কুমুদ টেবিলের কাছে কি
করিতেছে। হাতে তার থারমোমিটার

সমীরণ। ( সভয়ে ) ওটা কি ?

কুমুদ। Thermometer।

সমীরণ। কি হবে ?

কুমুদ। একবার temperatureটা নিলাম।

সমীরণ। কার ?

কুমুদ। আমার নিজের।

সমীরণ। আপনি কি অসুস্থ বোধ করছেন ? ওকি ! আপনার চোখ দুটো রক্তজবার মত লাল হ'য়েছে—চোখের কোণে জল গড়িয়ে পড়ছে—চোখের পাতা থেকে পায়ের আঙ্গুল পর্য্যন্ত দুলছে এক অসহ্য কম্পনে—

Thermometer রাখিয়া

কুমুদ। দেহের উত্তাপ ১০৬। ( পাল্‌স দেখিয়া ) নাড়ীর গতি ১১০।

সমীরণ। আর—আর আপনার সেই vasomotor ?

কুমুদ। একেবারে বিকল।

সমীরণ। Symptoms ?

কুমুদ। উৎকট প্রেমের—

সমীরণ। তবে কি ?—

কুমুদ। প্রেমে পড়েছি—

সমীরণ। কার ?

কুমুদ। তোমার।

সমীরণ। সত্যি ?…

সে হাসিয়া তাহাকে বক্ষে ধারণ করে।

কুমুদ। হ্যাঁ।

সমীরণ। আঃ !

দ্বারে করাঘাত হয়

Come in.

জীবনের প্রবেশ

জীবন। এই যে ভাই—আবার এলাম। ভাই, যে কথাটা বলে গেলাম সেটা ভাবলে ?

সমীরণ। কি ?

জীবন। ওই—মানে বিয়ে। বুঝলে—

সমীরণ। সে ত একটা হবেই এবং—

জীবন। হবে ? সত্যি ?

সমীরণ। হ্যাঁ—হ্যাঁ।

জীবন। ( কুমুদের প্রতি ) আপনার আপত্তি নেই ত ?

কুমুদ। ( হাসিয়া ) না।

জীবন। Good God ! তাহ'লে—

পকেট হইতে সে বাহির করে একটি কৌটা

সমীরণ। ওটা কি হে?

জীবন। কৌটো।

সমীরণ। সে ত দেখছি—ওটা কি হবে?

জীবন। মানে—এতে আছে সিঁদূর।

সমীরণ। সিঁদূর? সিঁদূর কি হবে হে?

জীবন। ওঁর মাথায় যদি একটু দিয়ে দাও—

সমীরণ। Silly! বিয়ে না হ'লে সিঁদূর মাথায় দেওয়া চলতে পারে না।

জীবন। নইলে যে আমি এদিকে যাই—

সমীরণ। কেন?

জীবন। ইলা যে রকম ক্ষেপেছে—তাতে সে আমাকে Divorce না ক'রে আর ছাড়ছে না।

কুমুদ। সেদিন যে বলছিলেন—

জীবন। Divorce হ'লে ত ভালই হয়—কিন্তু, Hindu lawতে যে Divorce নেই।

হৃদয়বল্লভ। (নেপথ্যে) ছেড়ে দাও গিন্নী! ছেড়ে দাও! আমার বাড়ীতে অনাসৃষ্টি!

জীবন। ঐ রে গর্জ্জন সুরু হ'য়েছে। তবে—

সমীরণ। (কুমুদের প্রতি) যদি কিছু না বল—একটু দিয়ে দেব কি?

কুমুদ। (হাসিয়া) কি আর করি। জীবনবাবুর Divorce হয়, সে ত কোনোমতে হতে দিতে পারিনে।

সমীরণ কপালে ও সিঁথিতে সিঁদূর পরাইয়া দেয়

হৃদয়বল্লভ। ( নেপথ্যে ) ও হে—

সমীরণ। Come in.

হৃদয়বল্লভের প্রবেশ

হৃদয়বল্লভ। এই যে! বেরোও—বেরোও আমার বাড়ী থেকে! সাতপুরুষে জমিদার—আমার বাড়ীতে অনাসৃষ্টি? রোগ, বিয়ে বউ, দরজাবন্ধ, এসব আমার বাড়ীতে চলবে না।

বিন্ধ্যের প্রবেশ

বিন্ধ্যাচল। ওগো আঃ!

হৃদয়বল্লভ। ও! তা—আচ্ছা,—আমি এর ব্যবস্থা করছি।

প্রস্থান

বিন্ধ্যাচল। ওমা! এ কি, কখন পরলে? দেখদিকি মা লক্ষ্মীকে কেমন মানিয়েছে!

ইলার প্রবেশ

ইলা। এ সবের অর্থ কি কুমু?

কুমুদ। কিসের?

ইলা। বউ, রোগ, লুকোচুরি—

কুমুদ। A bit of fun.

বিন্ধ্যাচল। কি?

কুমুদ। We are engaged.

ইলা। মানে?

সমীরণ। মানে আমরা বাগদত্ত' অর্থাৎ বিবাহের পূর্ব্বাবস্থায়—

বিন্ধ্যাচল। ও মা! তাই নাকি? তা বেশ—তা বেশ! আমি আসি মা, দেখি…

প্রস্থান

ইলা। এটা ত আমি জানতাম না! এত বড় খবরটা আমায় দিস্‌নি?

কুমুদ। সেই খবরটা দেব বলেই ত এখানে আবার এলাম।

ইলা। ওরা বলে বউ, আমি ভাবি এত বড় খবরটা আমায় জানালে না কেন?

সমীরণ। খবরটা যে এর পূর্ব্বে আমরাই জানতাম না।

বিন্ধ্যের প্রবেশ

বিন্ধ্যাচল। এস—এস মা-লক্ষ্মী! মেয়েদের খবর পাঠিয়েছি—তারা এল বলে। বংশীর মাকে পাঠিয়েছি—ওরা এখুনি এসে পড়বে। আজ কি আর মিষ্টি মুখ না করিয়ে ছাড়ি।

কুমুদ। ওঁর রোগটা যে জটীল—বার্লি ছাড়া আর কি কিছু পেটে গলবে?

বিন্ধ্যাচল। ডাক্তারের চিকিৎসায় রোগ কি আর আছে? না না না, আজ আর কোন কথা নয়।

বংশীর মার সহিত সকলের প্রবেশ। বংশীর মার হাতে ধান দুর্ব্বা, কাহারও হাতে বরণ ডালা, চেলী, বেনারসী প্রভৃতি।

উনি কোথায় গেলেন বংশীর মা?

হৃদয়বল্লভ ও ইনসপেক্টারের প্রবেশ

হৃদয়বল্লভ। এই যে—এই যে! ইনস্‌পেক্টার, চোর ধরা পড়েছে। এই দুইজন—এই দুইজন—

বিন্ধ্যাচল। ওগো আঃ।

হৃদয়বল্লভ। ও! তা এ সব ?

বিন্ধ্যাচল। ওঁরা যে বাগদত্ত। ওঁদের যে আশীর্ব্বাদ করতে হবে। এস, এস, এই নাও ধান দুর্ব্বা।...

হৃদয়বল্লভ। ও! তাই বল—আমি ভাবি—

উভয়ে আশীর্ব্বাদ করে

হৃদয়বল্লভ। তা বেশ করেছ হে ছোকরা! ডাক্তার-বৌ—আহার ঔষধ দুইই চলবে। সাতপুরুষে জমিদার যে, নইলে বুড়ো কালে ও-রকম ব্যবস্থা হ'লে মন্দ হ'ত না।

বিন্ধ্যাচল। ওগো আঃ!

গান

হৃদয়ের বনে পুষ্প ধনু সে কী খেলা খেলিছে হায়!
যুগে যুগে তাই প্রেমিকের হিয়া প্রেমিকারে শুধু চায়।
কাঁদিছে চাতকী শ্যামল মেয়ের লাগি
বিভোল চকোরী হেরিয়া চাঁদের আঁখি।
তোমার আমার প্রণয়ের পথে ফোটে ফুল নিরালায়
মনের ভ্রমর ছাড়েনা সহজে মন ফুলে যদি পায়
আঁধারের কূলে বিধাতা পুরুষ জ্বালি সৃজনের আলো
সৃজিল পুরুষে তারপর নারী বাসিতে পুরুষ ভালো
প্রজাপতি রীতি কেহ না বুঝিতে পারে
তাইতো অতনু ধরে তনু বারে বারে
তুমি আর আমি স্বপন কাননে মনের গোপন ছায়
মন দিয়ে যদি মন নিতে পারি কার কি আসিয়া যায়।

যবনিকা

— রঙমহল —

প্রথম অভিনয়—বুধবার—৫ই জুলাই, ১৯৩৯

# সংগঠনকারিগণ

| | |
|---|---|
| পরিচালক | সিটি এনটারটেনার্স |
| প্রযোজক | শ্রীপ্রভাত সিংহ |
| পরিচালনা | „ দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় |
| সঙ্গীত-রচনা | „ শৈলেন রায় ও তুলসী লাহিড়ী |
| সুরশিল্পী | „ তুলসী লাহিড়ী |
| নৃত্যশিল্পী | „ ব্রজবল্লভ পাল |
| মঞ্চশিল্পী | „ মণীন্দ্রনাথ দাস ( নান্টুবাবু ) |
| মঞ্চাধ্যক্ষ | „ অমূল্যচরণ মুখোপাধ্যায় |
| | „ বিশ্বেশ্বর দাশগুপ্ত |
| স্মারক | „ মণিমোহন চট্টোপাধ্যায় |
| | „ অধীরকুমার ঘোষ |
| হারমনিয়াম বাদক | „ হরিদাস মুখোপাধ্যায় |
| পিয়ানো „ | „ সুধীরচন্দ্র দাস ( ভণ্ডুল ) |
| সঙ্গত „ | „ পূর্ণচন্দ্র দাস |
| ক্লারিওনেট বাদক | „ শরদিন্দু ঘোষ ( ত্রিগুণ ) |
| ট্রাম্পেট „ | „ বৃন্দাবন দে |
| সেলো „ | „ ক্ষীরোদ গাঙ্গুলী |
| বেহালা „ | „ কালী সরকার |

| | |
|---|---|
| আলোকসম্পাতকারিগণ | „ খগেন্দ্রনাথ দে<br>„ সুশীলকুমার দে<br>„ শচীন্দ্রনাথ ভৌমিক |
| রূপসজ্জাকর | „ রাখালচন্দ্র পাল<br>„ সন্তোষকুমার দাস<br>„ সুশীলকুমার বন্দ্যোপাধ্যায়<br>„ যতীন দাস |
| নেপথ্য-সঙ্গীত | „ রঙমহল যন্ত্রী সঙ্ঘ |

# পরিচয়-লিপি

## পুরুষ

| | | |
|---|---|---|
| সমীরণ | বিলাত ফেরত এ্যাকাউণ্টেণ্ট | শ্রীভূমেন রায় |
| জীবন | ঐ ধনী বন্ধু | শ্রীতারাকুমার ভট্টাচার্য্য |
| হৃদয়বল্লভ | জীবনের দাদাশ্বশুর | শ্রীমনোরঞ্জন ভট্টাচার্য্য |
| ইনস্‌পেক্টর | | শ্রীআশু বসু ( এ্যাঃ ) |
| কাণাকড়ি বৈরাগী | গাঁটকাটা | শ্রীচৈতন রায় |
| গাড়োয়ান | | শ্রীসিতাংশু বসু |
| কনেষ্টবল | | শ্রীতিনকড়ি চট্টোপাধ্যায় |
| চাকর | | শ্রীশৈলেন রায় |

## স্ত্রী

| | | |
|---|---|---|
| ডক্টর মিস্ কুমুদ | তরুণী মহিলা ডাক্তার | শ্রীমতী শান্তি গুপ্তা |
| বিন্ধ্যাচলবাসিনী | হৃদয়বল্লভের স্ত্রী | শ্রীমতী বেলারাণী |
| ইলা | জীবনের স্ত্রী | শ্রীমতী উষা দেবী |
| বংশীর মা | বামুন ঠাকুরাণী | শ্রীমতী গিরিবালা |

সঙ্গিনীগণ ঃ—শ্রীমতী ফিরোজাবালা, শ্রীমতী আঙ্গুরবালা, শ্রীমতী কিশোরীবালা, শ্রীমতী ঝর্ণা দে, শ্রীমতী রেণুবালা, শ্রীমতী রাণীবালা, শ্রীমতী প্রভাবতী, শ্রীমতী শিবানী, শ্রীমতী রেখা, শ্রীমতী বাণী, শ্রীমতী আশা, শ্রীমতী দেবী প্রভৃতি—

অয়স্কান্ত বক্সী প্রণীত

আর একখানি নাটক

# —অভিসারিকা—

( ষ্টার রঙ্গমঞ্চে ও সবাক্ চিত্রে অভিনীত )

প্রকাশক—বরেন্দ্র লাইব্রেরী, কলিকাতা